পত্রাঙ্ক	প্রদানের তারিখ	গ্রহণের তারিখ	পত্রাঙ্ক	প্র… তা…

হ্যাম্‌লেট্।

অর্থাৎ

মহাকবি সেক্‌স্‌পিয়র কৃত সুপ্রসিদ্ধ কাব্যের বঙ্গানুবাদ।

শ্রীচণ্ডীপ্রসাদ ঘোষ কৃত।

PUBLISHED BY THE POOR'S LIBRARY.
No. 64, COLLEGE STREET, CALCUTTA.

1894.

নাট্যোল্লিখিত ব্যক্তিগণ।

পুরুষ।

ক্লডিয়াস্ (Claudius) ডেন্‌মার্কের রাজা।

হ্যাম্‌লেট্ (Hamlet) ডেন্‌মার্কের ভূতপূর্ব্ব নরপতির পুত্র ও বর্ত্তমান রাজার ভ্রাতুষ্পুত্র।

হোরেসিও (Horatio) হ্যামলেটের বন্ধু।

পলোনিয়াস্ (Polonius) প্রধান সচিব।

লেয়ার্টিস্ (Leartes) ঐ পুত্র।

ভল্টিমাণ্ড্ (Voltimand)
কর্ণিলিয়াস্ (Cornelius)
রোজেনক্রান্‌জ্ (Rosencrantz)
গিল্ডনষ্টারণ্ (Guildenstern)
অস্‌রিক্ (Osric) — সভাসদ্‌গণ।

জনৈক ভদ্র লোক।

পুরোহিত।

মার্সিলা (Marcellus)
বার্ণার্ডো (Bernardo) — সৈনিকদ্বয়।

ফ্রানসিস্‌কো (Francisco) জনৈক সেনা।

রেণাল্ডো (Reynaldo) পলোনিয়াসের ভৃত্য।

জনৈক সৈন্যাধ্যক্ষ।

ইংরাজ রাজদূত।

ভূত হ্যাম্‌লেটের পিতার প্রেতাত্মা।

ফারটিন্‌ব্রাস্ (Fortinbras) নরওয়ের রাজপুত্র।

ভৃত্যগণ, সমাধি খননকারিগণ ইত্যাদি।

স্ত্রী।

জারট্রুড্ (Gertrude) ডেন্‌মার্কের রাণী ও হ্যাম্‌লেটের মাতা।

অফেলিয়া (Ophelia) পলোনিয়াসের কন্যা।

সংযোগস্থল——ডেন্‌মার্ক।

হ্যাম্লেট।

প্রথম অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

এল্সিনোর—দুর্গসমীপস্থ পথ।

ফ্র্যান্‌কিস্‌কো চৌকি দিতেছে।

বারনার্ডোর প্রবেশ।

বার্। কে আস এখানে?

ফ্র্যান্। দাও প্রত্যুত্তর মোরে কে তুমি ওখানে?

বার্। দীর্ঘায়ু হউন ডেন্‌মার্ক-অধিপতি।

ফ্র্যান্। বার্‌নার্ডো?

বার্। আমিই সেই।

ফ্র্যান্। আসিয়াছ যথাকালে প্রহরা করিতে।

বার্। দ্বিপ্রহর হ'য়েছে অতীত,
যাও গৃহে করিতে বিশ্রাম।

ফ্র্যান্। ধন্যবাদ বার্‌নার্ডো তোমায়
শীতে বড় আ[illegible] শরীর।

বার্। ভাল, যাও করগে বিশ্রাম।
হোরেসিও মার্সিলাস্ সনে
যদি হয় পথে দেখা,
ব'ল তবে হইতে সত্বর।

(হোরেসিও ও মার্সিলাসের প্রবেশ

ফ্রান্। পদ-শব্দ শুনি যেন দূরে ;
বোধ হয় আগত তাহারা ;
কে তোমরা দেহ পরিচয় ?

হোরে। এ রাজ্যের বান্ধব আমরা।

মার্সি। ডেন্ সহ সম্বন্ধে গঠিত।

ফ্রান্। হইনু বিদায়,
মঙ্গলে রজনী যেন যায়।

মার্সি। এস, সুধীর সৈনিক,
তব স্থানে কোন্ জন হ'ল নিয়োজিত ?

ফ্রান্। বার্নার্ডো আমার স্থানে,
বিদায়—বিদায়। (প্রস্থান)।

মার্সি। বার্নার্ডো !

বার্। বল কিবা অভিপ্রায় ?
একি, হোরেসিও হেথা ?

হোরে। তারি এক অংশ বটে।

বার্। ভাল হ'ল,

অন্তরের সহ, হোরেসিও মার্সিলাসে করি আবাহন

হোরে। আজিও কি হ'য়েছিল তাঁর আবির্ভাব ?

বার। এখনও কিছুই আমি হেরি নি নয়নে।

মার্সি। বন্ধু হোরেসিও

কহে ইহা আতঙ্ক কেবল,

কোনরূপে প্রত্যয় না মানে।

তাই আজ এনেছি এখানে,

করাইতে সেই দৃশ্য প্রত্যক্ষ ইহায়;

সন্দেহ মিটিবে,

অবিশ্বাস না রহিবে আর।

হোরে। উন্মাদ-প্রলাপ !

কভু আবির্ভাব নাহি হবে তার।

তিষ্ঠ ক্ষণকাল,

কর কর্ণপাত পূর্ব্বের ঘটনা,

বিগত যামিনীদ্বয়ে হেরেছি যে সব

প্রত্যক্ষ, তাহাই আমি করিব বর্ণনা।

হোরে। ভাল, মোরা হইনু নীরব,

প্রত্যক্ষ যা হেরেছ নয়নে

কহ তার বিশেষ বিস্তারি'।

বার গত নিশি যোগে—

অই যে নক্ষত্র সব হেরিছ নয়নে,

আজিকার মত উজলি' পশ্চিমাকাশ

ছিল দীপ্তিমান,—

মার্সিলাস্‌ ও আমি

সতর্কে প্রহরা কার্য্যে আছিনু নিরত,

ঘটিকায় একটা বাজিল।

মার্সি। চুপ্ চুপ্—
ঐ দেখ কোথা হ'তে আসে!

(ভূতের প্রবেশ)।

বার্। সেই সে আকৃতি,
এ রাজ্যের মৃত অধিপতি!

মার। সুবিদ্বান হোরেসিও তুমি,
কর প্রশ্ন এর সনে।

বার্। (হোরেসিওর প্রতি)
ভাল করে কর নিরীক্ষণ;
নহে একি রাজার গঠন?

হোরে। তাই—তাই বটে;—
সভয়ে বিস্ময়ে আমি হয়েছি স্তম্ভিত।

বার্। কেহ ওরে কর সম্ভাষণ।

মার্। হোরেসিও, জিজ্ঞাস উহারে।

হোরে। কে তুইরে ভূতযোনি দেহ রে উত্তর,
রজনীর অর্দ্ধ যামে,
মৃত ভূপতির তুই রণবেশ ধরি'
কি ছলে ছলিতে এলি?
ঈশ্বরের সুপবিত্র নামে
আজ্ঞা করি, থেকো না নীরব।

মার্। তব বাক্যে পাইয়াছে রোষ।

বার্। দেখ ইহা যাইতেছে চ'লে।

হোরে। তিষ্ঠ – তিষ্ঠ,
আজ্ঞা করি দেহ রে উত্তর।

(ভূতের তিরোভাব)।

মার্। 　গিয়াছে চলিয়া,
দিবে না উত্তর কিছু।

বার। 　হোরেশিও, এখন কি বল ?
পাংশুবর্ণ কেন হল বদন তোমার ?
কাঁপিতেছ ঘন ঘন,
মুখে আর সরে না বচন
আতঙ্ক হইতে।
নহে ইহা সত্য কি ঘটনা ?
কি ধারণা এবে তব মনে ?

হোরে। ঈশ্বর শপথ,
এ বিশ্বাস হ'ত না আমার,
স্বচক্ষে যদি না আমি হেরিতাম ইহা।

মার্। 　রাজার সদৃশ নহে আকৃতি ইহার ?

হোরে। যেরূপ আকৃতি তাঁর ঠিক সেইরূপ।
দর্পী নরওয়ে রাজার
করিবারে দর্প চূর্ণ স্বর্গীয় নৃপতি,
বর্ম্মভূষণে সুশোভিত, মুখে রোষ ভাব,
বাহিরিলা যেই বেশে,
সেই বেশে আজি
এরও আবির্ভাব হেরি।

মার্সি। 　এইরূপ রাত্রিদ্বয়ে দেখেছি নয়নে,
রণবেশে মহারাজ প্রহরী আপনি।

হোরে। নাহি জানি কি উদ্দেশ্য করিতে সাধন,

রাজাকৃতি ধরি ইহা করে আগমন।
যতদূর জ্ঞান বুদ্ধি মম,
তাহে অনুমানি,
নহে ইহা রাজ্যের মঙ্গল।

মার্সি। এস বসি সবে,
জান যদি কেহ, কহ তবে,
কেন আজি কালি এত সতর্ক পাহারা?
কেন এত অস্ত্র শস্ত্র কামানের গোলা
দেশদেশান্তর হ'তে হয় সংগৃহীত?
কেন যত শ্রমজীবিগণ
নিশীথেও না করে বিশ্রাম,
অবিরাম কর্ম্মে অনুরত?
বারাবার নাহি আছে জ্ঞান,
রবিবারে নাহিও বিশ্রাম?
দিনমান রজনীতে নাহিক প্রভেদ,
ঘর্ম্মদেহে সবে দেখি কার্য্যে অনুরত,
কে পারে আমারে কহ জানাতে এ সব?

হোরে। পারি আমি,
অন্ততঃ যাহা রাজ্যে জনরব।
আমাদের স্বর্গীয় রাজন,
চূর্ণিবারে নরওয়ে রাজার দাম্ভিকতা,
ধরিলেন অসি যবে,
ফার্টিন্‌ব্রাস নরওয়ে ভূপতি
প্রাণ দিল রাজার সমরে।

সেই রণে আমাদের স্বর্গীয় ভূপতি
বৃদ্ধ হ্যামলেট্‌, সমর প্রণালীমতে
কতকাংশ জনপদ নরওয়ে রাজার
নিজরাজ্য অন্তর্ভুক্ত করেন আপনি।
তদবধি সেই সব দেশ
এ রাজ্যের নিয়মেতে হতেছে শাসিত।
এবে শুনি রাজার মরণ,
ফর্‌টিনব্রাস্‌, বর্ত্তমান নরওয়ে ভূপতি
সজ্জীভূত হ'য়ে রণে
আসে উদ্ধারিতে
নিজ পূর্ব্ব অধিকার।
তাই এত সশস্ত্র পাহারা,
সেই হেতু রণ-আয়োজন।

বার্‌। যা বলিলে সত্য বলি হয় অনুমান,
বোধ হয় সেই হেতু
বৃদ্ধ রাজা হ্যাম্‌লেট
রণ বেশ করি পরিধান,
প্রহরায় আপনি নিরত।

হোরে। পরাক্রান্ত রোমের ভূপতি
বীরবর সীজরের স্মরিলে অন্তিম,
গাত্রে কাঁটা দিয়া উঠে,
ধমনীতে রক্ত ছুটে,
আপনায় আপনি বিস্মরি।
শুনিয়াছি সেই কয় দিন,

কবর করিয়া ভেদ
নানা মূর্ত্তি করিতে ভ্রমণ।
তারা ম্লান নীলাকাশে,
ঘন উল্কাপাত খসে,
শিবাকুল ডাকিয়া আকুল।
পরে স্মর,
কি ভীষণ হত্যাকাণ্ড হইল সাধিত।

(ভূতের পুনঃ প্রবেশ)

(সচকিতে) দেখ, দেখ, কোথা হতে আবার আসিল,
এবার সহজে ওরে দিব না যাইতে,
হই হব ভস্মীভূত।

(ভূতের প্রতি)

তিষ্ঠ মায়াজীব,
যদি থাকে শব্দের ক্ষমতা,
কিংবা শক্ত বাক্য কহিবারে,
কহ বাক্য আমার সহিত।
মানব শক্তিতে যদি আচরিলে কিছু,
উপকার হয় তব, কহ তা প্রকাশি।
যদি কোন ভবিষ্যৎ জ্ঞানে
পার জানিবারে,
এ রাজ্যের শুভাশুভ করিছে নির্ভর,
সবিশেষ প্রকাশিয়া কহ।

কিংবা যবে আছিলে জীবনে,
করিয়াছ ধন রক্ষা কোন গুপ্তস্থানে,
সেই হেতু গভীর নিশীথে,
ভাণ্ডার প্রহরা দিতে আস,
তাহা কহ ?

[নেপথ্যে কুক্কুটের ধ্বনি]

বল, বল যাইও না চ'লে,
মার্সিলাস যায় তব দিকে,
নিবারণ কর ওরে ।

মার্সি । অস্ত্রের সাহায্যে গতি করিব কি রোধ ?

হোরে । কর, যদি নাহি মানে মানা ।

বার্ । এই যে এখানে !

(অস্ত্রাঘাত)

হোরে । এ যে মম সন্নিধানে !

(অস্ত্রাঘাত)

মার্ । যাঃ গেল কোথা চলি ।
উচিত না হ'ল আমাদের,
অসম্মান করিতে ইহার ।
সমীরণে অস্ত্রাঘাত করিনু কেবল,
ব্যঙ্গ করি চলি গেল ভ্রূকুটী করিয়া ।

বার । কহিত ও কথা,
কিন্তু কুক্কুটের ডাক শুনি
মিলাইল বায়ুসনে নয়ন-পলকে ।

হোরে । যেন মহাপাপী

ভীষণ আহ্বানে,
মিলি গেল সমীরণ সনে।
শুনেছি কুক্কুটকুল আপনার স্বরে
ডাকি আনে দিবাকরে ধরার উপরি।
দোষী পাপী আত্মা সব,
অনলে অনিলে কিংবা ভূধর সলিলে
যে যথায় থাকে,
কুক্কুটের ডাক সহ হয় তিরোধান,
যায় চলি কর্ম্ম-ফল করিবারে ভোগ।
বর্ত্তমান এ দৃশ্য নেহারি,
গল্প সত্যে পরিণত হয়।

মার্। কুক্কুটের ডাক্ সনে
হেরিলাম অদৃশ্য ইহার।
শুনিয়াছি,
আমাদের ত্রাণকর্ত্তা যবে
নরদেহে আবির্ভাব হ'লেন ধরায়,
সমস্ত যামিনী ব্যাপি' কুক্কুটের কুল
নিজ রবে ধরণী ছাইল;
ভূতযোনী সে শর্ব্বরী নাহি দিল দেখা।

হোরে। আমিও শুনেছি বটে,
যাহা তুমি করিলে বর্ণনা,
অবিশ্বাস করিতে না পারি
প্রত্যক্ষ পাইয়া নিদর্শন;
ওই দেখ পূর্ব্ব দিক হইল লোহিত,

প্রহরার কার্য্য হ'ল শেষ।
চল যাই সবে মিলি যুবরাজ পাশে,
কহি গিয়া এ সব ঘটনা।
জানিও নিশ্চিত,
নীরব যদিও উহা আমাদের পাশে,
ক'বে কথা কুমারের সনে।
কি যুক্তি সবার,
রাজভক্তি, রাজপ্রেম, কর্ত্তব্যের জ্ঞানে,
উচিত কি নয় আমাদের,
কহিতে এ সব কথা
রাজপুত্র পাশে?

মার্। কর্ত্তব্য সম্পূর্ণ ইথে।
জানি আমি কোথা যুবরাজ
এ সময় হন অধিষ্ঠান।
বিলম্ব না করি,
চল সবে তাঁহার সমীপে।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

রাজপ্রাসাদস্থ দরদালান।

(রাজা, রাণী, হ্যাম্‌লেট্, পলোনিয়াস, লেয়ারটিস্,
ভল্টিম্যাণ্ড কর্ণিলিয়াস্, আমীরগণ ও
অনুচরবর্গের প্রবেশ।)

রাজা। পূজ্যপাদ জ্যেষ্ঠ ভ্রাতা
কাঁদাইয়া প্রজাকুল সমস্ত নগরী,
অকালে কালের গর্ভে করিলা শয়ন !
হায় মূঢ় নর ক্ষীণ প্রাণ
কেমনে বুঝিবে বল ঐশ্বরিক লীলা ?
কাঁদে প্রাণ প্রাণের সোদর হেতু,
কর্ত্তব্য বুঝিয়া বাঁধি বুক ;
ধূ ধূ জ্বলে অনলের শিখা,
তাহে করি অঙ্গার আবৃত।
পূজ্যপাদ মহারাণী ভগিনী আমার,
অল্পমতি সন্তানে লইয়া
কেমনে করিবে বল রাজ্যের শাসন ?
সেই হেতু,
লয়ে অভিমত তোমাদের,
ভগিনীরে মহিষী করিয়া
বসাইয়া বাম পাশে
করিতেছি রাজ্যের শাসন।

শুনিতেছি যুবা ফরটিনব্রাস্‌,
শুনিয়া ভ্রাতার মৃত্যু,
মহোল্লাসে আসে রণসাজে,
উদ্ধারিতে সেই সব দেশ,
যাহা বিজয়ী অগ্রজ মম,
সমর-পদ্ধতি-মতে,
এ রাজ্যের অন্তর্ভুক্ত গিয়াছেন করি।
পিতৃব্য তাহার বৃদ্ধ,
রুগ্ন শয্যা'পরি,
আছে বহুদিন ধরি।
নাহি জানে অল্পমতি ভ্রাতৃজ মনন।
অতএব রাজ-লিপি ল'য়ে,
কর্ণিলিস্‌ ভল্টিম্যাণ্ড্‌ সহ,
যাও ত্বরা তাঁহার সমীপে।
জানাইয়া মম নমস্কার,
এই লিপি দিও তাঁর করে।
অধিক কি দিব উপদেশ,
দৌত্যকার্য্যে তোমরা পণ্ডিত।

কর্ণি } শিরোধার্য্য রাজার আদেশ,
ভল্টি } বিধিমতে দৌত্যকার্য্য করিব সাধন।

রাজা। সন্দেহ নাহিক তায় ;
অন্তরের সহ আশীর্ব্বাদ করি উভে।

(কর্নিলিয়াস্‌ ও ভল্টিমাণ্ডের প্রস্থান)

কি সংবাদ লেয়ারটিস তব ?
জানি আমি আছে বাঞ্ছা কিছু,
কিবা বাঞ্ছা পূরাব তোমার ?
তব পিতা রাজ্যের সচীব,
তাঁর সুমন্ত্রণে
চলে এ বিশাল রাজ্য,
তাঁর পুত্রে কি আছে অদেয় ?

লেয়া। প্রবল প্রতাপশালী বীরেন্দ্র রাজন,
ফ্রান্স্‌ রাজ্য তেয়াগিয়া
স্ব-ইচ্ছায় এসেছি এথানে,
হেরিবারে তব অভিষেক।
আমার কর্ত্তব্য কার্য্য হয়েছে সমাধা,
তেঁই এবে ভিক্ষা মাগি তব সন্নিধানে,
আজ্ঞা দেহ ফিরে যেতে মোরে,
আসিয়াছি যেথান হইতে।

রাজা। পিতার অনুজ্ঞা
তুমি ল'য়েছ কি আগে ?
কহ মন্ত্রি,
ইথে কিবা তব অভিলাষ ?

পলো। মহারাজ !
হেরিয়া পুত্রের নির্ব্বন্ধ অতিশয়,
হইয়াছে অনুমতি দানিতে আমায়।

অতএব মিনতি ও পদে,
রাজ-অনুমতি যেন পায়।

রাজা। শুভক্ষণে সুলগনে
কর যাত্রা, দানিনু আদেশ ;—
ভ্রাতুষ্পুত্র হাম্‌লেট্!
বর্ত্তমান তনয় আমার!

হ্যাম্। (স্বগতঃ)
সম্বন্ধে গঠিত বটে, নিরদয় ভীরু!

রাজা। কহ পুত্র!
আজও কেন মেঘাবৃত বদন তোমার ?

হ্যাম্। সামান্য ও, মহারাজ!
খরতর দিনকর তাপে
বোধ হয় বদন মলিন!

রাণী। প্রিয় পুত্র হ্যাম্‌লেট্!
ধর জননীর উপদেশ,
হৃদয়ের শোক পরিহর।
চিরস্থায়ী নহে কভু নর,
সময় আইলে
চলে যায় কালের কবলে।
যত জীব ধরে প্রাণ দেহে,
একে একে যাবে সবে চলে
সময় আগত হ'লে,
চিরস্থায়ী কেহ নয় ভবে।
সাধারণে জগত চালিত।

হ্যাম্‌। জানি মাতা, সাধারণ ইহা।

রাণী। জান যদি তাহা,

তবে কেন এখনো নেহারি

বিশুষ্ক মলিন মুখ তব।

কেন অনুমানি

অদম্য শোকের গতি

ধরিয়াছ হৃদয়-নিলয়ে।

হ্যাম্‌। অনুমান করিছ জননি ?

নহে অনুমান, ইহা সত্যই ঘটনা।

শোক-বস্ত্র, শোক-চিহ্ন ধরিয়াছি যাহা,

নহে ইহা দেখাতে কেবল।

যে শেল হৃদয়ে বিদ্ধ রয়েছে জননী,

নাহি পারি প্রকাশিতে তায়,

অন্তর্য্যামী জানেন সকল।

রাজা। সাধুচেতা, হ্যাম্‌লেট্‌,

সাধুবাক্য ইহা তব।

হেন পিতৃভক্তি, প্রেম,

গুণবান্‌ পুত্রে শোভা পায়।

কিন্তু বৎস! কালের অধীন নর,

এই আসে এই যায় না হয় গণনা।

তব জনকেও,

হয়েছিল হারাইতে আপন জনকে,

তাঁহারেও হয়েছিল

হারাইতে নিজ জন্মদাতা।

ঐশ্বরিক নিয়ম বন্ধনে
বদ্ধ আছে জগত সংসার।
তাই বলি ধর উপদেশ
অনন্ত বিষাদে
দিও না তনয় গাত্র ঢালি’।
অতি শব্দ শুনিতে না ভাল।
ঈশ্বর মঙ্গল-দাতা,
যা করেন মঙ্গলের হেতু,
যেন বৎস! থাকে তা স্মরণ।
এ রাজ্যের ভাবী অধিকারী
তুমি পুত্র, তোমার উপর
প্রজার ভরসা আশা করিছে নির্ভর।
পিতৃব্য তোমার আমি,
পুত্রসম ভালবাসি তোরে,
পিতৃস্নেহ আমাতে পাইবি।
যাইতে হবে না আর উইটিনবরগে
বিদ্যাশিক্ষা করিবার তরে।
আনন্দ বর্দ্ধন কর,
নিজ রাজ্যে আনন্দেতে থাকি।

রাণী। জননীর বিনয় আদেশ
হ্যাম্‌লেট্‌! করিও না হেলা।
অনুনয় করি,
থাক সদা আমাদের সনে,
চাহিও না যাইতে বিদেশে।

হ্যাম্‌। আজ্ঞাধীন আমি তব, মাতা।

রাজা। প্রাণপুত্র সম

কহিয়াছ তনয় আমার।

আনন্দের দিন আজি রাণি,

হ্যাম্‌লেট্‌ যাবে না বিদেশে,

রবে সদা আমাদের সনে।

কহ দুর্গে কামান দাগিতে,

আনন্দে মাতুক প্রজা সব,

এস সবে মিলি,

করি আজি আনন্দ উৎসব।

[হ্যাম্‌লেট্‌ ব্যতীত সকলের প্রস্থান।

হ্যাম্‌। অসহ্য অসহ্য ইহা!

রক্ত মাংসে সহ্য নাহি হয়!

দুই মাস হয় নাই গত,

পরম-আরাধ্য দেব জনক আমার

অকালে কালের গর্ভে হ'লেন পতন।

ছি! ছি! কি লজ্জার কথা!

দুই মাস নাহি হ'তে গত,

জননী আমার,

বরমাল্য দিলেন দেবরে?

অসহ্য এ প্রাণের বেদনা

নিবারণ নাহি হবে কভু।

স্বামীর অনুজে
অম্লানে বরিল পতি-পদে ?
দুর্ব্বলতা ! নারী তোর নাম !
মাসেক ভিতর,
পতি-ভ্রাতা হ'ল পতি ?
বন্যপশু যদি
হারাইত আপনার জনে,
পারিত না তারা কভু
পাশরিতে শোক এত অল্প কালে।
মাসেক ভিতর
দেবরে বরিল মাতা ?
ওহো ! ওহো ! অসহ্য যাতনা !
পিতৃব্যে করিল অভিষেক !
পিতা ! পিতা !
কিন্তু প্রাণ ফেটে যাবে,
তবু বলিতে নারিব কারে।

হোরেসিও, বার্ণার্ডো ও মার্সিলাসের প্রবেশ।

হোরে। প্রণিপাত কুমারের পদে।
হ্যাম্। দেখি তব প্রফুল্ল বদন
হোরেসিও,
অনুমানি কুশল তোমার,
আনন্দিত তাতে আমি।

অথবা এখনো
আপনারে আপনি পাসরি।

হোরে। সেই চির আজ্ঞাগত তব অনুচর।

হ্যাম্। নহে অনুচর,
কিন্তু তুমি
প্রাণের দোসর।
কহ হোরেসিও,
কি কারণে উইটিনবর্গ ত্যজি
হ'ল তব হেথা আগমন?
একি মার্সিলাসও হেথা?

মার্সি। কুমার,—

হ্যাম্। বড় আনন্দিত আমি দেখিয়া সবায়।
(হোরেসিওর প্রতি)
কহ সত্য কথা,
কেন তব হেথা আগমন?

হোরে। অস্থির অন্তর মম,
স্থির নাহি থাকে সদা।

হ্যাম্। ক'র না বঞ্চনা মম সাথে,
জানি, তুমি নহতো অস্থির।
গুরুতর কাজে
এ রাজ্যে তোমার পদার্পণ।
যেন স্থির,
গুরুতম কার্য্য কত হেরিবে নয়নে,
বহুদিন নাহি হ'তে গত।

হোরে। আসিয়াছি নৃপেন্দ্র-নন্দন,
হেরিবারে প্রেত-ক্রিয়া তব জনকের।

হ্যাম্। করি অনুনয়,
ত্যজ পরিহাস সমপাঠী।
আসিয়াছ হেরিতে নয়নে,
জননীর পুনঃ পরিণয়।

হোরে। সত্য, বড় প্রাণে বাজে
নরেন্দ্রকুমার।

হ্যাম্। মৃত ভোজ হেতু,
হয়েছিল যে সকল খাদ্য আয়োজন,
পরিণয় ভোজে
হইল ব্যয়িত তাহা।
হা পিতঃ!—
অনুমানি জনকেরে হেরি।

হোরে। কোথায় কুমার?

হ্যাম্। অন্তরের চক্ষে হেরি বন্ধু হোরেসিও।

হোরে। হেরেছিনু তাঁরে একবার,
সদাশয় মহাত্মা নৃপতি।

হ্যাম্। আছিলেন পুরুষ-প্রধান;
ন্যায়বান্ বীরেন্দ্র-প্রকৃতি।

হোরে। কুমার,
অনুমানি গত রাত্রে হেরেছি নয়নে।

হ্যাম্। হেরিয়াছ কারে?

হোরে। তোমার জনকে প্রভু।

হ্যাম্‌। আমার জনকে ?

হোরে। ত্যজ মোহ ক্ষণকাল,
কর প্রণিধান সমস্ত ঘটনা।
সঙ্গে করি আনিয়াছি উভে
সাক্ষ্য দিতে বচনে আমার।

হ্যাম্‌। করি অনুনয়,
বল ত্বরা করি।

হোরে। বারণার্ডো ও মার্সিলাস্‌ প্রহরার কালে
রাত্রিদ্বয়ে হেরেছে নয়নে
রণবেশে মহারাজ প্রহরায় র'ন।
বিস্ময়ে সভয়ে উভে হইল জড়িত,
বাক্য ... ল না কাহার।
পরদিন উভে মিলি
দিল মোরে অদ্ভুত বারতা।
হ'য়ে কুতূহলী, তৃতীয় নিশীথে
যাইলাম আমি প্রহরায়।
তব পিতৃদেবে
জানিতাম আমি সবিশেষ।
কহি সত্য বাণী
প্রত্যক্ষ হেরিনু মহারাজে,
রণবেশে বীরেন্দ্রকেশরী !

হ্যাম্‌। কোথায় ঘটিল হেন বিশেষ ঘটনা ?

মার্সি। শিবির সম্মুখে।

হ্যাম্‌। কহ নাই কথা তাঁর সনে ?

হোরে। কয়েছিনু আমি,
নির্ব্বাক্ রহিল কোন উত্তর না দিল।
কিন্তু মোর হ'ল অনুমান,
যেন কথা কহিবার তরে
তুলিল বদন একবার।
হেন কালে কুক্কুট ডাকিল,
চকিতে মিলায়ে গেল পবনের সনে।

হ্যাম্। বড়ই অদ্ভুত!

হোরে। কিন্তু ইহা যথার্থ ঘটনা।
করিলাম যুক্তি সবে স্থির,
জানাইতে কুমারে এ সব,
আমাদের হ'তেছে উচিত।

হ্যাম্। কহি সত্য কথা,
বড়ই সংশয়ে মন হইল অধীর।
দিবে কি প্রহরা আজি নিশি?

সকলে। হাঁ রাজকুমার।

হ্যাম্। রণবেশে দেখিয়াছ তাঁরে?

সকলে। হাঁ কুমার রণবেশে হেরেছি তাঁহারে

হ্যাম্। সবিশেষ দেখিয়াছ তাঁরে?

সকলে। মস্তক হইতে তাঁর চরণ অবধি।

হ্যাম্। দেখ নাই বদন তাঁহার।

হোরে। দেখেছি কুমার,
শিরোপরি রণ শিরোস্ত্রাণ।

হ্যাম্। হেরিলে কি ভ্রূকুটী নয়নে?

হোরে। রোষ হ'তে দুঃখ রেখা বদনে প্রকাশ।

হ্যাম্। পাংশু বা লোহিত মূর্ত্তি করিলে দর্শন ?

হোরে। পাংশুবর্ণ হেরিনু কুমার।

হ্যাম্। আছিল কি দৃষ্টি তাঁর তোমার উপরি ?

হোরে। আছিল সতত যুবরাজ।

হ্যাম্। থাকিতাম আমি যদি তথা।

হোরে। বিস্ময়ে তা হ'লে তুমি হইতে জড়িত।

হ্যাম্। সম্ভব, নহে অসম্ভব ইথে,
আছিল কি বহুক্ষণ ইহা ?

হোরে। শতেক গুণিতে লাগে যতেক সময়।

মার্‌ }
বার } তারও চেয়ে বেশী।

হোরে। যে নিশায় আমার দর্শন,
নহে বহুক্ষণ।

হ্যাম্। শ্মশ্রুরাজি হেরিলে ধবল ?

হোরে। হেরেছিনু যেইরূপ জীবনে তাঁহার,
সেইরূপ রজত বরণ।

হ্যাম্। দিব আজি প্রহরা নিশীথে,
হ'তে পারে আজও আবির্ভাব।

হোরে। সুনিশ্চয় জানিও কুমার।

হ্যাম্। মহাত্মা পিতার বেশে আসে যদি ইহা,
কব কথা তাঁহার সহিত।
দেখাইয়া নরকের ভয়
করয়ে নিষেধ যদি কেহ,

না শুনিব মানা,
কথা কব নিশ্চয় তা' সনে।
শুন সবে,
যদি ভালবাস মোরে,
প্রভুভক্তি থাকয়ে অন্তরে,
তবে যাহা দেখেছে নয়নে,
অথবা দেখিবে যাহা পরে,
করিও না প্রকাশ কাহারে।
যেতে পার এখন সকলে,
কিন্তু নিশাকালে
মিল সবে আমার সহিত।
যাব আমি প্রহরায় নিজে।

সকলে। শিরোধার্য্য কুমার-আদেশ।

হ্যাম্। এস তবে।

(হোরেসিও, মার্সিলাস ও বার্ণর্ডোর প্রস্থান।)

রণবেশে জনকের ছায়া!
নহে ইহা মঙ্গল-কারণ;
না জানি কি রহস্য ভীষণ
উদ্ঘাটন হইবে অচিরে;
এস নিশি এস ত্বরা করি।
স্থির হও অন্তর আমার,
যতক্ষণ আছে দিনমান।
ভীষণ দৃশ্যের অভিনয়
কালস্রোতে হইতে চলিল।

(হ্যাম্‌লেটের প্রস্থান)।

তৃতীয় গর্ভাঙ্ক।

পলোনিয়াসের অট্টালিকস্থ একটী কক্ষ।

(লেয়ারটিস্ ও অফেলিয়ার প্রবেশ।)

লেয়া। বিদায় ভগিনি।

যাত্রা করি শুভ লগ্নে আজি।

হয়োনা আমায় বিস্মরণ।

দিও সদা কুশল-বারতা।

অফে। সন্দেহ কি কর তায় ?

লেয়া। শুন ভগ্নি,

আছে মম কিছু বলিবার।

হ্যাম্‌লেটে সতর্ক হইবে।

উচ্চ-আশা করিও না মনে;

যদিও প্রণয় তার প্রথমে মধুর,

কিন্তু মনে জানিও নিশ্চয়

সে প্রণয় চিরস্থায়ী নয়।

মধুপ ভ্রমর,

গোলাপের করি মধুপান

অন্য পুষ্প করে অন্বেষণ।

সেই রূপ রাজার প্রণয়

জানিও ভগিনী সুনিশ্চয়,

মুহূর্ত্তের খেলা ধূলা শুধু।

অফে। মুহূর্ত্তের খেলা ধূলা ?

লেয়া। নাহি কায চিন্তিয়া ওসব ;

অন্তর মাঝারে ও সব চিন্তিলে,
বদ্ধমূল আরও হবে প্রেম।
হ'তে পারে হ্যাম্‌লেট ভালবাসে তোমা,
কিন্তু তিনি নহে তো স্বাধীন।
রাজ জন্ম করিয়া গ্রহণ,
হয়েছেন রাজ্যের অধীন।
তাঁর পরিণয়ে
করিছে নির্ভর বন রাজ্যের কুশল।
অতএব সময় থাকিতে
সাবধান হও ভগিনি আমার।
সুনাম তোমার,
দেখো যেন নাহি ধ্বংস হয়,
প্রেমের কুহকে
হারায়োনা সতীত্ব-রতনে।

অফে। কণ্ঠমালা করি
রাখিব গাঁথিয়া হৃদে উপদেশ তব।
কিন্তু কহ ভ্রাতা,
আমায় তো দিলে উপদেশ,
হেন উপদেশ হৃদে
ধরিতে কি তুমিও পারিবে?

লেয়া। নাহি ভয় তাহাতে ভগিনি।
কিন্তু দেখ কথায় কথায়
হ'য়ে গেল বিলম্ব অধিক।
এই যে আসেন পিতা।

(পলোনিয়াসের প্রবেশ)

আশীর্ব্বাদ কর পুনঃ দেব !
বার বার আশীর্ব্বাদে মঙ্গল আমার ।
পলো। এখনো করনি যাত্রা কি লজ্জার কথা !
অনুকূল বায়ুভরে উড়িছে পতাকা,
আছে অপেক্ষিয়া তোমা হেতু ।
এস তবে বিলম্বে নাহিক প্রয়োজন
মম আশীর্ব্বাদ সহ করহ গমন ।
(লেয়ার্টিসের মস্তকে হস্ত স্থাপন)
ধর বৎস, উপদেশ কিছু,
ধর্ম্মপথ তেয়াগিয়া
অধর্ম্মে না করিও গমন ।
হৃদয়ে যে সব চিন্তা উদিবে তোমার,
বাক্যে তাহা ক'রনা প্রকাশ ।
অসদ্ভাব ক'রনা কাহার(ও) সনে,
অথচ যে সব কথা শুনিবে তাদের,
তাহাতে ক'রনা তর্ক,
ভাল মন্দ নিজে বুঝি লবে।
বন্ধুত্বের আশে
আসিবে যে তোমার সকাশে,
পরীক্ষা না করি অন্তর তাহার
হৃদয়ের দ্বার খুলিও না তার পাশে ।
কর্জ্জেমতি নাহি যেন হয়,

পরিমিত ব্যয়ী হ'তে না পারিবে তবে।
বন্ধুজনে দান দিতে পার,
কিন্তু কর্জ্জ কারেও না দিবে।
অর্থে হয় বন্ধুত্ব-বিনাশ,
নিশ্চয় জানিও মনে।
অধিক কি দিব উপদেশ,
গামী হবে তব সনে মম আশীর্ব্বাদ।

লেয়া। সবিনয়ে হইনু বিদায়।

পলো। এস বৎস!
আহ্বানিছে সময় তোমায়,
অনুচর সবে প্রতীক্ষায়।

লেয়া। আসি তবে ভগিনি আমার,
মনে রেখ উপদেশ মম।

অফে। স্মরণে আবদ্ধ আছে ভ্রাতা।

লেয়া। আসি তবে। (প্রস্থান)

পলো। কিবা কথা অফেলিয়া?

অফে। কুমার সম্বন্ধে কিছু কথা।

পলো। ভাল কথা হইল স্মরণ;
শুনিয়াছি আমি,
গত কিছু দিন ঘন ঘন
আইল কুমার মম গৃহে,
তুমি নাকি যখন তখন
কুমারের সনে অকপটে কহ কথা,
শুভাশুভ না করি বিচার?

অকলঙ্ক আমার এ কুলে
দেখো যেন কলঙ্ক না হয় ।
কহ সত্য কথা ।

অফে । মিথ্যা বাণী নাহি জানি পিতা,
কহি সত্য কথা,
গত কিছুদিন ধরি কুমার আমায়
কহেন সতত স্নেহ-কথা ।

পলো । স্নেহ কথা ?
করকি প্রত্যয় বাছা তুমি,
কুমারের আন্তরিক স্নেহ !

অফে । নাহি জানি পিতা,
কি প্রত্যয় ধরিব হৃদয়ে,
জ্ঞান-হীনা নারী আমি ।

পলো । ভাল, অজ্ঞান-দুহিতে !
জ্ঞান শিক্ষা কর মম পাশে ।
কুমারের স্নেহ বা প্রণয়,
নহে আন্তরিক জানিও নিশ্চয় ।

অফে । চাতুরী না সম্ভবে কুমারে,
হীন চিন্তা নাহি পায় স্থান ।
সরল প্রণয়ে
চান তিনি প্রেম-প্রতিদান ।

পলো । বল বল কি বলিবে আর,
প্রেম-ব্যাখ্যা শুনি তব মুখে ।

অফে । নাহি কর উপহাস দেব !

পুণ্য কিছু যা আছে ত্রিদিবে,
করিয়া শপথ তার,
প্রেম-অঙ্গীকার
করেছেন কুমার আমায়।

পলো। যৌবনের উত্তপ্ত শোণিত
কুমারের দেহে প্রবাহিত,
অন্ধ হ'য়ে তায়
অঙ্গীকার করিল কুমার।
কিন্তু জেন মনে
নিবৃত্তি হইলে আশা তার,
না রহিবে অঙ্গীকার মনে।
ধন মান যশ আর রাজ্যের কামনা
করিবে হৃদয় অধিকার,
মূরতি তোমার
নাহি পাবে স্থান এক কোণে।
শুন বৎসে আদেশ আমার,
আজি হ'তে কুমারের সহ
না থাকে সম্বন্ধ যেন কিছু;
প্রেম-কথা দূরে থাক,
অন্য কোন কথা
নাহি কবে কুমারের সনে।
দেখো যেন অন্যথা না হয়।

অফে। পালিব আদেশ তব পিতা।

(উভয়ের প্রস্থান)

চতুর্থ গর্ভাঙ্ক।

দুর্গসমীপস্থ প্রাঙ্গণ।

(হ্যাম্‌লেট্, হোরেসিও ও মার্সিলাসের প্রবেশ)।

হ্যাম। শীতল পবনে
দেহ জ্বর জ্বর করে,
অসহ্য এ শীতের প্রকোপ।

হোরে। সত্য যেন হই জড় প্রায়।

হ্যাম্। রজনীর কোন্ যাম এবে ?

হোরে। অনুমানি দ্বিতীয় প্রহর।

মার্। দ্বিতীয় প্রহর
বহুক্ষণ হইয়াছে গত।

হোরে। সত্য! কই ঘণ্টা রব
পশে নাই শ্রবণে আমার।
সময় আগত তবে।

(নেপথ্যে ভেরীরব ও তোপধ্বনি)

সচকিতে) এ সবার অর্থ কি কুমার ?

হ্যাম্। নিদ্রা ভঙ্গ হইল রাজার,
পানপাত্র ল'য়ে নর্ত্তকী সকলে
আছে দাঁড়াইয়া রাজার সকাশে;
সেই হেতু তূর্য্যধ্বনি হ'তেছে সঘনে।

হোরে। এই কি রাজ্যের রীতি ?

হ্যাম্। এ রাজ্যের এই রীতি বটে।

পাপে পূর্ণ বসুন্ধরা,
পাপের পতাকা এবে উড়ে ঘরে ঘরে;
মদ্যপায়ী মানে এ গৌরব
দেখাইতে মদ্যের মহিমা।
ঘোর রবে ভেরীরব
করিছে প্রকাশ
রাজ্যের অবস্থা সব।

(ভূতের প্রবেশ)

হোরে। দেখহ কুমার এটা আসে কোথা হ'তে !
হ্যাম্। রক্ষা কর ত্রিদিবনিবাসী,
করি প্রশ্ন এর সনে।
(ভূতের প্রতি)
কোথা হ'তে আগমন তব ?
ভীষণ নরক
ক'রেছে কি দ্বার-উদ্ঘাটন,
দিতে তোমা আসিতে হেথায় ?
কিংবা তুমি ত্যজিয়া ত্রিদিব
আসিয়াছ করিতে ভ্রমণ
ধরি মম জনকের ছবি ?
সম্ভাষিব তোমা,
(হ্যাম্‌লেট্) 'রাজা,' (পিতা)
ডেন্‌-অধিপতি !
দেহ মোর প্রশ্নের উত্তর।

কি কারণে কবর ত্যজিয়া,
যথা তব দেহ করেছি
সমাধি মোরা,
ত্যজিয়া সে বিশ্রামের স্থান,
রণবেশ করি পরিধান,
চন্দ্রমাশালিনী নিশা
পরিণত কর ভয়ঙ্করী রূপে।
বল বল কারণ ইহার,
কিবা আশে, আগমন তব,
কোন্ কার্য্য সাধিব আমরা ?

হোরে। দেখ ইহা করিছে ইঙ্গিত
তোমা প্রতি,
চাহে তোমা লইতে নিভৃতে,
নাহি কবে কথা,
থাকিতে আমরা তব পাশে।

মার্। দেখ, ঘন ঘন করিছে ইঙ্গিত'
ল'য়ে যেতে বিজন-প্রদেশে,
কর না গমন ওর সাথে।

হোরে। একাকী উহার সাথে
যাওয়া তব বিধি নাহি হয়।

হ্যাম্। কহিবে না কথা এই স্থানে,
সুতরাং যেতে হ'ল মোরে।

হোরে। যেও না কুমার, রাখ কথা।

হ্যাম্। কি ভয় তাহায় ?

সহজে আমার প্রাণ দিব না লইতে।
আত্মা মম নহে বিনশ্বর,
তবে কিবা ভয়ের কারণ?
পুনরায় করিছে ইঙ্গিত,
যাই আমি উহার সহিত।

হোরে। না, না, ওরে প্রত্যয় না হয়,
লয়ে যাবে কোন উচ্চ স্থানে,
কিংবা ঐ পাহাড় উপরি;
ধরিবে ভীষণ মূর্ত্তি তথা,
জ্ঞান লোপ হবে;
উন্মাদ হইয়া তোমা হইবে আসিতে।

হ্যাম্। এখনও ইঙ্গিত করে মোরে,
চল, যাব যথা লয়ে যাবে।

মার্। পারিবে না যাইতে, কুমার।

হ্যাম। স'রে যাও, যাব ওর সনে।

হোরে। দিব না যাইতে মোরা কভু।

হ্যাম্। উচ্চ রবে ডাকে ভাগ্য মোরে,
কেশরীর বলে বলীয়ান্ আমি,
শুনিব না কারও কথা।

(ভূতের ইঙ্গিত করণ)

পুনরায় আহ্বানিছে মোরে,
সর সবে।

(বলপূর্ব্বক হস্ত ছাড়াওন)

ঈশ্বর শপথ,

যদি কেহ দাও বাধা
অচিরাৎ সেও ভূত হবে।
(ভূতের প্রতি)
চল, করি তবানুসরণ।

(ভূত ও হ্যাম্‌লেটের প্রস্থান)

হোরে। হিতাহিত জ্ঞানহারা হ'য়ে
চলিল কুমার ওর সনে।

মার্। এস মোরা যাই পাছে পাছে,
নহে যুক্তি হেন আজ্ঞা করিতে পালন।

হোরে। চল তবে বিলম্বে নাহিক প্রয়োজন,
নাহি জানি কি ফল ফলিবে।

মার্। এ রাজ্যের মঙ্গল না হেরি,
অনুমানি বিপদ আগত।

হোরে। ঈশ্বরের ইচ্ছা পূর্ণ হবে।

মার্। কি ফল বিলম্বে চল যাই।

(সকলের প্রস্থান।)

পঞ্চম গর্ভাঙ্ক।

দুর্গ হইতে বহুদূরবর্ত্তী অপর এক প্রান্ত।

(ভূত ও হ্যাম্‌লেটের প্রবেশ)

হ্যাম্‌। কোথায় যেতেছ লয়ে মোরে ?
কহ কথা, বহুদূর যাব নাকো আর।

ভূত। নিরীক্ষণ কর মোরে।

হ্যাম। করিতেছি।

ভূত। প্রস্থানের সময় আগত মম,
যেতে হবে পুনঃ ফিরে জলন্ত অনলে।

হ্যাম্‌। অহো ভাগ্যহীন অশরীরি !

ভূত। করিতে হবে না দয়া মোরে,
কর প্রণিধান যাহা বলিব তোমারে।

হ্যাম্‌! বল তবে,
বাধ্য আমি শুনিতে সে সব।

ভূত। আরও বাধ্য হইতে হইবে
প্রতিশোধ লইতে অপরে,
শুনিবে যখন সব।

হ্যাম্‌। কি কহ ?

ভূত। তব জনকের আত্মা সম্মুখে তোমার
রজনীর নির্দ্দিষ্ট সময়
পারি আমি করিতে ভ্রমণ,
দিবাভাগে অগ্নিকুণ্ড মাঝে

হ’তে হয় আবদ্ধ আমারে,
কর্ম্মফল হয় ভোগ তথা।
কিন্তু মানা আমার উপর
সে রহস্য জানাতে মানবে,
মানবের শ্রবণ-কুহর
নহে উপযুক্ত শুনিতে সে সব।
শুনিলে সে কথা
জ্ঞান নাহি রবে, বুদ্ধি বিলুপ্ত হইবে ;
চক্ষের তারকা
রবি-তেজে বিভাসিত হ’বে,
শিরায় শিরায় হইবে শোণিত-খেলা,
আত্মা তব মুমূর্ষু হইবে।
রক্ত-মাংস-দেহধারী-মানব-শ্রবণে
সে কথা পশেনি কভু,
পশিবে না তোমারও শ্রবণে।
শোন, শোন, বলি শোন,
যদি কোন কালে
ভালবাসিয়াছ তব আরাধ্য জনকে,—

হ্যাম্। ঈশ্বর প্রতিভূ মম।

ভূত। লও প্রতিশোধ
কাপুরুষ নৃশংস যে হত্যাকারী
তাহার উপরি।

হ্যাম্। বল ত্বরা করি কেবা সেই জন ?
প্রভঞ্জন গতি সম

চকিতে লইব প্রতিশোধ।

ভূত। জানি তুমি বৃথা দর্পী নহ,
বাক্য তব কার্য্যের আধার।
শুন হ্যাম্লেট্,
এ রাজ্যেতে এই জনরব,—
করিতেছিলাম আমি বিশ্রাম যখন
উদ্যানের বেদিকা উপরি,
বিষধর ভুজঙ্গম এক
করিল দংশন মোরে।
তাহে মৃত্যু ঘটিল আমার।
ডেন্মার্কবাসী
নাহি জানে প্রকৃত ঘটনা,
এই জনরবে ক'রেছে বিশ্বাস সবে।
শুন শুন প্রাণের নন্দন,
নহে বিষধর অহি প্রাণহন্তা মম,
তদপেক্ষা বিষধর ভুজঙ্গ-মানব,
যার শিরে শোভে এবে মুকুট আমার
হত্যাকারী সেই দুরাচার।

হ্যাম্। অহো দয়াময়!
পিতৃব্য তোমার হত্যাকারী?

ভূত। যেই জন করে ভোগ জননী তোমার,
যার করে মম রাজদণ্ড শোভা পায়,
শয্যাগৃহ মম, যার বিলাসভবন,
সেই দুরাচারী পিতৃব্য তোমার

হত্যাকারী মম।
অহো পরিণয় কালে,
মন্ত্রপূত করি বিবাহ করিনু যারে,
যে রমণী করিল শপথ
আজীবন পূজিতে আমায়;
যার প্রেম-মন্ত্রে মুগ্ধ হয়ে,
পতিপ্রাণা ভেবেছিনু সদা;
ছিল এই মনে,
যদি কভু আমায় হারায়,
উন্মাদিনী ত্যজিবে জীবন।
কিম্বা আজীবন
শোক-চিহ্ন করিয়া ধারণ,
মম রূপ ধ্যান করি কাটাবে জীবন;
সেই সে রমণী,—অহো! বাক্‌রোধ হয়,
দুই মাস না হইতে গত,
স্বেচ্ছাচারী সুরাপায়ী কামুক দেবরে
অম্লানে বরিল পতি-পদে।
যদিও সে নারী
নাহি জানে মৃত্যুর কারণ মম,
তথাপি কি উচিত তাহার,
সেই সব পূর্ব্ব কথা ভুলি
বরিতে অনুজে মম?
শুন প্রাণের কুমার,
এ মিনতি তব পাশে

জননীরে কহিও না কটু ;
নিজ মনস্তাপে
হৃদয়ে নরক ভোগ হবে ।
দাও প্রতিশোধ পিতৃব্যে তোমার,
ভ্রাতৃঘাতী দুরাত্মা কপটী ।
হের ঊষা আসিতেছে ধীরে,
সময় আগত মম,
বিদায়, বিদায়,
রেখ মনে ভুল না আমায় ।

(প্রস্থান)

হ্যাম্ । ত্রিদিবের অধিষ্ঠাত্রী দেবদেবীগণ,
তমোময়ী নরকের ভীষণ রাজন,
সাক্ষী হও সবে ;
আজি হ'তে অন্য চিন্তা হৃদে নাহি রবে ।
শৈশবের শিক্ষাপাঠ যত,
মুছে যাক্ অন্তর হইতে,
"প্রতিশোধ" এ মধুর নাম
তার স্থানে হ'কৃ অধিকৃত ।
ভুলিব তোমারে ?
অহো ভাগ্যহীন অশরীরি,
ধারণার ক্ষমতা থাকিতে
বাক্য তব ভুলিব না কভু ।
ভুলে যাব তব উপদেশ ?
শিরা শিরায় রহিবে গ্রথিত

সে ঘটনা প্রকাশিলে যাহা,
নারিবে অপর চিন্তা আবরিতে মোরে।
অহো বিষময়ী ললনা হৃদয় !
অহো দুরাত্মন্ মুখ হাস্যময় !
লিখে লই তোর পাপ নাম,
মুখে হাস্য অন্তরে গরল,
সে কেবল তোরে শোভা পায়,
ডেন্‌মার্ক বহু পুণ্যে পাইয়াছে তোরে ।

(লিখন)

পিতৃব্য ! রহিল তোমার নাম ।
যাত্রাকালে কি কথা কহিল,
'বিদায়, বিদায়,
রেখ মনে ভুল না আমায় ।'
করেছি শপথ
ভুলিব না জনমে তোমায় ।

হোরে। (নেপথ্যে) কুমার, কুমার –
মার্সি। (নেপথ্যে) রাজকুমার হ্যাম্‌লেট—
হোরে। (নেপথ্যে) ঈশ্বর কুশলে রাখে যেন
হ্যাম্। তথাস্তু ।
মার্সি। (নেপথ্যে) কুমার, কুমার,
কোথা আছ দেহ প্রত্যুত্তর ।
হ্যাম্। কই কই কে কোথায় ?
আয় পাখী আয় ।

(হোরেসিও ও মার্সিলাসের প্রবেশ)।

মার্সি। কি সংবাদ নৃপেন্দ্র-নন্দন ?

হোরে। কহ সমাচার
কি নব সংবাদ দিল ইহা ?

হ্যাম্‌। অদ্ভুত—অতি অদ্ভুত বারতা।

হোরে। বল দয়া করি মোরে।

হ্যাম্‌। না,
প্রকাশিবে সবে।

হোরে। করি ঈশ্বর শপথ,
আমা হ'তে হবে না প্রকাশ।

মার্সি। আমারও শপথ প্রভু।

হ্যাম্‌। কি ভাব অন্তরে ?
ধারণা কি পার করিবারে—
কিন্তু সবে নাহি প্রকাশিবে ?

হোরে। } করেছি শপথ মোরা
মার্সি। } ঈশ্বরের নামে।

হ্যাম্‌। বলি শোন তবে,
ডেন্‌মার্কে করে না নিবাস
এ হেন পাপাত্মা নর,
পাপ লাজ পায় তার নামে।

হোরে। শুধু এই কথা বলিবারে
কিবা ছিল তার প্রয়োজন।
কেনা জানে সেই কথা ?

হ্যাম্‌। সত্য,
যা কহিলে সত্য তা সকলি।
(কিয়ৎক্ষণ পরে)
সকলেরি আছে প্রয়োজন,
আমারও আছে আবশ্যক,
চলিনু এখন।

হোরে। একি কহ রাজপুত্র ?
ভাবশূন্য অর্থশূন্য বচন তোমার।

হ্যাম্‌। দোষী আমি তব পাশে,
বাক্যে মম লইয়াছ দোষ,
আন্তরিক দুঃখিত তাহাতে।

হোরে। কিছু দোষ হয়নি কুমার।

হ্যাম্‌। সত্য মম হইয়াছে দোষ,
অতি ভয়ঙ্কর দোষ হোরেসিও।
জিজ্ঞাসিলে কি কহিল মোরে,
শুন বলি তবে,
দুষ্ট আত্মা নহে ইহা বড়ই সুশীল,
শুনিলে সকল।
মিনতি এখন এক তোমাদের পাশে
আছে মম।

হোরে। কিবা অভিলাষ,
আজ্ঞাধীন আমরা তোমার।

হ্যাম্‌। ক'রনা প্রকাশ কারে,
আজি রাত্রে যে সব ঘটিল।

হোরে । }
মার্সি । } করিব না কখন কুমার ।

হ্যাম্ । করহ শপথ ।

হোরে । শপথ আমার,
আমা হ'তে এ ঘটনা হবে না প্রকাশ ।

মার্ । আমারও শপথ তাই প্রভু ।

হ্যাম্ । স্পর্শ করি তরবারি মম
করহ শপথ ।

মার্ । শপথ তো করেছি আমরা,
অবিশ্বাস কেন আমাদের ?

হ্যাম্ । কর সত্য স্পর্শি তরবারি ।

ভূত । (ভূগর্ভ হইতে) কর সত্য ।

হ্যাম্ । হাঃ হাঃ
তুমিও বলিছ ইহা ?
রয়েছ কি মৃত্তিকা ভিতরে ?
এস সবে,
শুনিলে তো গহ্বর হইতে
বলিছে কি উহা ?
শপথে সম্মত হও ।

হোরে । কি শপথ করিব আমরা,
কহ তাহা ?

হ্যাম্ । হেরিলে যা আজি নিশি যোগে,
কহিবে না সেই কথা কারে,
পরশিয়া তরবারি মম,

সত্য কর তোমরা উভয়ে।

ভূত। (ভূগর্ভ হইতে) সত্য কর।

হ্যাম। তুমিও লেগেছ পাছে?

(উভয়ের প্রতি)

এস তবে বিলম্বে কি ফল

রাখ কর অসিতে আমার;

করহ শপথ,

দেখিলে শুনিলে যাহা আজি

শুনাবে না অপরে কখন।

ভূত। (ভূগর্ভ হইতে)

কর সত্য তরবারি স্পর্শিয়া উহার।

হ্যাম। প্রবীণ মূষিক,

বলিয়াছ সত্য কথা।

এস বন্ধুগণ,

সরে এস নিকটে আমার।

হোরে। দিবাকর, নিশাকর,

অদ্ভুত ঘটনা হেন হেরি নাই কভু।

হ্যাম। পরিতৃপ্ত হ'ল আশা তব,

হেরিলে অদ্ভুত দৃশ্য আজি;

স্বরগে ধরায় আছে অদ্ভুত কতই,

বিজ্ঞান পুস্তকে তব, নাহিক সে সব।

ভাগ্যবান মান আপনারে

নব পাঠ শিক্ষা হ'ল এক।

কিন্তু এস,

কি কারণে বিলম্ব করিছ,
কর সত্য, চল যাই সবে।

(উভয়ের তথা করণ)

ভূত। (ভূগর্ভ হইতে)কর সত্য।

হ্যাম। লভহ বিশ্রাম,
অবিশ্রামী আত্মা এবে।
এস বন্ধুগণ,
এ স্থানেতে নাহি প্রয়োজন আর।
দরিদ্র বান্ধব তোমাদের
নাহি জানি কি দিয়া তুষিব ?
মঙ্গল হউক তোমাদের,
কুশলে রাখুন জগদীশ।
হতভাগ্য আমি,
নাহি জানি কিবা আছে অদৃষ্টে আমার,
এস সবে মম সনে আমার ভবনে।

(সকলের প্রস্থান)

দ্বিতীয় অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

পলোনিয়াসের বাটীর এক প্রকোষ্ঠ।

(পলোনিয়াস্ ও রেণাল্ডোর
প্রবেশ)।

পলো। দিও এই মুদ্রা আর এই লিপি খানি।

রেণা। যথা আজ্ঞা দেব।

পলো। পুত্রসহ সাক্ষাতের আগে,
পার যদি লইতে সংবাদ,
কিরূপ আচারে পুত্র মম
কাটাইছে দিন,
এই সব সংবাদ লইলে
হয় ভাল,
কর কায বুদ্ধিমান মত।

রেণা। এ দাস তাহাই দেব করেছে মনন।

পলো। বলেছ উত্তম।
লইবে সংবাদ আগে
ডানৃস্কার কোথা থাকে
পারিস ভিতরে,
করিবে আলাপ তার সনে,
নাহি চিনে আমার তনয়ে

সেই জন,
এ কথা ও কথা কহি,
কথাচ্ছলে পাড়িবে পুত্রের কথা,
এই রূপ কবে,—
জানি আমি উহার পিতারে,,
আর উহাকেও জানি কিছু কিছু,—
শুনিতেছ সব ?

রেণা। প্রণিধান করিয়াছি দেব।

পলো। 'জানি কিছু কিছু ওরে'
কিন্তু বলিও না 'ভালরূপে জানি';
আরও বলিবারে পার,
'শুনিয়াছি ওটা দুর্দ্দান্ত মাতাল,
অমুক অমুক দোষে সতত নিরত'।
এইরূপ ছলনা করিয়া
জেনে লবে সকল বিষয়,
তাই বলি গুরুতর দোষারোপ কোন
ক'র না আরোপ তার'পরি ;
চরিত্রে তাহার,
নাহি লাগে যেন বিষম আঘাত।
যৌবনের চাপল্য বশতঃ
হ'তে পারে যেই সব দোষ
সেই সব উল্লেখিতে পার।

রেণা। ক্রীড়াসক্ত তোষামোদপ্রিয়
এইরূপ বলিবারে পারি ?

পলো। হাঁ।

কিম্বা সুরাসক্ত, কলহেতে প্রিয়

এতদূরও পার বলিবারে।

রেণা। হ'তে পারে তাঁর চরিত্রে আঘাত।

পলো। না, নাহি হবে তাহা,

তাই বলি গুরুতর দোষ

কোন ক'র না উল্লেখ।

রেণা। কিন্তু দেব—

পলো। বলিতে কি পার,

কেন কহিনু তোমায়

আরোপিতে এই সব দোষ

তনয় উপরি ?

রেণা। উৎকণ্ঠিত আছি দেব

জানিবারে তব মনোভাব।

পলো। শুন তবে কারণ ইহার।

দোষারোপ করিলে কিঞ্চিৎ

উদ্দেশ্য আমার পারিবে সাধিতে।

চরিত্র-সন্ধান অভয়ে দানিবে

সেই লোক, যারে জিজ্ঞাসিবে তুমি।

না হবে লজ্জিত সেই জন

দিতে তোমা প্রকৃত বারতা।

সম্বোধিবে সেই জনে,

'মহাত্মন্' 'মহাশয়' কিম্বা বন্ধু বলি'

যে দেশের যেরূপ পদ্ধতি।

রেণা। যথা আজ্ঞা দেব।

পলো। তারপর তুমি—

কত দূর বলিয়াছি আগে ?

হইয়াছি বিস্মরণ,

কোথায় আমার বাক্য সমাপ্ত করেছি ?

রেণা। "সম্বোধিবে সেই জনে

'মহাত্মন্' 'মহাশয়' কিম্বা 'বন্ধু' বলি'

যে দেশের যেরূপ পদ্ধতি।"

পলো। হাঁ, হাঁ, যে দেশের যেরূপ পদ্ধতি,

সেই অনুসারে কবে সেই জনে

জানি ঐ ভদ্রলোকে,

গত কল্য কিম্বা অন্য কোন দিন

দেখিয়াছি প্রবেশিতে তাঁরে

অমুক অমুক স্থানে

জুয়ার আলয়ে কিম্বা বেশ্যা-নিকেতনে।

এইরূপে আগে কথা পাড়ি,

জেনে লবে প্রকৃত ঘটনা।

পরে, পূর্ব্ব উপদেশ মত

পুত্র সহ করিবে সাক্ষাৎ।

বুঝেছ সকল ? না, আবার বলিব ?

রেণা। হৃদয়ে গ্রথিত আছে উপদেশ তব।

পলো। ঈশ্বর থাকুন তব সনে,

হ'তে পার বিদায় এখন।

রেণা। ভাল দেব,—

পলো। ভালরূপে পুত্র-মনোভাব
জেনে লবে; প্রবেশিয়া অন্তরে তাহার।

রেণা। পালিব আদেশ তব।

পলো। যেতে পার তুমি।

রেণা। আসি তবে দেব।

পলো। এস।

[রেণাল্ডোর প্রস্থান।

(অফেলিয়ার প্রবেশ)।

পলো। কি সংবাদ অফেলিয়া তব?
কেন তব সভীত নয়ন,
ত্রস্ত হ'য়ে যাও কোন্ স্থানে?

অফে। দেব, বড় পাইয়াছি ভয়!

পলো। কি কারণ? কহ সবিশেষ।

অফে। পিতা, আমি আছিনু বসিয়া
নিজ গৃহে শিল্প-কার্য্যে রত,
হেনকালে কুমার হ্যাম্‌লেট্,
কম্পদেহ ঘর্ম্মাক্ত শরীর,
পাংশুবর্ণ বদনমণ্ডল,
উপনীত আমার সমীপে।
নরকের দ্বার ভঙ্গ করি
এল যেন আত্মা এক
গ্রাসিতে আমায়।
বড় ভয় উপজিল মনে।

পলো। তব প্রেমে হ'য়েছে পাগল ?

অফে। নাহি জানি তাহা দেব,

কিন্তু বড় হইয়াছি ভীত।

পলো। কিবা কথা কহিল তোমায় ?

অফে। কোন কথা কহিল না মোরে,

ধরিয়া সজোরে মম কর,

এক দৃষ্টে মুখ পানে চাহিয়া রহিল

বহুক্ষণ পরে ছাড়ি দিয়া মোরে

চলি গেলা উন্মত্তের প্রায়।

পলো। এস মম সনে,

যাব আমি রাজ-সন্নিধান,

প্রেমে মত্ত হ'য়েছে কুমার,

নহে ভাল কথা,

প্রেমে পারে অসাধ্য সাধিতে,

বাধা বিঘ্ন নাহি কিছু মানে।

হ'লেম দুঃখিত—

কহেছ কি কোন কটু কথা,

কুমারে ইহার আগে ?

অফে। না পিতঃ,

কিন্তু দেব তোমার আদেশে,

লিপি আর তাঁর করিনা গ্রহণ,

সব তাঁরে করি প্রত্যর্পণ।

পলো। উন্মাদের এই সে কারণ।

হ'লেম দুঃখিত,

আগে আমি ভাবি নাই ইহা।
ভেবেছিনু আগে,
প্রণয় তাহার
নহে বদ্ধমূল শুধু যৌবন-প্রলাপ।
ধিক্ মোরে, এতদূর ভাবি নাই কেন?
তব প্রেম উন্মত্ত কারণ।
এস যাই মোরা রাজার সকাশে,
উচিত এ সব জানাইতে তাঁরে।
করিলে গোপন
হ'তে পারে, ভীষণ ঘটন।
চল যাই।

(উভয়ের প্রস্থান।

দ্বিতীয় গর্ভাঙ্ক

রাজপ্রাসাদ।

(রাজা, রাণী, রোজেনক্র্যান্‌জ্, গিল্ডনষ্টারণ্ ও অনুচরবর্গ।)

রাজা। এস, এস প্রিয় রোজেনক্র্যান্‌জ্,
গিল্‌ডনষ্টারণ্ সুবিজ্ঞ সুধীর,
আছিনু অধীর বড়
তোমাদের হেরিতে সত্বরে।
এত প্রয়োজন,

পাঠাতেছিলাম দূত তোমাদের পাশে।

বোধ হয় শুনিয়াছ,
কুমারের বৈষম্য হয়েছে,
নাহি আর পূর্ব্বের সে জন,
নাহি আর পূর্ব্বের প্রকৃতি,
সে কুমার নহে এ কুমার।
কারণ ইহার
না পারি বুঝিতে কিছু।
জনক-বিরহে এতদূর নহেতো সম্ভব।
আছে সুনিশ্চয়
অন্য কোন গুরুতর হেতু।
কুমারের সনে
সমপাঠী তোমরা উভয়ে,
সেই হেতু প্রার্থনা আমার,
কুমারের সনে,
থাক দুই জনে,
কিছু দিন প্রাসাদে আমার।
বাল্যকাল হ'তে
জান উভে কুমার-প্রকৃতি।
কিবা তাপে কুমার তাপিত,
জানিতে তা পারিবে উভয়ে,
অজ্ঞাত যা মোদের এখন।
জানিলে কারণ,
প্রতীকার হ'তে পারে তার।

রাণী। মাননীয় বংশের প্রসূত
তোমরা উভয়ে।
হ্যাম্‌লেট্ তোমাদের কথা সদা কয়
বড় প্রীতি তোমাদের সনে,
অন্য সনে নাহি হয় এত।
আমাদের প্রতি যদি থাকে ভালবাসা,
তবে শুন মিনতি আমার,
রহ আমাদের সনে কিছুকাল উভে,
নাহি যদি সময়ের হয় অপব্যয়।
কোনরূপ ত্রুটি নাহি হবে
রাজার সম্মানে উভে, রাখিব আমরা।

রোজ। রাজা রাণী যাহা
দিবেন অনুজ্ঞা আমাদের,
শিরোধার্য্য করিব সকলি।
মোরা আজ্ঞাধীন হে ভূপাল তব,
কেন কর মিনতি মোদের?
আজ্ঞাদাস মোরা চিরদিন।

গিল্। যা কহিলা বন্ধুবর মম,
হে রাজন! সত্য তা সকলি।
পালিব আদেশ তব মোরা
করি প্রাণপণ।

রাজা। বহু ধন্যবাদ করি তোমা সবে।

রাণী। লহ মম ধন্যবাদ তোমরা উভয়ে।
করি অনুনয়,

মম পুত্রসহ দেখা করহ সত্বর।

(জনৈক অনুচরের প্রতি)

সযতনে লয়ে যাও উভে,

বিরাজেন কুমার যথায়।

গিল্। ঈশ্বরের কাছে প্রার্থনা মোদের

পারি যেন দুশ্চিন্তা নাশিতে।

রাণী। ঈশ্বর সহায় হ'ক্ তোমা সবাকার।

(রোজেন্‌ক্র্যান্‌জ গিল্ডন্‌ষ্টারণ্ ও কতিপয় অনুচরের প্রস্থান)

(পলোনিয়াসের প্রবেশ)

পলো। প্রেরিলে যে দূত মহারাজ,

নর্‌ওয়ে রাজার সন্নিধানে,

কার্য্য সাধি তাঁহারা উভয়ে

আসিয়াছে হর্ষ মনে ভেটিতে তোমায়।

রাজা। হে সচীব,

দিলে তুমি আনন্দ-বারতা।

তব মুখে সদা শুভ-বাণী।

পলো। শুভাকাঙ্ক্ষী এ দাস তোমার,

ঈশ্বরে তোমাতে দেব, প্রভেদ না মানি

এ রাজ্যের কুশল ভাবনা

সদা রাখি হৃদয়ে আমার।

তব ভ্রাতুষ্পুত্র কুমার হ্যাম্‌লেট্,

কি কারণ উন্মাদের প্রায়

কথা কয়, কার্য্য করে, জানিতে এসব
হ'য়েছে বাসনা তব;
জানিয়াছি দেব!
আমি এর প্রকৃত কারণ।

রাজা। বল ত্বরা করি অমাত্য-প্রধান,
বহুদিন ধরি,
জানিতে সে সব মম অন্তরে বাসনা।

পলো। রাজদূত আছে অপেক্ষিয়া,
করহ আদেশ
আসিবারে তব সন্নিধানে,
পরে দেব শুনিবে সকলি
যা সংবাদ আছে মম দিতে।
পরে নিবেদিব,
যা আমার আছে বলিবার।

রাজা। ভাল মন্ত্রী লয়ে এস উভে,
যথাযোগ্য প্রদর্শি' সম্মান।
(পলোনিয়াসের প্রস্থান)
শুনিলে মহিষী,
কহিল সচীববর,
হ'য়েছেন জ্ঞাত
কুমারের উন্মাদ-লক্ষণ।

রাণী। স'ন্দ হয় মনে,
নাহি আছে অপর কারণ,
বিনা জনকের মৃত্যুকাল
আর মম ত্বরা-পরিণয়।

(ভল্টিম্যাণ্ড্‌ ও কর্নিলিয়াসসহ পলো-
নিয়াসের পুনঃ প্রবেশ।)

রাজা। এস এস রাজ্যের বান্ধব,
নর্‌ওয়ে রাজন,
কি সংবাদ পাঠাইল মোরে ?

ভল্টি। নরনাথ !
জানাইয়া নমস্কার তব শ্রীচরণে
দানিলা আনন্দ-বার্ত্তা নর্‌ওয়ে রাজন,
রুগ্ন শয্যোপরি
আছিলেন শয্যাশায়ী বহুদিন,
বিদ্রোহ-সংবাদ তাঁর পশেনি শ্রবণে।
ডাকাইয়া ভ্রাতুষ্পুত্রে রাজসভা মাঝে,
করিলেন যথোচিত তিরস্কার তাঁরে।
ভ্রাতৃ-পুত্র তাঁর
অনুতাপ করি বহুবিধ
চাহিলেন মার্জ্জনা প্রার্থনা।
আজ্ঞা হ'ক্‌ রাজ-লিপি করিতে গ্রহণ।
(পত্র প্রদান)

রাজা। দৌত্যকার্য্য যথাযোগ্য ক'রেছ সমাধা।
অবকাশ মতে
পাঠ করি, বিধিমত দিব প্রত্যুত্তর।
যাও লভহ বিশ্রাম,
নিশাকালে আইস উভয়ে

করিবারে আমাদের সনে
আনন্দ-ভোজন।
(ভল্টিম্যাণ্ড্ ও কর্নিলিয়াসের প্রস্থান)

পলো। এক কার্য্য ভালরূপে হইল সমাধা।
কহি এবে কুমারের কথা;
মহারাজ, মহারাণী করহ শ্রবণ।
পুত্র তব হয়েছে উন্মাদ,
ঘোর উন্মাদ, জ্ঞান বুদ্ধিহীন;
কিন্তু যাক্ ও সকল কথা।

রাণী। ত্যজ বৃথা বাক্য ব্যয়,
জান যদি কহ সার কথা।

পলো। নহে বৃথা বাক্যব্যয় দেবি,
করি সত্য নাহি জানি ছলা।
হ্যাম্‌লেট্ হ'য়েছে উন্মাদ,
নাহি আছে ইহাতে সংশয়।
শুন এবে কারণ ইহার;
এই যে পত্রিকা দেবি হের মম করে,
করি পাঠ বুঝিবে সকল
নহে মম কন্যা দোষী ইথে,
পিতৃ-আজ্ঞা কথন সে না করে লঙ্ঘন।

রাণী। অই লিপি খানি
লিখিয়াছে হ্যাম্‌লেট্ তব দুহিতারে?

পলো। ক্ষণকাল তিষ্ঠ মহারাণি,
প্রণিধান কর এই লিপি।

(পত্র পাঠ)

"নক্ষত্র, অনল বলি' সন্দেহিতে পার ;
রবি চলে শূন্য মার্গে এও মনে কর ;
সত্য, মিথ্যা হ'তে পারে করহ সংশয় ;
ক'র না সন্দেহ কিন্তু আমার প্রণয়।"

প্রাণাধিকা অফেলিয়া, আমি কবি বা কাব্য-বিশারদ নহি যে পত্রের দ্বারা আমার মনোভাব ব্যক্ত করিতে পারিব, কিন্তু নিশ্চয় জানিও, আমি তোমাকে অতিশয় ভালবাসি ;—প্রাণাপেক্ষা ভালবাসি, ইহাতে কিছুমাত্র সন্দেহ করিও না। মনে রেখ, বিদায়।

প্রাণাধিকা তোমারি—একমাত্র তোমারি

হ্যাম্‌লেট্।"

মম আজ্ঞা মত
দেখায়েছে লিপিখানি তনয়া আমারে ;
আরও বহুবিধ আমি পেয়েছি কারণ,
ভালবাসে দুহিতারে তোমার নন্দন।

রাজা। কহ মন্ত্রি,
কি ভাবে নন্দিনী তব
কুমারের লিপি সব করিল গ্রহণ ?

পলো। কিরূপ আমারে ভাব দেব ?

রাজা। মাননীয় সুবিশ্বাসী নর।

পলো। আমিও প্রমাণ তার দিব নরনাথ।
ক্ষম দেব !
কুমারের প্রেম আগে ভেবেছিনু মনে,

চঞ্চল যৌবনে শুধু চাঞ্চল্য-প্রকাশ,
বদ্ধমূল নহে তার প্রেম।
সেই হেতু নিবারিনু
তনয়ারে মম,
কোন লিপি করিতে গ্রহণ;
আসিলে কুমার
নাহি যেন করে সে সাক্ষাৎ।
কহিলাম স্পষ্টাক্ষরে;—
'শুনহ দুহিতে,
রাজবংশোদ্ভব কুমার হ্যাম্‌লেট্;
তুমি এক মন্ত্রি-কন্যা শুধু,
বহু তারতম্য আছে দেখ
দু'জনার ভিতরি এ ভবে,
পরিণয় সম্ভব না হয়;
অতএব আদেশ আমার
করহ পালন,
করিও না কুমারের উৎসাহ বর্দ্ধন।'
মম কথা মত,
অফেলিয়া আর না কুমার সনে
করিল সাক্ষাৎ;
বার্ত্তাবহ
বিফলে ফিরিয়া গেল প্রভু-পত্র ল'য়ে;
দিন দিন কুমার হইল ক্ষীণ;
বিষাদের রেখা

ক্রমে আসি দেখা দিল বদনে তাহার,
শূন্য প্রাণ কার (ও) সনে নাহি কয় কথা,
দিনে দিনে স্বভাবের হ'ল বৈলক্ষণ,
ক্রমশঃ উন্মত্ত ভাব আসি দেখা দিল।
রাজ্যবাসী সবাই দুঃখিত
কুমারের হেতু,
আমাদের দুঃখের কারণ,
কহিনু যা, নিশ্চয় রাজন্।

রাজা। কেমন মহিষি,
এই কি কারণ তব অনুমান হয়?

রাণী। নহে অসম্ভব মহারাজ।

পলো। কহ মহারাজ
'সুনিশ্চয় ইহা' আমি বলিয়াছি যাহা
কখন কি বিপরীত হইয়াছে তার?

রাজা। যতদূর জানি বিজ্ঞবর,
তোমার মন্ত্রণা কিম্বা তোমার ধারণা,
ভ্রমরূপে পরিণত হয়নি কখন।

পলো। এখনও হবে না দেব;
দেহ হ'তে শির মম করিও গ্রহণ,
ধারণা আমার যদি বৃথা হয় রাজা।

রাজা। কহ মন্ত্রিবর!
কেমনে জানিব মোরা ইহার কারণ?

পলো। জ্ঞাত আছ নরনাথ,
প্রাসাদ-সংলগ্ন উপবনে

ভ্রমেণ কুমার বহুক্ষণ ধরি'
কখন কখন।

রাণী। সত্য কথা মন্ত্রিবর।

পলো। সময় বুঝিয়া সেইকালে
পাঠাইব মম দুহিতারে
কুমার-সদনে,
তুমি আমি মহারাজ অন্তরালে থাকি'
শুনিব সকল কথা যা হ'বে তথায়।
যদি নাহি পাও দেব প্রণয়-লক্ষণ,
কহি সত্য বাণী,
মন্ত্রিপদ উপযুক্ত না হয় আমার,
লাঙ্গল ধরিয়া
কৃষকের কার্য্যে হ'ব রত।

রাজা। ভাল মোরা পরীক্ষা করিব
যা কহিলে মন্ত্রিবর।

(পড়িতে পড়িতে হ্যাম্‌লেটের প্রবেশ)

রাণী। দেখ, দেখ,
বিষণ্ণ বদনে কিবা পড়িতে পড়িতে
আসে হ্যাম্‌লেট্‌ এই স্থানে।
আহা হতভাগ্য তনয় আমার!

পলো। মহারাজ! মহারাণি!
মিনতি আমার,
দোঁহে কর প্রস্থান এখন,

রহি আমি এই স্থানে।
দেহ অনুমতি,
কুমারের সনে কব কথা।

(রাজা, রাণী ও অনুচরবর্গের প্রস্থান)।

হ্যাম্‌। ওমা, এ আবার কেবা ?

পলো। নাহি জান আমারে কুমার ?

হ্যাম্‌। বেশ জানি, তুমিতো ধীবর।

পলো। না, রাজকুমার।

হ্যাম্‌। তবে তুমি সদাশয় লোক।

পলো। সদাশয় কেমনে জানিলে ?

হ্যাম্‌। সদাশয় কিসে হয় লোক
কহি শুন।
পৃথিবীর নিয়ম এখন,
যত পার করিবে হরণ
অপরের, দ্বিধা নাহি মানি ;
সজ্জন বলিয়া তবে হবে অভিহিত।

পলো। যা কহিলে সত্য তা' সকলি।

হ্যাম্‌। দেখহ কারণ,
মরিলে কুক্কুর কোন,
সূর্য্যরশ্মি পড়ে তার'পরি,
আহা মরি কেমন বাহার ;—
আছে না দুহিতা এক তব ?

পলো। হাঁ কুমার।

হ্যাম্‌। দিও না ভ্রমিতে তারে রবির কিরণে,—

সাবধানে নাহিক বিনাশ,
ঈশ্বরের আশীর্ব্বাদ ইহা।
দুহিতা তোমার,
ভাবিলেও ভাবিবারে পারে,—
বন্ধু ভাল ক'রে ক'র বিবেচনা।

পলো। (স্বগতঃ) এখনও আমার দুহিতার জন্য ইহাঁর হৃদয় চঞ্চল; কিন্তু কুমার প্রথমে আমাকে চিনিতে পারেন নাই, আমাকে ধীবর বলিয়াই জ্ঞান করিয়াছিলেন। প্রণয়ে বুদ্ধি একেবারে বিপর্য্যস্ত করিয়া ফেলিয়াছে। যুবাকালে এক সময়ে প্রণয়ে আমারও অবস্থা ঠিক্ এইরূপ হইয়াছিল। যাহা হউক ইহাঁর সহিত আবার কথা কহি। (প্রকাশ্যে) কুমার কি পাঠ করিতেছেন?

হ্যাম্। শব্দ, বাক্য ইত্যাদি ইত্যাদি।

পলো। ব্যাপার কি কুমার?

হ্যাম্। কার সঙ্গে ব্যাপার?

পলো। আমার বলিবার অর্থ, আপনি যে স্থানটী পাঠ করিতেছেন সেটী কি?

হ্যাম্। পাজিরা বলে যে, বৃদ্ধ লোকের শ্বেত শ্মশ্রু আছে, বদনের চর্ম্ম কুঞ্চিত, মুখ পেচকের মত। এ সকল কথা আমি অন্তরের সহিত বিশ্বাস করি, তাই ব'লে আপনাতে সে সকল কিছু বর্ত্তে নাই। আপনার ও আমার বয়ঃক্রম সমান হইবে। আপনি তর তর ক'রে পিছু হ'টে চলিতে পারেন।

পলো। (স্বগতঃ) এ সকল যদিও উন্মাদ-প্রলাপ, তবুও ইহার কিছু অর্থ আছে। (প্রকাশ্যে) কুমার, বহির্ভাগে একটু বায়ু সেবন করিতে যাইবেন ?

হ্যাম্‌। কোথায় যাইব ?—কবরে ?

পলো। তথায় সে বায়ু নাই। (স্বগতঃ) এই উপযুক্ত সময়, এই বেলা আমার দুহিতাকে এখানে প্রেরণ করি। (প্রকাশ্যে) কুমার! অনুমতি হয়তো আমি এখন বিদায় গ্রহণ করি।

হ্যাম্‌। আমি হৃষ্টচিত্তে এমন কোন দ্রব্য আপনাকে দিতে পারি না, যাহা আপনি গ্রহণ করিতে পারেন। তবে একটী মাত্র পারি,—প্রাণ, জীবন, যৌবন।

পলো। কুমার আসি এখন।

হ্যাম্‌। আবার কারা জ্বালাতে আস্‌ছে।

(রোজেন্‌ক্র্যান্‌জ্‌ ও গিল্ডন্‌ষ্টারণের প্রবেশ।)

পলো। তোমরা কুমার হ্যাম্‌লেট্‌কে অন্বেষণ করিতেছ; ঐ যে উনি ওখানে।

রোজে। মন্ত্রী মহাশয়, ঈশ্বর আপনাকে কুশলে রাখুন।

(পলোনিয়াসের প্রস্থান।)

গিল্‌। মাননীয় কুমার!—

রোজে। প্রাণাধিক কুমার!—

হ্যাম্‌। একি, আমার পরম বন্ধুগণ এখানে! এস, এস, কেমন আছ সব ?

রোজে। জগতের পুত্রগণ আছে যেই ভাবে।

গিল্‌। বহু সুখে সুখী মোরা, বহু সুখী নহি বলি;
বহু সুখ
নহে অনুচর আমা সবাকার।

হ্যাম্‌। ভাগ্যদেবী পদে বন্ধু আশ্রিত তোমরা।

রোজে। না, রাজকুমার।

হ্যাম্‌। তবে তোমরা ভাগ্যদেবীর পার্শ্বে বাস করিতেছ, না, তাঁহার অন্তঃকরণের মধ্যে কোন স্থান অধিকৃত করিয়াছ?

গিল্‌। ভাগ্যদেবীর গুপ্ত অংশে আমরা বাস করিতেছি।

হ্যাম্‌। ভাগ্যদেবীর গুপ্ত অংশে? সত্য বলিয়াছ; ভাগ্যদেবী বড়ই চঞ্চলা। যাহাহউক বন্ধুগণ, তোমাদের সংবাদ কি?

রোজে। সংবাদ কিছুই নাই কুমার; সংবাদের মধ্যে এই জানি যে জগতে ক্রমশঃ সৎকার্য্য বর্দ্ধিত হইতেছে।

হ্যাম্‌। তবে জগতের মৃত্যু-দিন আগত; কিন্তু তোমার এ সংবাদ সত্য নয়। আমি কোন বিশেষ প্রশ্ন তোমাদিগকে জিজ্ঞাসা করিতেছি, তাহার উত্তর প্রার্থনা করি। ভাগ্যদেবী তোমাদিগকে কোন্‌ অভিলাষ পূর্ণ করিবার জন্য কারাগারতুল্য এ রাজ্যে প্রেরণ করিয়াছেন?

গিল্‌। কারাগার, কুমার?

হ্যাম্‌। ডেন্‌মার্ক্‌ এক্ষণে কারাগার।

রোজে। তাহ'লে এই পৃথিবীই একটা কারাগার।

হ্যাম্‌। সুন্দর কারাগার। ইহার ভিতর নানা গৃহ নানা

আবদ্ধ স্থান, নানা গহ্বর বিরাজ করিতেছে। ডেন্মার্ক্ সকল কারাগারের মধ্যে অতি নিকৃষ্ট-তম কারাগার।

রোজে। আমরা সেরূপ ভাবি না কুমার।

হ্যাম্। তবে তোমাদের পক্ষে ইহা কিছুই নয়। তোমরা ইহাকে ভাল বিবেচনা করিলে ভাল ও মন্দ বিবেচনা করিলে মন্দ ভাবিতে পার। আমার পক্ষে ইহা একটী বিষম কারাগার।

রোজে। আপনার উচ্চাভিলাষ আপনাকে অন্ধ করিয়াছে। উচ্চ হৃদয়ে ওরূপ সংকীর্ণ ভাব আপনার শোভা পায় না।

হ্যাম্। স্বপ্নে অল্প সীমাবদ্ধ স্থানে দণ্ডায়মান হইয়া সেই স্থানটী বিশাল রাজ্যক্ষেত্র মনে করিতে পারি ও আমিই তাহার একমাত্র অধিপতি মনে করিয়া গর্ব্বে স্ফীত হইতে পারি, কিন্তু তাহা এক অমূ-লক ভিত্তিহীন স্বপ্ন বই আর কিছুই নয়।

গিল্। ঐ সকল স্বপ্ন কেবল উচ্চাভিলাষ মাত্র। উচ্চা-ভিলাষ কেবল স্বপ্নের ছায়া।

হ্যাম্। স্বপ্ন মাত্রই ছায়া।

রোজে। সত্য। আমি উচ্চাভিলাষকে ছায়ার ছায়া জ্ঞান করি।

হ্যাম্। তবেই ইহা বুঝা যাইতেছে যে দরিদ্রগণ শরীর বিশিষ্ট জীব, ও বীরেন্দ্র নর ও রাজগণ কেবল দরিদ্রদিগের ছায়ামাত্র। সকলে কি রাজসভায়

যাইবে? বলিতে কি আমি তো একপ্রকার বুদ্ধিহীন হইয়াছি।

রোজে। } আমরা কুমারের সহগামী হব।
গিল্। }

হ্যাম্। না, না, তা হওনা। তোমরা আমার সহগামী হবার উপযুক্ত নও। সরলভাবে তোমাদিগকে সত্য বলিতেছি যে, ভীষণরূপে আমি বেষ্টিত আছি, ভীষণতা আমার সহচর, তোমরা কেন আমার সহচর হবে? এক্ষণে যথার্থ বল দেখি কি কারণে তোমাদের এ রাজ্যে আগমন হ'ল?

রোজে। কুমারের সাক্ষাৎ প্রার্থনায়ই আমাদিগের আগমন, অপর কারণ কিছুই নাই।

হ্যাম্। আমি দরিদ্র, তোমাদিগকে যে আমি ধন্যবাদ প্রদান করি, এমন ক্ষমতাও আমার নাই। তবুও তোমাদিগকে ধন্যবাদ প্রদান করিতেছি। বন্ধুগণ, নিশ্চয় জানিও, আমার ধন্যবাদের মূল্য মহার্ঘ। অর্দ্ধ পয়সা অবধি ইহাতে ব্যয় হইতে পারে। যাহা হউক, তোমাদিগকে জিজ্ঞাসা করিতেছি সত্য বল, তোমাদিগকে কি কেহ আহ্বান করিয়া এখানে আনয়ন করে নাই? তোমরা কি স্বেচ্ছায় আসিয়াছ? বন্ধুগণ! অকপটে উত্তর দাও, প্রবঞ্চনা করিও না।

গিল্। কুমার, কি উত্তর আমরা আপনাকে প্রদান করিব?

হ্যাম্‌। যাহা তোমাদিগের অভিরুচি। তোমরা যে এই স্থানে আমন্ত্রিত হইয়া আসিয়াছ, তাহা তোমাদিগের আকৃতিতে প্রকাশ পাইতেছে। সদাশয় রাজা ও রাণী তোমাদিগকে নিমন্ত্রিত করিয়া আনিয়াছেন।

রোজে। কি কারণে নিমন্ত্রণ করিবেন ?

হ্যাম্‌। সেই কারণটা আমাকে বলিতে হইবে। বন্ধুত্বের—সমবয়স্কের ভালবাসার অনুরোধে আমাকে সত্য বল তোমরা নিমন্ত্রিত হইয়া আসিয়াছ কি না ?

রোজে। (গিল্‌ডনষ্টারণের প্রতি জনান্তিকে) কি যুক্তি হয় ?

হ্যাম্‌। (স্বগতঃ) আমার চক্ষে ধূলা দিতে পারিবে না। (প্রকাশ্যে) যদি তিলার্দ্ধ আমাকে ভালবাস, সেই ভালবাসার শপথ, তোমরা এইটী বলিতে নীরব হইবে না।

গিল্‌। কুমার, আমরা আমন্ত্রিত হইয়াই আসিয়াছি।

হ্যাম্‌। এক্ষণে তোমাদিগের আমন্ত্রণের কারণ কি তাহা আমি বলিতেছি শ্রবণ কর। গত কয়েক দিবস হইতে (কারণ বলিতে পারি না) আনন্দ, উৎসাহ, উদ্যম আমার হৃদয়কে পরিত্যাগ করিয়াছে, সংসার দুঃখময় ভীষণ কারাগারে পরিণত হইয়াছে ; সমীরণ, নভোমণ্ডল, প্রাসাদ, ঐশ্বর্য্য, ক্ষমতা যেন প্রাণঘাতী পীড়ারূপে আমার চতু-

দ্দিকে বেষ্টন করিয়া রহিয়াছে। যে মানবজাতি ঈশ্বরের সৃজনের অলঙ্কার, যাহাদিগের মনোহর ভাব ভঙ্গিতে হৃদয় আনন্দে ভাসিতে থাকে, সেই সমগ্র মানবজাতি ভীষণ নরাকার রাক্ষস রাক্ষসীতে পরিণত হইয়া যেন আমাকে গ্রাস করিতে আসিতেছে। বন্ধুগণ! তোমাদিগের হাস্যোৎফুল্ল বদন দর্শন করিয়া অনুভব হইতেছে যে তোমাদিগের নয়নে সেই সকল দৃশ্য সুখকর; নর, নারী তোমাদিগের হৃদয়ে দেবদেবীভাবে বিরাজ করিতেছে। আমি পাপাত্মা, এ সকল আমার সহিবে কেন? সুতরাং তোমাদিগের সহিত আমার মনের ঐক্য হবে না, অতএব বন্ধুগণ, আমাকে পরিত্যাগ কর।

রোজে। কুমার, আমার এক্ষণে ও সব কোন চিন্তা নাই।

হ্যাম্। আমি যখন বলিলাম, মনুষ্যে আর আমার আনন্দ নাই, তখন তুমি হাস্য করিলে কেন?

রোজে। তখন মনে উদয় হইল যে, মানবে যদি আপনার আনন্দ না হয়, তবে অভিনেতৃগণকে দর্শন করিলে আপনার কিরূপ ভাবের উদয় হইবে, তাহাই স্মরণ করিয়া হাস্য করিলাম। আপনার সেই প্রিয় অভিনেতৃগণ আপনার সহিত সাক্ষাতের মানসে আগমন করিয়াছেন, জানি না তাহাদিগের দর্শনে আপনার মনে কিরূপ ভাবের উদ্রেক হইবে।

হ্যাম্‌। যে অভিনেতা রাজার অংশ অভিনয় করেন, তাঁহাকে আমি সানন্দে গ্রহণ করিতে পারি। কারণ তিনি স্বয়ং রাজা নহেন, কিন্তু অভিনয়ের দ্বারা রাজার প্রকৃতি সুন্দররূপে ব্যক্ত করিতে পারেন। যিনি বিদূষক তিনি জন-সাধারণকে হাস্য করান, কিন্তু নিজে ভণ্ড নহেন। সুতরাং অভিনেতা বা অভিনেত্রীগণ আমার চক্ষে বিষবৎ নহেন, তাঁহারা কোন শ্রেণীর অভিনেতা ?

রোজে। কুমার, যে সম্প্রদায়ের অভিনয় দর্শন করিতে আপনি ভালবাসেন, যে সম্প্রদায় করুণভাব প্রকাশ করিয়া জনসাধারণকে কাঁদাইতে পারেন, সেই সুবিখ্যাত সম্প্রদায়-মণ্ডলী আসিয়াছেন।

হ্যাম্‌। কি আশ্চর্য্য দৈব সম্মিলন! এ কয়েক দিবস আমি ঐ সম্প্রদায়ের বিষয় চিন্তা করিতেছিলাম। তাঁহাদিগের অভিনয় ও বংশাবলী চিরপ্রসিদ্ধ। তাঁহারা সকলেই কি আসিয়াছেন ?

রোজে। কুমার, বোধ করি তাঁহারা সকলেই আসিয়াছেন।

হ্যাম্‌। আমি যখন রাজধানীতে তাঁহাদিগের অভিনয় দর্শন করি, তখন যেমন তাঁহাদিগের খ্যাতি প্রতিপত্তি ছিল, এখনও কি তদ্রূপ সমভাবে আছে ?

রোজে। না, তদ্রূপ আর নাই।

হ্যাম্‌। সেকি ? ক্রমশঃ কি তবে অধোগতি হইতেছে ?

রোজে। কুমার, সন্তানসন্ততিগণের দ্বারা তাঁহারা জড়ীভূত ও বিব্রত হইয়া পড়িয়াছেন, জগতের রীতিই এই।

হ্যাম্‌। সেকি? ইতিমধ্যেই তাঁহারা সন্তানসন্ততিগণ দ্বারা বেষ্টিত হইয়া পড়িয়াছেন? কিরূপে তাহাদিগের ভরণ-পোষণ-নির্ব্বাহ হইতেছে? তাহারা কি এক্ষণে পিতামাতার ব্যবসা শিক্ষা করিতেছে, না, অন্য কোন ব্যবসা অবলম্বন করিয়াছে? যদি তাহাদিগের পিতামাতার অবস্থা সচ্ছল না হয়, কাজেই তাহাদিগকে পিতামাতার ব্যবসা শিক্ষা করিতে হইবে ও অভিনেতা নামে খ্যাত হইয়া এই বিশাল জগতে পরিভ্রমণ করিতে হইবে।

রোজে। কাব্য-লেখক ও অভিনেতৃবর্গের অভাব আজকাল বড় নাই, সুতরাং উভয় পক্ষেরই খ্যাতি ক্রমশঃ হ্রাস হইতেছে।

হ্যাম্‌। সত্য না কি?

গিস্‌। কিন্তু অভিনেতা হইতে গেলে একটু মস্তিষ্কের প্রয়োজন করে।

হ্যাম্‌। উহাদের বালকদিগের সেই মস্তিষ্ক টুকু আছে তো?

রোজে। আছে বৈকি কুমার, নতুবা এত অল্প বয়সে তাহারা দর্শকমণ্ডলীর সমক্ষে অবতীর্ণ হইতে পারে?

হ্যাম্‌। ইহা বড় আশ্চর্য্যের বিষয় নহে। আমার পিতৃব্য এক্ষণে ডেন্‌মার্কের অধিপতি! আমার পিতা বর্ত্তমানে যাহারা পিতৃব্যের তোষামোদ করিত, তাহারা বিশ, চল্লিশ, পঞ্চাশ ও

একশত মুদ্রা অবধি পারিতোষিক প্রাপ্ত হইত। তাহাদিগের অভিনয়ও মন্দ নয়, সে ব্যবসায়ও সর্ব্বোৎকৃষ্ট ব্যবসা!

(নেপথ্যে তূর্য্যধ্বনি)।

গিল্‌। অভিনেতৃগণ আসিতেছেন।

হ্যাম্‌। বন্ধুগণ! তোমাদিগকেও আমি অভ্যর্থনা করিতেছি। কিন্তু আমার বর্ত্তমান পিতৃব্য-পিতা ও খুড়ীমাতা প্রতারিত হইয়াছেন।

গিল্‌। কিসে কুমার?

হ্যাম্‌। এক্ষণে উত্তর-সমীরণে আমার মস্তিষ্ক বিকৃত করিয়াছে, আমি পাগল হইয়াছি, আবার যখন দক্ষিণ-সমীরণ বহিতে থাকিবে, তখন প্রকৃতিস্থ হইব।

(পলোনিয়াসের প্রবেশ)।

পলো। আপনাদের কুশল হউক্‌।

হ্যাম্‌। গিল্‌ডন্‌ষ্টার্‌ন্‌ শোন, তুমিও সরে এস। দেখ, দেখ, ঐ বুড়ো ছেলেটার আকৃতি দেখ।

রোজে। কথায় বলে "বৃদ্ধত্ব প্রাপ্ত হইলে দ্বিতীয় শৈশবকাল উপস্থিত হয়।"

হ্যাম্‌। দেখ আমি গণনা করিয়া ইহার আগমনের কারণ বলিতেছি। ও বলিতে আসিয়াছে যে অভিনেতৃগণ আসিতেছে। মহাশয় গো, ঠিক্‌ বলিয়াছ, আজ সোমবার প্রাতঃকাল।

পলো। কুমার, আপনাকে সংবাদ দিতে আসিয়াছি।

হ্যাম্‌। আমিও আপনাকে সংবাদ দিতে আসিয়াছি, যখন রোসিয়া রোমের অভিনেতা ছিল,—

পলো। কুমার, অভিনেতৃগণ এ স্থানে উপনীত হইয়াছেন।

হ্যাম্‌। দূর, দূর!

পলো। আমার দিব্যি,—

হ্যাম্‌। তবে প্রত্যেক অভিনেতা এক একটী গর্দ্দভে আরোহণ করিয়া আসিয়াছে,—

পলো। তাঁহারা জগতের সর্ব্বোত্তম প্রসিদ্ধ সম্প্রদায়। কি বিয়োগান্ত, কি মিলনান্ত, কি ঐতিহাসিক, কি পারিবারিক, কি প্রহসন যে কোন বিষয়ই হউক না কেন, তাহাদের সমকক্ষ আর কোন সম্প্রদায় অভিনয় করিতে পারেন না।

হ্যাম্‌। ইস্‌রালের বিচারক হে মহৎ জেপ্‌থিয়া! আপনার কি অসীম বিচার ক্ষমতা! আপনার কি অনন্ত ধনভাণ্ডার!

পলো। কুমার, তাঁহার কি এক ধনভাণ্ডার ছিল?

হ্যাম্‌। হাঁ, হাঁ,

ছিল এক কন্যারত্ন অনন্ত ভাণ্ডার,
ভালবেসেছিল বড়, দুহিতারে তার।

পলো। (স্বগতঃ) এখনও আমার কন্যার কথা মনে মনে আন্দোলন হ'চ্ছে।

হ্যাম্‌। আমার কথা ঠিক্ না, ওহে বৃদ্ধ জেপ্‌থিয়া?

পলো। কুমার, আপনি আমারে জেপ্‌থিয়া ব'লে সম্বোধন করিতেছেন, অতএব আমারও এক কন্যা

আছে, যাকে আমিও বড় ভালবাসি, আর তাঁ'কে সংপাত্রে সম্প্রদান করিবার জন্য বড়ই ব্যস্ত আছি।

হ্যাম্। না, এ ঠিক্ হ'ল না।

পলো। তবে কি ঠিক্ হ'বে কুমার ?

হ্যাম্। হবে, হবে, ঈশ্বর ঠিক্ দেখাবে। কিন্তু দেখ, দেখ, ঐ যে মহাপ্রভুরা আস্‌ছেন।

(অভিনেতা ও অভিনেত্রীগণের প্রবেশ)।

এস, এস, প্রভুগণ ; আমি তোমাদিগকে দেখিয়া বড়ই সন্তোষ লাভ করিলাম। ওহে পুরাতন বন্ধু! তোমার বদনের মাংস এর মধ্যে কুঞ্চিত হইল কেন ? ডেন্‌মার্কে কি কারণে তোমাদের আগমন হ'ল ? আমার সহিত কলহ করিবে না কি ? এই যে অভিনেত্রীগণও এসেছেন। রমণী-গণ ! তোমরা স্বর্গরাজ্যের অতি সন্নিকট, ওগো সুন্দরি, তোমার স্বর ঠিক্ যেন বংশী রব। ওহে, তোমাদের মধ্যে একজন একটু অভিনয় কর, শোনা যাক্।

১ম অভি। কুমার অনুমতি করুন কোন্ বিষয় অভিনয় ক'র্‌ব ?

হ্যাম্। তোমাদের যে বিষয়টী একবার আমাকে শুনাইয়া-ছিলে, যদিও তোমরা সেই অভিনয়টী অন্য কোন স্থানে কর নাই, কারণ সাধারণে তাহা আনন্দে গ্রহণ করিতে পারে নাই, তত্রাচ আমার

সেই অভিনয়টী বড় মিষ্ট লাগিয়াছিল। এনিও-ভিডোর অভিনয় যেখানে প্রায়েমের হত্যার বিষয় বর্ণিত আছে। যদি তোমার স্মরণ থাকে, তবে এই পংক্তি থেকে আরম্ভ কর।

"বীরেন্দ্র ফিরাস, যার হৃদয় নিলয়
তমসা-আবৃত, যেন ঘোর অমানিশা,
বাহিরিল কৃষ্ণবর্ণ ঘোটক আরোহি,'
রক্তমাখা সর্ব্বদেহ রক্তময় আঁখি।
কত পতিব্রতা নারী হ'য়েছে বিধবা,
কত পুত্র হারায়েছে আপন জনকে,
জননী-দুহিতা-রক্ত মিলে তার সনে।
সেই সব রক্তনদী হ'তেছে বাহিত
বীরেন্দ্র ফিরাস্ দেহে, মূর্ত্তি ভয়ঙ্কর।
নয়ন তারকা জ্বলে ধক্ ধক্ করি,
যেন দৃষ্টি দগ্ধ করে সমস্ত জগৎ,
অন্বেষিছে কোথা আছে প্রায়েম ভূপতি";—
তার পর হ'তে অভিনয় কর।

পলো। কুমার আপনার কথাগুলি কি মিষ্ট, যেন এখনও আমার কর্ণে ধ্বনিত হচ্চে।

১ম অভি। নিষ্কোষিয়া অসি ধায় দুর্দ্দান্ত ফিরাস্।
যথায় প্রায়েমরাজ করেন বিরাজ,
প্রায়েমের হৃদ ভেদি অসি বাহিরিল,
বিলুণ্ঠিত হলো হায় প্রায়েমের দেহ,
কহিলা ফিরাস-বীর অনুচরগণে,

ঘোষযন্ত্র বিঘোষিয়া দেহ ঘরে ঘরে,
এ রাজ্য স্বাধীন আর অধীনতা নাই,
অবিশ্বাসী অত্যাচারী প্রায়েম নিহত।

পলো। এ অভিনয়টী অতি দীর্ঘ।

হ্যাম্‌। তোমার যদি ইহা দীর্ঘ বোধ হয়, তাহা হইলে কোন ক্ষৌরকারের নিকট দীর্ঘ শ্মশ্রু উৎপাটন করগে। (অভিনতার প্রতি) ওহে থাম্‌লে কেন, ব'লে যাও, আবার বিলম্ব কর কেন? বলনা;—

১ম অভি। কিন্তু অহো প্রাণ ফেটে যায়,
বর্ণিতে মহিষী শোক,
রসনায় বাক্য না যুয়ায়,
আলু থালু কেশ, আহা পাগলিনী বেশে
উন্মাদিনী হইল বাহির,
নীরব সৈনিককুল, মুখে বাক্যহীন,
অনন্ত শোকের স্রোত সবার হৃদয়ে।
জ্ঞানহারা বুদ্ধিহারা পাগলিনী রাণী,
চক্ষের তারকা জ্বলে ধক্ ধক্ করি,
আসিল প্রাঙ্গণোপরি অশ্রুহীন আঁখি।

পলো। দেখ দেখ কুমার অমন কচ্চেন কেন,
মুখ পাংশুবর্ণ, চক্ষু বারিভারাক্রান্ত।
(১ম অভিনেতার প্রতি)
মহাশয় অনুগ্রহ করে আপনি নিবৃত্ত হ'ন।

হ্যাম্‌। (অভিনেতার প্রতি) তোমার অভিনয় অতি সুন্দর ও হৃদয়গ্রাহী হইয়াছে, যান মন্ত্রিবর রাজালয়ে ইহা-

দিগকে একটী গৃহ দিন্‌গে। দেখবেন, যেন ইহা-দের অভ্যর্থনার ক্রটী না হয়, আমি ইহাদিগকে কিছুদিন আমাদের প্রাসাদে রাখিতে ইচ্ছা করি।

পলো। রাজকুমার, ইঁহাদের যথাবিহিত অভ্যর্থনার কোন ক্রটী হবে না, তজ্জন্য আপনি নিশ্চিন্ত হউন।

হ্যাম্‌। দে'খ যেন ইহাদের কেহই পলায়ন না করেন, সকলকেই দিব্য রাজভোগে রাখিবে।

পলো। আসুন মহাশয়েরা।

(পলোনিয়াস ও কতিপয় অভিনেতার প্রস্থান)

হ্যাম্‌। (অবশিষ্ট অভিনেতার প্রতি)

বন্ধুগণ, তোমারাও উহাদের অনুসরণ কর, কাল তোমাদের একটী অভিনয় দর্শন করিব, গঞ্জে-লোর হত্যাবিষয়ক অভিনয়টী তোমরা অভিনয় করিতে পারিবে ?

১ম অভি। পারিব বৈকি কুমার।

হ্যাম্‌। কাল রজনীতে তবে ঐ অভিনয়টীই হউক, ১০।১২ পংক্তি আমি নিজে রচনা করিয়া দিব, তোমরা তোমাদের অভিনয়ের সহিত যোগ করিয়া দিও ; কেমন পারিবে ত ?

১ম অভি। বেশ্‌ পারিব কুমার।

হ্যাম্‌। ভাল এক্ষণে বিশ্রাম করগে।

(অভিনেতৃগণের প্রস্থান)

(রোজেনক্র্যান্‌জ্‌ ও গিল্ডনষ্টারেণের প্রতি)

বন্ধুগণ! তোমাদের আগমনে আমি প্রকৃত প্রস্তাবে

যৎপরোনাস্তি সুখী হ'য়েছি। রজনীতে যেন তোমাদের সাক্ষাৎ পাই, দেখিও যেন ভুলিও না।

রোজে। কুমার আমরা যথাকালে রজনীতে আসিব, এক্ষণে বিদায় হই।

(রোজেন্‌ক্র্যান্‌জ্‌ ও গিল্ডন্‌ষ্টারণের প্রস্থান)

হ্যাম্‌। ঈশ্বর থাকুন্‌ সদা তোমাদের সনে।
এক্ষণে একাকী আমি, নাহি কোলাহল,
অহো হতভাগ্য চিরদাস আমি।
অভিনেতা অভিনয়-কালে
মিশায় আপন আত্মা সেই জনসহ,
যার অংশ করে অভিনয়।
করুণ করুণ রস হৃদয় টানিয়া
ভাসায় নয়ন-নীরে দর্শকমণ্ডলী।
গ্রন্থের নায়ক
নাহি হয় স্বজন তাহার,
তবু আহা, প্রকাশে কেমন
তার মনভাব, সেই করুণার্দ্র স্বরে।
কখন দর্শকবৃন্দ ভাসে অশ্রুজলে,
কখন বা বীররসে হৃদি উত্তেজিত,
বিভীষণ দৃশ্যে কভু লোমাঞ্চিত দেহ।
কিন্তু ভাগ্যহীন আমি,
হৃদয়ের জ্বালা না পারি কহিতে কারে।
নাহি জানি কি করি উপায়,
মনের সঙ্কল্প কিসে সুসিদ্ধ করিব?

হ'লেম কি ভীরু কাপুরুষ ?
কে কহে পাপাত্মা মোরে ?
মিথ্যাবাদী নরাধম নিশ্চয় সে জন ।
শোণিত-লোলুপ-বিশ্বাসঘাতক-অর্থ লোভী নর
কাল তোর নিকটে আগত ।
এ বড় অদ্ভুত !
প্রিয়তম জনক আমার
হত্যাকারী করে অহো হ'লেন নিধন ।
ক'রেছি প্রতিজ্ঞা আমি স্বর্গ সাক্ষ্য করি,
লব প্রতিশোধ ভীম, হত্যাকারী প্রতি ।
ঘুমাও ঘুমাও পাপী কিছুকাল তরে,
অনন্তকালের নিদ্রা ভুঞ্জিবে অচিরে ।
আসিয়াছে নট নটীগণ
অভিনয় দেখাতে আমারে ।
জনকের হত্যা-অভিনয়,
অভিনয় ছলে পিতৃব্যে দেখাব ;
দেখি তাহে কি ভাব ধরয়ে
পিতৃব্য-বদন ।
যদি দেখি পাংশুবর্ণ মুখ,
না রহিবে সন্দেহ অন্তরে,
প্রতিজ্ঞা আমার
অচিরাৎ করিব সাধন ।
কিন্তু নাহি ভূতযোনি করিব প্রত্যয়,
জনকের ছবি ধরি পাপ আত্মা কোন

গেল কি ছলিয়া মোরে জানিব সত্বর।
দৃঢ়রূপে না জানিয়া কোন,
না করিব হস্তক্ষেপ অন্য কোন কাযে।
অভিনয় হইবে যখন,
দেখিব কি ভাব ধরে পিতৃব্য-বদন।

(প্রস্থান)

তৃতীয় অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

দুর্গ-অভ্যন্তরস্থ প্রকোষ্ঠ।

(রাজা, রাণী, পলোনিয়াস, অফেলিয়া, রোজেন্‌ক্র্যান্‌জ্‌ ও গিল্‌ডন্‌ষ্টারণের প্রবেশ)।

রাজা। কথায় কথায়
পারিলে না জানিতে তোমরা,
হ্যাম্‌লেট্‌ কি কারণ সতত মলিন,
কথন বা উন্মাদের প্রায়!

রোজে। এইমাত্র জানিয়াছি দেব,
ক'রেছেন স্বীকার হ্যাম্‌লেট্‌,
কথন কথন তিনি হন্‌ জ্ঞান-হারা;
কিন্তু কিবা ইহার কারণ,
না কহেন যুবরাজ কোন মতে, দেব।

গিল্‌। কথন কথন মোরা দেখিবারে পাই,
ধীরভাব, জ্ঞানের বিকাশ
হ'য়েছে হৃদয়ে তাঁর;
সে সময় জিজ্ঞাসিলে উন্মাদ-কারণ,
পরক্ষণে শুনিবারে পাই
প্রলাপ-বচন তাঁর মুখে।

রাণী। করিল কি সমাদর যুবরাজ সবে?

রোজে। মহতের যেরূপ আচার।

গিল্। কিন্তু অনুমানি,
অনিচ্ছায় সম্ভাষিল কুমার মোদের।

রোজে। না কহিলে নয় যেই কথা
সেই কথা কহিলেন সবারে কুমার;
কিন্তু মোরা জিজ্ঞাসিলে কিছু,
অকপটে দানিলেন সকল উত্তর।

রাণী। কহিলে কি কোন পূর্ব্ব-কথা
কুমার-সমীপে?

রোজে। দানিলাম সংবাদ কেবল,
আসিয়াছে কতিপয় নটনটী
করিবারে নাট্য-অভিনয়।
শুনিয়া সে কথা,
বোধ হ'ল মহানন্দে ভাসিল কুমার।
আজি নিশা যোগে,
পাইয়াছে অনুমতি তারা,
করিবারে নাট্য-অভিনয়।

পলো। প্রকৃত ঘটনা;
অনুরোধ করিল কুমার মোরে,
জানাইতে নাট্য-অভিনয়
মহারাজ-মহিষী-সকাশে।
বিশেষ প্রার্থনা তাঁর,
আজি নিশাকালে
রাজা রাণী অভিনয় করেন দর্শন।

রাজা। আনন্দিত হ'লেম আমরা
কুমারের অভিলাষ করিতে পূরণ।
কুমারের প্রিয়বন্ধু সদাশয়গণ!
বন্ধুত্বের পরিচয় দাও এ সময়;
রহিবে সতত সবে কুমারের পাছে,
করিবে যতন,
কিসে হয় কুমারের আনন্দ-বর্দ্ধন।

রোজে। সতত চেষ্টিব মোরা দেব।

(রোজেনক্র্যান্‌জ্‌ ও গিল্‌ডনষ্টারণের প্রস্থান।)

রাজা। প্রাণাধিকা মহিষি আমার,
করি অনুনয়,
ক্ষণকাল ত্যজ এই স্থান।
আসিবেন সচীব-দুহিতা,
হ্যাম্‌লেটে ভেটিতে হেথায়।
আমি আর মন্ত্রিবর থাকি অন্তরালে
শুনিব আলাপ কিবা হয় দু'জনার;
পারিব জানিতে,
কুমারের হৃদয়ের দুঃখের কারণ,
প্রণয় কি অন্য কোন হেতু।

রাণী। আজ্ঞা তব করিব পালন।
আশা করি অফেলিয়া,
মোহিনী রূপের প্রভা তব
আকর্ষণ করিয়াছে পুত্রের হৃদয়;
সতীত্বের মহিমা তোমার

নাশে যেন তনয়ের হৃদয়-আঁধার ।
পাই যেন হেরিবারে পুত্রে পুনর্ব্বার
পূর্ব্বের প্রকৃতি ভাব ক'রেছে গ্রহণ ।

অফে । আমারও তাই অভিলাষ রাণি ।

(রাণীর প্রস্থান ।)

পলো । অফেলিয়া, মোহিনী গমনে
ভ্রম এই স্থানে ।
ধর এ পুস্তক,
কর পাঠ মৃদু মৃদু স্বরে ।
ধর্ম্ম তেজে হৃদি যার হয় বিভাসিত,
অধর্ম্ম তথায় কভু নাহি পায় স্থান,
সয়তান সভয়ে পলায় ।

রাজা । যা কহিলে মন্ত্রিবর ! সত্য তা' সকলি ।

(স্বগতঃ)

অহো ! হৃদিতন্ত্রে বিষম বাজিল !
যেন
আমারে নির্দ্দেশ করি কহিলা সচীব ।
অসহ্য এ জীবনের ভার !

পলো । পদ-শব্দ আসে এই দিকে,
চল মহারাজ,
অন্তরালে হই লুক্কায়িত ।

(রাজা ও পলোনিয়াসের প্রস্থান ।)

(হ্যাম্‌লেটের প্রবেশ) ।

হ্যাম । থাকি কিম্বা নাহি থাকি প্রশ্ন হয় সেই ।

নাহি জানি
মহৎ উদ্দেশ্য কিবা আছে জীবনের।
অত্যাচারী, দুরাচারী, পাপে মগ্ন নর
অত্যাচার করয়ে অপরে ;
বলিতে না পারি,
সেই অত্যাচার সহ্য করে যেই জন
মহতের পরিচয় হয় কি তাহার ?
কিম্বা যেই জন,
প্রতিশোধ লয় তার'পরি,
বাধা দ্যায় অত্যাচার-ক্রিয়া
দুর্দ্দম বিক্রমে আর বিভীষণ তেজে,
সেই সে মানব হয় প্রকৃত মহৎ ?
মৃত্যু,—নিদ্রা সম,
মরণে নিদ্রায় নাহি আছে কোন ভেদ।
নিদ্রায় মানব হেরে স্বপ্ন বহুবিধ,
মরিলে আত্মার হয় স্বপ্নের বিকাশ।
জীবনে নিদ্রার স্বপ্ন শীঘ্র ভেঙ্গে যায়,
মরণে নিদ্রার স্বপ্ন কভু না ফুরায়।

(অফেলিয়াকে দেখিয়া বিস্ময়ে)

কে তুমি সুন্দরি ?
একি অফেলিয়া তুমি ?
মম হৃদয়ের জলদেবী,
জানি আছে মম পাপরাশি
হৃদয়ে গ্রথিত তব।

অফে । বহুদিন পাই নাই কুমারের দেখা,
শারীরিক মানসিক কুশল তো সব ?

হ্যাম্‌ । সবিনয়ে ধন্যবাদ প্রদানি তোমায়,
সকলি কুশল মম সচীব-দুহিতে ।

অফে । স্মারণিক চিহ্ন যাহা দিয়েছ কুমার,
সেই সব একত্রিত করি আসিয়াছি
প্রত্যর্পণ করিতে তোমায়,
আজ্ঞা হোক্‌ লইতে সে সব ।

হ্যাম্‌ । না, না, তাহা অসম্ভব,
কিছু নাহি দিয়াছি তোমায় ।

অফে । মাননীয় নৃপতিনন্দন,
জান তুমি সুনিশ্চয়
এই সব দিয়াছ আমায়
আর সুমধুর বাণী ;
মহার্ঘ তখন ছিল এই সব মম ।
কিন্তু হায়,
মধুর সে বাণীরব আর না শুনিব,
সৌরভ নাহিক আর উপহারে তব.
কি কাজ তখন আর রাখি এই সবে,
নিরদয় মম প্রতি হ'ল দাতা যবে ?
লহ যুবরাজ,
উপহারে আর মম নাহি অধিকার ।

হ্যাম্‌ । হা, হা ! তুমি কি সরলা ?

অফে । কুমার ?

হ্যাম্‌। রূপসীর শিরোমণি হও কি সুন্দরি ?

অফে। কিবা অর্থ এ সবার ?

হ্যাম্‌। সরলা ও সুন্দরী যাহা বলিলাম তোমা,
সত্য যদি সেই বাণী হয় ;
তবে তুমি না করিবে বৃথা বাক্যব্যয়,
আপনারে সুন্দরী মানিবে।

অফে। সৌন্দর্য্য কি সরলতা হ'তে সুমধুর ?

হ্যাম্‌। জান না কি তাহা ?
সৌন্দর্য্য ডাকিয়া আনে সরলতা সখী,
সরলতা নাহি পারে সৌন্দর্য্য আনিতে।
এককালে
বড় বাসিতাম ভাল, তোমারে রূপসি।

অফে। সত্য কথা রাজপুত্র,
আগে ছিল আমারও বিশ্বাস।
কুমারের ভালবাসা পেয়েছে দুঃখিনী !

হ্যাম্‌। অবিশ্বাস করা ছিল উচিত তোমার,
তব প্রতি ভালবাসা ছিল না কখন।

অফে। প্রতারিত হ'য়েছিনু তবে।

হ্যাম্‌। যাও কোন কুমারী-নিবাসে,
চির কুমারীর ব্রত করহ গ্রহণ,
কেন পাপে মগ্ন হ'তে যাও ?
জানি, আমি পাপহীন,
পাপ-চিন্তা মম মনে নাহি পায় স্থান।
কিন্তু তবু,

আপনারে আপনি ধিক্কারি,
কেন মম হইল জনম,
কি কারণে প্রসবিল জননী আমায় ?
অহঙ্কার, রাগ, দ্বেষ পূর্ণ এ হৃদয়,
তাহে কভু প্রেম স্থান পায় ?
আমি অতি নরাধম,
প্রণয়ের মধুর আস্বাদ
কেন হবে দুর্ভাগ্যে আমার ?
বিশ্বাস মানবে তুমি ক'র না কখন,
রহ গিয়া কুমারী-নিবাসে
পাপ তথা নারিবে পশিতে।
জান কি কোথায় এবে জনক তোমার ?

অফে। আছেন আলয়ে পিতা।

হ্যাম্‌। দ্বার রোধ করিও তাঁহারে,
যেবা হয় করুন আলয়ে ;
সাধারণে উদ্বেলিত না করেন যেন,
চলিনু এখন।

অফে। হা ঈশ্বর !
রক্ষা কর নৃপতিনন্দনে।

হ্যাম্‌। ক'র না বিবাহ কারে ;
কর যদি
দিব তোমা বিবাহ-যৌতুক।
কি যৌতুক শুন মম মুখে।
তুষারের সম

হয় যদি সুবিমল সতীত্ব তোমার,
তবু নিন্দাবাদ হ'তে কভু না এড়াবে,
মানব-রসনা
কলঙ্ক তোমার সদা করিবে ঘোষণা।
তাই বলি,
কুমারীর ব্রত করহ পালন,
মম বাক্য ক'র না লঙ্ঘন।
একান্তই তব যদি হয় প্রয়োজন
হ'তে বদ্ধ পরিণয়ে,
শুন তবে আমার বচন,
উন্মাদ দেখিয়া পতি করিবে গ্রহণ ;
জ্ঞানবানে কভু না বরিবে,
তার পাশে ছলা না খাটিবে।
তাই বলি,
চির-কুমারীর ব্রত করহ ধারণ ;
কেন বল নিন্দা-ভাগী হবে অকারণ ?

অফে। ঐশ্বরিক অদ্ভুত ক্ষমতা !
দেখাও প্রতাপ তব,
জ্ঞানহারা কুমার আবার
করে যেন জ্ঞানলাভ তোমার প্রসাদে।

হ্যাম্‌। যাও, বিলম্ব ক'র না আর,
কুমারী-নিবাস,
তব হেতু আছে অপেক্ষিয়া।
বিবাহের নাহি প্রয়োজন।

বিবাহ-বন্ধনে যারা আবদ্ধ সম্প্রতি,
বাঁচিবে না বহুদিন তারা।
যাও তুমি কুমারী-নিবাসে।

(প্রস্থান)।

অফে। মহৎ অন্তর তব,
নাহি জানি কি কারণে হইল এমন?
হায়, হায়,
জীবনের সুখ স্বপ্ন ভেঙ্গে গেল মোর।
চিরদিন ঐশ্বর্য্যের কোলে
হইয়া লালিত, ভেবেছিনু মনে,
আনন্দে এরূপে দিন চলে যাবে মম,
অসুখের মুখ কভু না পাব হেরিতে।
কিন্তু হায়!
বাল্যের কল্পনা সব বায়ুতে মিশাল,
যৌবনের মধুরতা দগ্ধ হ'য়ে গেল।
দুঃখ আসি আবরিল মোরে;
দেখিলাম যাহা,
এরূপ কতই আর দেখিতে হইবে।

(রাজা ও পলোনিয়াসের প্রবেশ)

রাজা। ভালবাসা নহে তার দুঃখের কারণ,
আছে অন্য হেতু সুনিশ্চয়,
কহিলা কুমার যেই সব,
শুনিতে যদিও তাহা প্রলাপ বচন,
আছে কিন্তু বহু সার কথা।

অন্য কোন চিন্তা ভরে মন প্রপীড়িত,
নহে প্রেম-চিন্তা মন্ত্রি ইহার কারণ ।
সন্দেহ হ'তেছে,
ভীষণ কারণ কোন আছে লুক্কায়িত;
রহস্য প্রকাশ হলে যার,
হ'তে পারে বিপদের কথা ।
এ সব নাহিক ঘটে যাহে,
আগে হতে নিবারণ করিতে উচিত ।
পাঠাইব ইংলণ্ডে কুমারে,
প্রদানিতে রাজ-কর ইংলণ্ড-ঈশ্বরে,
এতদিন পাঠান না হ'ল,
অমনোযোগিতা হয় ইহার কারণ ।
ভিন্নদেশে ভিন্ন দৃশ্য দেখিবে অনেক,
হৃদয়ের অস্থিরতা,
নাহি রবে ক্রমে দূর হবে,
প্রফুল্লতা সজীবতা ফিরিয়া আসিবে ।
কি মন্ত্রণা তব, মন্ত্রিবর ?

পলো । ভাল কথা ব'লেছ রাজন্ ।
কিন্তু মম এখনও বিশ্বাস,
কুমারের দুঃখের প্রারম্ভ
সমুদ্ভূত দেব, হ'তে নিরাশ প্রণয় ।

(অফেলিয়ার প্রতি)

কি বল দুহিতে !
নাহি আবশ্যক কিছু বলিতে তোমার,

কুমারের কথা, মোরা শুনিয়াছি সব,
মহারাজ সঙ্কল্প যা তব,
নহে মন্দ, করহ সাধন।
কিন্তু দেব যুক্তিসিদ্ধ যদি ইহা ভাব,
অভিনয় পরে,
পাঠাও রাজ্ঞীরে প্রভু, কুমারের পাশে।
বিনয়ে জিজ্ঞাসা যেন করেন মহিষী,
দুঃখের কারণ কিবা জানাতে তাঁহারে।
প্রচ্ছন্নে রহিয়া
শুনিব তনয়ে মায় কিবা হয় কথা,
সবিস্তারি জানাব চরণে।
কিন্তু যদি কোন হেতু না হয় প্রকাশ,
পাঠায়ো কুমারে রাজা ইংলণ্ডে তখন,
কিম্বা তাঁরে অন্য কোন স্থানে
রাখিবে আবদ্ধ করি, যা হয় উত্তম।

রাজা। যা কহিলে সেই মত করিব সচীব ;
প্রধানের উন্মত্ততা,
না হয় উচিত কভু উপেক্ষা করিতে।

(সকলের প্রস্থান

দ্বিতীয় গর্ভাঙ্ক।

প্রাসাদস্থ প্রকোষ্ঠ।

হ্যাম্‌লেট্‌ ও তিন জন নটের প্রবেশ।

হাম। আমি যে সকল পংক্তি তোমাদিগকে লিখিয়া দিয়াছি, তাহা বল দেখি। মনে আছে তো সব। কেবল প্যাণ্টোমাইম্‌ আমি ভালবাসি না, সঙ্গে সঙ্গে কথাও চাহি। সে সব ঠিক্‌ ঠাক্‌ ক'রে লয়েছ তো?

১ম নট। হাঁ, রাজকুমার।

হাম্‌। যেখানে যেখানে কথাগুলি কিছু সংশোধিত করা তোমরা ভাল বুঝ, সেখানে সেখানে সংশোধন করিয়া লইও। কারণ আমি গ্রন্থকার নাহ, বাক্য বিন্যাস আমার বড় একটা আসে না।

১ম নট। অনুমান করি, আমরা কিছু কিছু সংশোধন করিয়া লইয়াছি।

হাম্‌। সম্পূর্ণরূপে সংশোধন করিয়া লইবে, তজ্জন্য মনে দ্বিধা করিও না। যাহারা বিদূষকের অংশ অভিনয় করিবে, তারা যেন রহস্যের বাহিরে না যায়, যেরূপ লেখা আছে, ঠিক্‌ সেইরূপ বলে যেন। সাধারণকে বেশী মাত্রায় হাসাইতে গিয়া যেন নিজেরা হাস্যাস্পদ না হয়। যাও, তোমরা প্রস্তুত হওগে।—

(নট, নটীগণের প্রস্থান)

(পলোনিয়াস, রোজেন্‌ক্র্যান্‌জ্‌ ও
গিল্ডেন্‌ষ্টারণের প্রবেশ)

কি সংবাদ মন্ত্রিবর ?
শুনিবে কি মহারাজ অভিনয় আজি ?

পলো। রাণীসহ মহারাজ আসেন সত্বর।

(প্রস্থান)

হ্যাম্। বল গিয়া নটনটীগণে
হইতে প্রস্তুত ত্বরা করি।

রোজে। }
গিল্। } যে আজ্ঞা কুমার।

(রোজেন্‌ক্র্যান্‌জ্‌ ও গিল্‌ডন্‌ষ্টারণের প্রস্থান)

হ্যাম্। একি হোরেসিও!

(হোরেসিওর প্রবেশ।)

হোরে। কুমারের আজ্ঞাধীন আমি।

হ্যাম্। হোরেসিও,
তব সনে বাক্যালাপ ভাল লাগে মম,
এরূপ কাহারও সনে হয় না আমার।

হোরে। কুমারের অনুগ্রহ,—

হ্যাম্। না, না, বল না, এমন,
চাটুকার নাহ আমি।
নাহি লাভ তোষামোদ করি তোমা,
তুমি তো নির্ধন,
কি দিবে আমায় তবে তোষামোদ হেতু ?

প্রফুল্ল জীবন আর সরল হৃদয়,
এই দুই তব হেরি জীবন-উপায়।
দাও বন্ধু তব সম অন্য কোন জনে,
পূজিব তাহারে আমি আজীবন ধরি।
আজি রাত্রে হবে অভিনয়,
থেক বন্ধু তুমি মম সনে।
জনকের নিধন ঘটনা,
বলিয়াছি যেই সব তোমার সকাশে,
সেই দৃশ্য অভিনয়চ্ছলে
দেখাইবে নটনটীগণে।
মনোযোগে দেখিব পিতৃব্য-মুখ,
তোমারেও করি অনুনয়,
পিতৃব্যে করিও নিরীক্ষণ।
যদি দেখি বদনের অবিকৃত ভাব,
বুঝিব তখন,
দুষ্ট-আত্মা কোন মোরে গিয়াছে ছলিয়া;
আপনারে ধিক্কারিব শত,
দুষ্ট-আত্মা-বাক্য হৃদে স্থান দিনু বলি।
অভিনয় পরে,
পরস্পরে করিব বিচার,
পিতৃব্যের মুখভাব কিরূপ ধরিল।

হোরে। জানিও কুমার,
অভিনয় কালে যদি
মনোভাব গোপন রাখিতে

সাধ্যমত যত্ন করে পিতৃব্য তোমার,
মম তীক্ষ্ণ দৃষ্টি হ'তে নাহিক নিস্তার ।

হ্যাম । আসিছেন রাজারাণী অভিনয় স্থলে ;
লহ ভাই যে কোন আসন ।

(তূর্য্যধ্বনি ; আলোকযুক্ত শরীর-রক্ষক গণের সহিত রাজা, রাণী পলোনিয়াস, অফেলিয়া, রোজেন্‌ক্র্যান্‌জ্‌, গিল্ডেন্‌ষ্টারেন্‌, ও সভাসদ্‌গণের প্রবেশ ।)

রাজা । হ্যাম্‌লেট, কুশল তো সব ?

হ্যাম্‌ । সকলি কুশল । অকুশল আমার আর কিছুই নাই ।
(পলোনিয়াসের প্রতি)
মন্ত্রিবর ! তুমি যখন কলেজে পড়িতে, তখন নাকি অনেক অভিনয় করিয়াছ ?

পলো । হ্যাঁ কুমার ; তখন অনেকে আমায় উৎকৃষ্ট অভিনেতা বলিতেন ।

হ্যাম্‌ । কিসের অংশ অভিনয় করিতে ?

পলো । আমি জুলিয়াস্‌ সীজর সাজিতাম ; রাজধানীতে আমায় হত্যা করা হয় ; ব্রুটাস্‌ আমায় হত্যা করে ।

হ্যাম্‌ ব্রুটাস্‌ তবে পশু ছিল, মানুষ ছিল না । মানুষ হইলে গো-বৎস হত্যা করিবে কেন ?— অভিনেতারা প্রস্তুত হইয়াছে ?

রোজে। অনেকক্ষণ তাঁহারা প্রস্তুত হ'য়েছেন; কেবল আপনার অনুমতির সাপেক্ষ।

রাণী। হ্যাম্‌লেট্, আমার কাছে এসে ব'স।

হ্যাম্। না মা, এখানে আরও বসিবার ভাল স্থান আছে।

(অফেলিয়ার নিকট গমন।)

পলো। (রাজার প্রতি জনান্তিকে) মহারাজ, দেখছেন তো?

হ্যাম্। (অফেলিয়ার পদপ্রান্তে বসিয়া) সুন্দরি! তোমার ক্রোড়ে আমায় শয়ন ক'র্ত্তে দেবে?

অফে। না কুমার।

হ্যাম্। আমার বল্‌বার অর্থ, মাথাটা তোমার ক্রোড়ে রাখ্‌তে দেবে?

অফে। তা দিন্।

হ্যাম্। তুমি কি মনে কর অভিনয় কেবল পল্লীগ্রাম সংক্রান্ত ল'য়ে হবে?

অফে। কেমন ক'রে জান্‌ব কুমার?

হ্যাম্। সুন্দরীর পদতলে শয়ন করা কি আরাম!

অফে। কি ব'ল্‌ছেন কুমার?

হ্যাম্। কিছু না।

অফে। কুমার, আজ আপনাকে আনন্দিত দেখ্‌ছি।

হ্যাম্। আমাকে?

অফে। হাঁ কুমার।

হ্যাম্। হা ঈশ্বর! একি কাণ্ড! আনন্দ বিনা কি মানব জীবনধারণ ক'র্ত্তে পারে? তার সাক্ষী দেখনা

কেন, ঘণ্টাদুয়েক হইল পিতার কাল হ'য়েছে,
মাতাকে কেমন আনন্দিত দেখাচ্ছে।

অফে। সে কি কুমার, আপনার পিতার চারিমাস কাল হ'য়েছে।

হ্যাম্‌। এত দিন হ'য়ে গেছে? তবেতো আর শোকবস্ত্র পরিধান করা ভাল দেখায় না। তাইতো তবে মানুষের স্মরণশক্তি এতদিন থাক্‌তে পারে, এ আমার জ্ঞান ছিল না।

(নট, নটীগণের প্রবেশ)

প্যাণ্টোমাইম্‌ আরম্ভ।

[জনৈক রাজা জনৈক রাণীর প্রবেশ ও পরস্পরের প্রণয়ভাব প্রদর্শন। পরস্পরের আলিঙ্গন। রাণী জানু পাতিয়া বসিয়া রাজার সমীপে প্রণয়ভাব জ্ঞাপন। রাজার রাণীকে উত্থান করণ ও তাহার মস্তক স্বীয় স্কন্ধে স্থাপন। কিয়ৎক্ষণ পরে পুষ্প বেদিকায় রাজার শয়ন ও নিদ্রাকর্ষণ। রাজাকে নিদ্রিত দেখিয়া রাণীর প্রস্থান। জনৈক ব্যক্তির প্রবেশ ও রাজমুকুট গ্রহণপূর্ব্বক চুম্বন ও রাজার কর্ণে প্রাণঘাতী বিষ ঢালিয়া প্রস্থান। রাণীর প্রবেশ ও রাজার মৃত্যুতে শোকপ্রকাশ। ২।৩ জন লোকের সহিত বিষপ্রয়োগকারীর প্রবেশ ও শোকপ্রকাশ। লোকজন কর্ত্তৃক মৃতদেহ স্থানান্তরিত করণ। বিষপ্রয়োগকারীর রাণীকে বিবাহ করিবার জন্য উপঢৌকন প্রদান। রাণীর কিয়ৎকাল বাধা প্রদান ও ঘৃণা প্রদর্শন। পরে বিবাহে স্বীকৃত হওন]।

অফে। কুমার, এ সকল অভিনয়ের অর্থ কি?

হ্যাম্‌। ইহার অর্থ অত্যাচার।

জনমে অপর স্বামী না ল'ব রাজন,
বিধির নির্ব্বন্ধে যদি হারাই তোমায়,
মরুভূমি হ'বে এ হৃদয়।

হ্যাম্। (স্বগতঃ) কীট, কীট প্রবেশ অন্তরে।

জ-রাণী। পুনঃ স্বামী করিলে গ্রহণ,
ভালবাসা আসিবে না কভু।
শয়নে দ্বিতীয় স্বামী চুম্বিবে যখন,
নিজ হস্তে প্রাণ তার করিব গ্রহণ।

জ রাজা। আছে মম বিশ্বাস তোমায়;
কিন্তু প্রাণেশ্বরি,
উত্তপ্ত শোণিতে মোরা প্রতিজ্ঞা যা করি
শীতল শোণিতে সব হই বিস্মরণ।
প্রণয়-উৎসাহে যাহা মুখ হ'তে বলি
নিবৃত্ত প্রণয়ে যাই সেই সব ভুলি।
ঘটনার আবর্ত্তনে,
বিষাদিত, আনন্দিত হয়,
আনন্দ, বিষাদে পরিণত।
অনুভব করিছ এখন,
জীবনে দ্বিতীয় স্বামী না লবে কখন,
কিন্তু যবে
তোমার প্রথম স্বামী ছাড়িবে এ ভব,
সংকল্প তোমার প্রিয়ে, বিচলিত হবে।

জ-রাণী। জগতের কোন সুখ না হেরিবে মুখ,
স্বর্গীয় আলোক যেন না হয় বর্ষণ,

মরতের খাদ্য যেন হয় বিষপ্রায়,
রাত্রি দিবা দুঃখ যেন আবরে আমায়,
কারাগার হয় যেন মম বাসস্থান,
বিধবা হইয়ে যদি পরে সঁপি প্রাণ।

হ্যাম্‌। যদি ভঙ্গ হয় তার সংকল্প এখন ?

জ-রা। গভীর শপথ তুমি করিয়াছ প্রিয়ে,
নাহি আর অবিশ্বাস তোমার উপর,
প্রাণেশ্বরি ! ক্ষণকাল ত্যজ এই স্থান,
নিদ্রাভরে প্রপীড়িত, করিব বিশ্রাম।

নিদ্রা) .

জ-রা। নিদ্রা যাও প্রাণেশ্বর ;
তোমায় আমায়
কভু যেন বিচ্ছেদ না হয়।

(প্রস্থান)।

হ্যাম্‌। (অফেলিয়ার প্রতি) সুন্দরি ! অভিনয়টী তোমার কেমন লাগ্‌ছে ?

অফে। আমার বিবেচনায় ঐ স্ত্রীলোকটী অত্যধিক প্রণয় দেখিয়ে গেল।

হ্যাম্‌। কিন্তু কথামত নিশ্চয়ই কার্য্য ক'র্‌বে।

রাজা। তুমি কি এই অভিনয়টী পূর্ব্বে শুনিয়াছিলে ? এর ভিতর তো কোন অন্যায় নাই ?

হ্যাম্‌। না, না, এরা সব রহস্য ক'রে এগুলি ক'রেছে, এর ভিতর আর অন্যায় কি থাক্‌তে পারে ? রহস্যচ্ছলে বিষ প্রয়োগ হবে, তাতে আর অন্যায় কি ?

রাজা। এ অভিনয়টার নাম কি?

হ্যাম্‌। ইন্দুর কল। ভিয়ানায় একটা হত্যাকাণ্ড হ'য়েছিল, তাই নিয়ে এই অভিনয়টী গঠিত হ'য়েছে। রাজার নাম গঞ্জেগো, তার স্ত্রীর নাম বাপ্‌টিস্‌টা। আপনি এর ভিতর অনেক কাণ্ড দেখ্‌তে পাবেন, তাতে আমাদের কি? মহারাজের ও আমাদের আত্মা নিষ্পাপ, সুতরাং আমাদের বিচলিত হ'বার কোনও কারণ নাই। যা'রা সেই পাপে পাপী, তা'দের হৃদয়ে আঘাত লাগতে পারে বটে।

(লুসিয়ানাসের প্রবেশ)

এই লোক্‌টী হচ্চে লুসিয়ানাস্‌, রাজার ভ্রাতুষ্পুত্র।

অফে। কুমারের যে সকলি কণ্ঠস্থ আছে দেখ্‌ছি। আপনি ভাবুক মন্দ নন্‌।

হ্যাম্‌। তোমার ও আমার প্রণয়ের কি ভাব তা আমি এখনই ভেবে ব'ল্‌তে পারি।

অফে। আপনি অতি বিচক্ষণ ও সূক্ষ্মদর্শী।

হ্যাম্‌। আমার মত বিচক্ষণ ও সূক্ষ্মদর্শী হ'তে তোমার অনেক সময় লাগ্‌বে।

অফে। (সহাস্যে) আমার হবার প্রয়োজন নাই।

হ্যাম্‌। তোমাকে একটী পতি গ্রহণ ক'র্‌তে হচ্চে—

(অভিনেতার প্রতি)

ওহে হত্যাকারি, তোমার মুখের বিকৃত ভাব এখন পরিত্যাগ ক'রে অভিনয় আরম্ভ কর।

লুসি। মসীপ্রায় কৃষ্ণবর্ণ ভাবনা আমার,

হস্ত, কার্য্য সাধিতে চঞ্চল,
ঔষধিও উপযুক্ত, আনিয়াছি সাথে ;
সুসময়, সর্ব্বশুভ যোগ ;
কিবা ঢল ঢল রূপ ঔষধি তোমার,
সুখময় প্রাণে বিষ প্রবেশ সত্বর।

(নিদ্রিতের কর্ণে বিষ ঢালিয়া দেওন।)

হ্যাম্‌। রাজ্যলোভে উদ্যানেই রাজাকে বিষপ্রয়োগ ক'র্‌লে, রাজার নাম গঞ্জেগো। এই ঘটনাটী ইটালির সাহিত্য হইতে সংগৃহীত করা হ'য়েছে। কিছুক্ষণ পরে সকলে দেখ্‌তে পাবে ঐ হত্যাকারী গঞ্জেগোর স্ত্রীর প্রণয় কেমন ক'রে লাভ ক'র্‌বে।

অফে। মহারাজ গাত্রোত্থান ক'র্‌ছেন।

হ্যাম্‌। কেন, অভিনয় দেখে উনি ভয় পেলেন নাকি ?

রাণী। মহারাজ, উঠ্‌ছেন কেন ?
কোন অসুখ ক'র্‌চে নাকি ?

পলো। অভিনয় বন্ধ হ'ক্‌।

রাজা। আমাকে আলো দেখাও, সর সবে।

সকলে। (শশব্যস্তে) আলো নিয়ে এস, আলো নিয়ে এস। আলো, আলো।

(হ্যাম্‌লেট্‌ ও হোরেসিও ব্যতীত সকলের প্রস্থান।)

হ্যাম্‌। আহত কুরঙ্গ গেল কাঁদিতে কাঁদিতে,
অভিনয় বন্ধ হ'য়ে গেল ;
জগতের এই রীতি নীতি,

কেহ সুখে নিদ্রাভোগ করে,
কেহ বা দিবস রাতি
অনশনে দিতেছে প্রহরা।
বন্ধু হোরেসিও, এক্ষণে আমি ভূতযোনীর বাক্যের মূল্য দশ সহস্র মুদ্রা ব'ল্‌তে পারি। সব দেখেছ তো?

হোরে। বেশ দেখেছি কুমার।

হ্যাম্‌। যখন বিষপ্রয়োগের কথা হ'তেছিল,—

হোরে। তখন আমি উত্তমরূপে মহারাজের বদনের ভাব নিরীক্ষণ ক'রেছিলাম।

হ্যাম্‌। হা, হা. এস কেউ গান ধর।
রাজার লাগেনা ভাল হাস্য প্রহসন,
সঙ্গীতে তাহার হৃদি করহ হরণ।
ধর, গান ধর।

(রোজেন্‌ক্র্যান্‌জ্‌ ও গিল্‌ডন্‌ষ্টারেণের প্রবেশ।)

গিল্‌। কুমার, অনুগ্রহপূর্ব্বক আমার একটী কথা শুনিতে আজ্ঞা হউক্‌।

হ্যাম্‌। মহাশয়ের যত কথা বল্‌বার আবশ্যক আছে ব'ল্‌তে পারেন।

গিল্‌। কুমার, মহারাজ—

হ্যাম্‌। বলুন, বলুন, মহারাজের কি হ'য়েছে?

গিল্‌। অভিনয় দেখার পর হ'তে মহারাজের আশ্চর্য্য পরিবর্ত্তন হ'য়েছে।

হ্যাম্‌। কেন কেন, সুরার মাত্রা কি বেশী হ'য়েছে?

গিল্‌। না কুমার, সে সব কিছুই নয়, তাঁর আকৃতির পরিবর্ত্তন ঘটেছে।

হ্যাম্‌। আপনি জ্ঞানবান হ'য়ে আম'কে এসব জানাতে এসেছেন কেন? আপনার উচিত ডাক্তারের নিকট হ'তে এর ব্যবস্থা গ্রহণ করা। আমিতো ডাক্তার নই, আমি এর ব্যবস্থা ক'র্‌তে গেলে তাঁর আকৃতির আরও পরিবর্ত্তন ঘট্‌তে পারে। হিত ক'রতে শেষে বিপরীত হ'য়ে পড়্‌বে।

গিল্‌। কুমার, অনুগ্রহপূর্ব্বক একটু মনোযোগ দিয়ে শ্রবণ করুন, সকল কথা উপহাস ক'রে উড়াইয়া দিবেন না।

হ্যাম্‌। আমি অতি নিরীহ, আজ্ঞাকারী।
আপনি বলে যান্‌।

গিল্‌। পূজনীয়া মহারাণী আপনার জননী অতি কাতর চিত্তে আমাকে আপনার নিকট প্রেরণ ক'রেছেন।

হ্যাম্‌। বড়ই অনুগৃহীত হ'লেম।

গিল্‌। কুমার, আপনার এরূপ উত্তরে অত্যন্ত দুঃখিত হ'লেম। মাতৃ-আজ্ঞা যদি শুনতে আপনার অভিলাষ হয়, তবেই ব্যক্ত করি। নতুবা আমার দৌত্যকার্য্য সমাধা হ'ল, আমি চল্লেম।

হ্যাম্‌। মহাশয়, আমা হ'তে হবে না।

গিল্‌। কি হবে না কুমার?

হ্যাম্‌। আমার নিকট হ'তে আপনি কোন জ্ঞানোচিত উত্তর পাবেন না। কেননা, আজ কাল আমার

কিছু জ্ঞানের অভাব হ'য়েছে। যাহাহউক, জননীর কি আদেশ ব'ল্‌ছিলেন ?

রোজে। জননী কি ব'লেছেন শ্রবণ করুন। তিনি বলেন যে আপনার চরিত্র ও ব্যবহারে তিনি বড়ই চমৎকৃত হ'য়েছেন।

হ্যাম্‌। কি আশ্চর্য্য পুত্রই আমি জন্মগ্রহণ ক'রেছি। জননীকে পর্য্যন্ত চমৎকৃত হ'তে হ'য়েছে। তার-পর কি ব'লে যাও।

রোজে। শয়ন কর্‌বার পূর্ব্বে আপনার সহিত তাঁর গোপনে সাক্ষাৎ করবার কিছু প্রয়োজন আছে।

হ্যাম্‌। তাঁর আজ্ঞা শিরোধার্য্য। আপনাদের আর কিছু বল্‌বার আছে ?

রোজে। কুমার, এককালে আপনি আমাকে ভালবাস্‌তেন।

হ্যাম্‌। এখনও তাই আছে।

রোজে। কুমার, তবে আপনার দুঃখের কারণ কেন আমার নিকট গোপন ক'র্‌ছেন ? বন্ধুর নিকট দুঃখের কারণ ব্যক্ত ক'রলে হৃদয়ের ভার অনেক লাঘব হয়।

হ্যাম্‌। আমি দেশের উন্নতির কামনা করি না, সুতরাং কাহারও সঙ্গে আমার মিল হয় না।

রোজে। কুমারের ও কথা শোভা পায় না, আপনিই দেশের রাজা, ডেন্‌মার্ক রাজ্যের উত্তরাধিকারী।

হ্যাম্‌। আপনার কথা নিতান্ত অসঙ্গত নয়।

রোজে। কুমার, কর্ত্তব্যানুরোধে যদিও কিছু বলে থাকি,

নিশ্চয় জান্‌বেন আপনার প্রতি বদ্ধমূল প্রণয়ই তাহার কারণ।

হ্যাম্। আমি ভাল ক'রে বুঝ্‌তে পারলেম না। যা হোক্ এই বাঁশীটি একবার বাজাও।

গিল্। কুমার, আমি বাজাতে জানি না।

হ্যাম্। আমার অনুরোধে একটীবার বাজাও।

গিল্। সত্য বল্‌ছি, আমি আদবে জানি না।

হ্যাম্। আমার এই প্রার্থনাটী তোমায় রাখ্‌তে হবে।

গিল্। কুমার, কিরূপে এটা ধর্‌তে হবে আমি তাই জানি না।

হ্যাম্। শুয়ে পড়া যেমন সহজ, এও তেমনি সহজ। আচ্ছা আমি শিখিয়ে দিচ্ছি, দুই হাতে অঙ্গুলি দ্বারা এটী ধর। পরে প্রথম ছিদ্রে তোমার অধরের অগ্রভাগ স্থাপনপূর্বক মৃদু মৃদু বায়ু সঞ্চালন কর। তা হ'লেই শুন্‌তে পাবে চমৎকার বাদ্যধ্বনি হচ্ছে।

গিল্। কিন্তু কুমার, এর আমি কিছুই জানি না। এ বিষয়ে আমার কিছুই নৈপুণ্য নাই।

হ্যাম্। দেখ, তুমি আমার মনের ভাব জান্‌তে এসেছ, মন পরীক্ষা ক'র্‌বে। কিন্তু তুমি যথন এই বাঁশীটী বাজাইয়া ইহার গুণাগুণ পরীক্ষা ক'র্‌তে পার্‌লে না, তথন আমার মন কি ক'রে পরীক্ষা ক'রবে বল দেখি?

(পলোনিয়াসের প্রবেশ)।

মহাশয়কে ঈশ্বর কুশলে রাখুন।

পলো। কুমার, মহারাণী আপনার সহিত এই দণ্ডে কিছু কথাবার্ত্তা কহিতে ইচ্ছা করেন।

হ্যাম্‌। আকাশে কেমন মেঘ উঠেছে দেখ, ঠিক্ যেন একটা উষ্ট্রের আকৃতি।

পলো। ঠিক্ ব'লেছেন, উষ্ট্রের আকৃতিই বটে।

হ্যাম্‌। আমার বোধ হ'চ্ছে, এটা পাখীর আকৃতি।

পলো। ঠিক্ ব'লেছেন, পাখীর মতই দেখাচ্ছে।

হ্যাম্‌। না, এটা তিমি মাছের আকৃতির ন্যায়।

পলো। প্রায় তিমি মাছেরই মত বটে।

হ্যাম্‌। তবে আমাকে মার নিকট যেতে হ'ল দেখ্‌ছি। আচ্ছা, আমি ক্রমশঃ যাচ্ছি।

পলো। তাঁকে তবে সংবাদ দিই গে।

(প্রস্থান)।

হ্যাম্‌। যাই ধীরে ধীরে মার কাছে যাই। বন্ধুগণ এখন তোমরা যেতে পার।

(হ্যাম্‌লেট্‌ ব্যতীত সকলের প্রস্থান।)

রজনীর শুভলগ্ন হ'তেছে আগত,
নরকের দ্বার মুক্ত করি,
প্রেতযোনী ধীরে ধীরে হইবে বাহির
খেলিবারে প্রেত-লীলা মরত উপরি।
ধীরে ধীরে যাই মার পাশে ;
হৃদয় কোমল হও হ'য়োনা কঠিন,

শাণিত ছুরিকারূপ বাক্যের আঘাতে,
বিদারিব জননী-হৃদয় ;
লৌহময় ছুরিকা কখন
করিব না প্রয়োগ মাতারে।
রসনা, ছলনা ভাব ধর,
হয় হোক্ বিদীর্ণ অন্তর,
রসনায় ধরিব কঠিন ভাব,
অন্তরাত্মা কাঁদে যদি মম,
কাঁদুক, নাহিক ক্ষতি তায়।

(প্রস্থান।)

তৃতীয় গর্ভাঙ্ক।

রাজপ্রাসাদস্থ প্রকোষ্ঠ।

(রাজা, রোজেন্‌ক্র্যান্‌জ্‌ ও গিল্ডেন্‌ষ্টারেণের প্রবেশ।)

রাজা। এ সকল আর মম ভাল নাহি লাগে ;
এত দূর উন্মত্ততা
নহে কভু মঙ্গল কারণ।
উপেক্ষা করিতে নারি আর
এ সকল অত্যাচার উন্মত্ততা তার,
শুনহ উভয়ে,
হ্যাম্‌লেটে যেতে হবে ইংলণ্ড প্রদেশে ;
উদ্যোগ করহ ত্বরা সবে,

যাইতে কুমার সনে সমুদ্রের পারে।
হ'তেছে যেরূপ,
কিছুদিন হ্যাম্‌লেট রহিলে হেথায়,
অশান্তি তাঁহার স্থানে হবে অধিষ্ঠিত।

গিল্। আমাদেরও কর্ত্তব্য রাজন,
এ রাজ্যে যাহাতে শান্তি নাহি ভঙ্গ হয়,
আপনার অধিকারে বসতি যাদের,
ধন প্রাণ রক্ষা করা উচিত তাদের।

রোজে। যা কহিল বন্ধুবর সঙ্গত সকলি,
প্রজাদের ধন, মান, প্রাণ
রক্ষা করা রাজার উচিত।

রাজা। সত্বর করিতে যাত্রা কর আয়োজন,
যত শীঘ্র ভয়ের কারণ
হয় বিমোচন,
ততই মঙ্গল মানি।
হয় পলে বিপদের ভয়,
এ হেন উন্মত্ত জনে দানিতে প্রশ্রয়।

রোজে। }
গিল্। } করি মোরা ত্বরা আয়োজন।

(রোজেনক্র্যান্‌জ্ ও গিল্ডনষ্টারেণের প্রস্থান)

(পলোনিয়াসের প্রবেশ।)

পলো। মহারাজ, যান যুবরাজ
মাতৃ-সন্নিধানে ;
থাকি গুপ্তভাবে

শুনিব কি কথা হয়
পুত্র জননীতে।
উপযুক্ত ব'লেছ রাজন,
পুত্র জননীতে হ'লে পরস্পর কথা,
হ'তে পারে কোনরূপ রহস্য প্রকাশ;
জননী ব্যতীত
অন্য কোন শ্রোতা চাই শুনিতে সে সব।
সে শ্রোতার কার্য্য আমি করিব সাধন
গুপ্তভাবে থাকি অন্তরালে।
বিদায় এক্ষণে;
করিব সাক্ষাৎ আমি মহারাজ-সনে,
শয়নের আগে;
বর্ণিব চরণে, যাহা শুনিবে এ দাস।
শত ধন্যবাদ তোমা সচীব-প্রধান।

(পলোনিয়াসের প্রস্থান)।

এত মম ধন, মান, সম্পদ, ক্ষমতা,
সে কেবল পাপের কৃপায়,
কিন্তু বড় ভীমতম পাপ
রয়েছে হৃদয়ে গাঁথা,
ভ্রাতৃহত্যা ভীষণ পাতক!
ইচ্ছা করে, ঈশ্বরের করি উপাসনা,
কিন্তু কণ্ঠরোধ হয়, বাক্য নাহি সরে।
এই কর হ'য়েছে রঞ্জিত
ভ্রাতার শোণিতে,

এই কর ধরেছিল শাণিত ছুরিকা
ভ্রাতৃ-বক্ষরক্ত পান করিবার তরে।
অহো! আকাশে কি বারি নাই
যাতে পারি প্রক্ষালিতে রক্তময় কর,
ভ্রাতার শোণিতে যাহা হ'য়েছে রঞ্জিত।
কই দয়াময়,
দয়া-পরিচয় কিছু দাও এ সময়।
কি বলিয়ে করিব প্রার্থনা?
চাহিব কি সে ভীষণ হত্যার মার্জ্জনা?
কেমনে চাহিতে পারি, এখনও যখন
সে পাপের ফল কিম্বা সুখভোগ করি?
সেই সে মুকুট আজও মস্তকে শোভিত,
সেই উচ্চ আশা আজও হৃদয়ে অঙ্কিত,
সেই রাণী, করে শোভা বিলাস-মন্দির,
যে সবার হেতু পাপ করিলাম এত
সে সকল বর্ত্তমান রহিতে আমার
ক্ষমার প্রার্থনা তবে করিব কেমনে?
অন্তর! সুস্থির হও, কর পরিতাপ,
যদি তায় হৃদয়ের জ্বালা হ্রাস হয়।
কিবা ভয়ঙ্কর দশা আসে ধীরে ধীরে!
হা হৃদয় কৃষ্ণবর্ণ শমনের প্রায়।
অহো আত্মা, পাপে বিজড়িত
স্বাধীন হইতে এত করিছ প্রয়াস,
কিন্তু হায়! লৌহময় শৃঙ্খলেতে বাঁধা।

রক্ষা কর ত্রিদিবনিবাসী,
রক্ষ মোরে স্বর্গ দূতগণ
দেহ মোরে সান্ত্বনা-সলিল ।
মৃত্তিকা চুম্বন নাহি ক'রেছে যে জানু,
সেই জানু হও নত আজি,
লৌহময় তারে বাঁধা যে হৃদয় মম,
সদ্যজাত শিশু প্রায় হও তা কোমল,
এখনও মঙ্গল যদি হয় ।
(জানু পাতিয়া উপবেশন) ।

(হ্যাম্লেটের প্রবেশ) ।

হ্যাম্ । উপযুক্ত সময় এখন !
এখনি লইতে পারি প্রাণ,
প্রতিশোধ পুরাইতে পারি ।
কিন্তু না, না,
করিছে কাতর মনে প্রার্থনা এখন !
এখন লইলে প্রতিশোধ,
ইচ্ছা মম না হ'বে পূরণ ।
অনুতাপ করিছে এখন
যোড়করে ঈশ্বর-সমীপে,
এ সময় লইলে জীবন
আত্মা তার হবে স্বর্গগামী,
না—না—তাহা হ'তে নাহি দিব ।
যে পামর জনকে আমার
বিশ্রামের স্থানে হত্যা করিল সাধন,

তার সেই জঘন্য আত্মারে
প্রার্থনার কালে,
পাঠাইব ত্রিদিব-নিবাসে ?
যখন দেখিব পাপী আসক্ত সুরায়,
কিম্বা ক্রোধে হৃদয় পূরিত,
অথবা আসক্ত দ্যূত-ক্রীড়ার উপরি,
নিদ্রিত, কিম্বা প্রমোদ শয্যায়, —
প্রতিশোধ লইবার সেই সুসময়।
সে সময় বাহিরিলে প্রাণ,
আত্মা তার স্বর্গে যেতে কভু না পারিবে,
ভীষণ নিরয়ে তার হবে বাসস্থান।
রহ পাপী কিছুকাল মরতের সুখে ;
পাপের ভীষণ ফল ফলিবে সত্বর।

প্রস্থান)।

(রাজার উত্থান)।

রাজা বাক্যে যাহা প্রকাশিনু ভাব নাহি এল,
ভাবহীন বাক্য কভু স্বর্গে না পশিবে।

(প্রস্থান)।

চতুর্থ গর্ভাঙ্ক।

রাজপ্রাসাদস্থ অপর প্রকোষ্ঠ।

(রাণী ও পলোনিয়াসের প্রবেশ।)

পলো। আসিছেন যুবরাজ রাণি।
বল তাঁরে দেবি,
তাঁর কার্য্যে অসন্তুষ্ট হ'য়েছে সকলে ;
কেবল মাতার প্রাণ র'য়েছে অটল।
ত্যজিও না কুমারে সহজে,
মাতার কর্ত্তব্য কর্ম্ম করিও পালন।

হ্যাম্। (নেপথ্যে) মা, মা, কই মা ?

রাণী। ভাবিতে হ'বে না মন্ত্রি,
সাধিব মাতার কার্য্য করি প্রাণপণ।
অন্তরালে যাও তুমি ত্বরা,
আসিছে কুমার,
পদশব্দ শুনিবারে পাই।

(যবনিকার অন্তরালে পলোনিয়াসের প্রচ্ছন্ন ভাবে অবস্থান)।

(হ্যাম্‌লেটের প্রবেশ)।

হ্যাম্। কি কারণে কহ মাতা
আদেশিলা আসিতে আমারে ?

রাণী। হ্যাম্‌লেট্,
অসন্তুষ্ট করিয়াছ তোমার পিতারে।

হ্যাম্‌। জননি,

অসন্তুষ্ট করিয়াছ আমার পিতারে।

রাণী। এস, এস,

অলস জিহ্বায় তুমি দিতেছ উত্তর।

হ্যাম্‌। যাও, যাও,

দুষ্ট রসনায় তুমি প্রশ্ন জিজ্ঞাসিছ।

রাণী। কি কহিছ হ্যামলেট্‌?

হ্যাম্‌। কি হয়েছে মাতা?

রাণী। হ'য়েছ কি বিস্মরণ মোরে?

হ্যাম্‌। না, না, কই বিস্মরণ হ'য়েছি তোমায়!

তুমি রাণী, পতির ভ্রাতার জায়া এবে।

আর—আর—জননী আমার।

রাণী। ভাল, তবে হইনু বিদায়;

প্রেরিব এ হেন জনে,

কহিতে পারিবে কথা, যারা তব সনে।

হ্যাম্‌। এস, এস, ব'স এই স্থানে,

এখন যাইতে আমি দিবনা তোমারে।

ধরিব মুকুর আমি সম্মুখে তোমার,

হৃদয়ের গুপ্ত স্থান তব,

পাইবে হেরিতে তায়।

রাণী। (সভয়ে)

কি করিতে চাহ মোরে?

হত্যা মোরে নাহি তো করিবে?

রক্ষা কর, কে আছ কোথায়!

পলো। (অন্তরাল হইতে)

রক্ষা কর মহিষীরে, কে আছ কোথায়!

হ্যাম্‌। ওকি?

মূষিক কি অই স্থানে?

(অসি উন্মোচনপূর্ব্বক)

মর্, মর্, মর্!

(অসি দ্বারা যবনিকা ভেদ ও আঘাত)

পলো। (অন্তরাল হইতে)

অহো করিল বিনাশ মোরে!

(পতন ও মৃত্যু)।

রাণী। একি!

কি করিলে কি করিলে তুমি?

হ্যাম্‌। কিছুই তো নাহি জানি আমি;

আছিলা কি মহারাজ অই স্থানে মাতা?

রাণী। কিবা ভয়ঙ্কর

শোণিতের কার্য্য তুমি সাধিলে কুমার?

হ্যাম্‌। শোণিতের কার্য্য বটে।

কিন্তু মাতা,

মন্দ কার্য্য যেইরূপ হইল এখন,

রাজারে করিয়া হত্যা, অনুজে তাহার

পতিত্বে বরণ করা সুকার্য্য কেমন?

রাণী। (সচকিতে) রাজ-হত্যা!

হ্যাম্‌। সেই কথা বলিতো জননী।

(যবনিকা উত্তোলন ও পলোনিয়াসকে দেখিয়া)

অহো হতভাগ্য জ্ঞান-হীন নর!
যাও তবে চির-শান্তিধামে।
করেছিনু মনে,
তব প্রভু অন্তরালে আছিল ওখানে।
কর ভোগ অদৃষ্টে যা' ছিল;
আছিলে জড়িত কিছু, তব প্রভু সনে,
সেই হেতু হতভাগ্য! হারালে জীবন।

রাণী। এমন কি করিয়াছি কায,
যেই হেতু রসনা তোমার
উগারে নিঠুর বাণী জননীর প্রতি?

হ্যাম্। করিয়াছ যেই কার্য্য তুমি,
সরলতা সভয়ে পলায়,
ধর্ম্ম হয় ছলনা সংসারে;
প্রণয়ের নিরমল ভালে
আছিল যে প্রস্ফুট গোলাপ,
তুলি ফেলি তাহা,
তার স্থানে খণ্ড বস্ত্র দিয়াছ প্রলেপ।
পরিণয়-মন্ত্র-অঙ্গীকার
নাহি আর, স্বপ্ন প্রায় গিয়াছ তা' ভুলি।
অহো!
হেন কার্য্যে অন্তরাত্মা ছিঁড়ি ফেলে দ্বার,
মধুর যে ধর্ম্মজ্ঞান,
বাক্যের চাতুর্য্য রূপে হয় পরিণত।
সে কার্য্যের পাপ পরিণামে
স্বরগ হাসিতে থাকে উজ্জ্বল আভায়।

রাণী। কিবা কার্য্য,
যার হেতু বজ্র সম বাণী ?

হ্যাম্। অই যে আলেখ্যখানি হেরিছ জননী
মস্তক-উপরি তব, দেখ ভাল করি।
কেমন উজ্জ্বল মূর্ত্তি, প্রশস্ত ললাট,
ভানুর কিরণ দেখ খেলিতেছে ভালে ;
কিবা সৌম্যমূর্ত্তি, কিবা সহাস্য বদন,
চক্ষের তারকা হের রবিতেজে জ্বলে ;
প্রশান্ত বদনে হের প্রতিজ্ঞার রেখা,
ধৈরযে ধরণী সম কিবা ধীরভাব,
দেবগণ-আশীর্ব্বাদ শোভে অঙ্গোপরি,
দয়া সহ বীরভাব করিছে বিরাজ।
ছিল এক কালে অই চিত্রের মানব
তব প্রাণেশ্বর, ভর্ত্তা, হৃদয়-বান্ধব।
চাহ অন্যদিকে, হের অন্য চিত্র মাতা,
বর্ত্তমান পতি ইনি তব,
লম্বকর্ণ গর্দ্দভের মত—
দেব-সম ভ্রাতৃ হত্যাকারী।
আছে কি নয়ন তব ?
পরিহরি নন্দন-কানন
মরুভূমে হয় মতি ?
হায় ! আছে কি নয়ন ?
না পার বলিতে তুমি প্রণয় ইহারে,

তোমার বয়সে
শোণিতের উষ্ণভাব থাকিতে না পারে।
বিবেকের শক্তি হয় দৃঢ়;
কিবা এবে হয় বিবেচনা?
বিবেক নিশ্চয় আছে তব,
নতুবা তোমার গতি কভু না রহিত।
হৃদি-হীন নেত্র, কিম্বা দৃষ্টি-হীন হৃদি,
হস্ত চক্ষু হীন কর্ণ, ঘ্রাণহীন নাসা,
নাহি পারে সুকার্য্য সাধিতে।
কি লজ্জা!
কোথায় তব লজ্জা আভরণ?
বিদ্রোহী নিরয়,
উত্তপ্ত যৌবন-ধর্ম্ম
অনলে করিতে দ্রব করয়ে বাসনা।

রাণী। হ্যাম্‌লেট্!
দিওনা দিওনা আর বাক্যবাণ মোরে;
দিয়াছ দেখায়ে তুমি নয়নে আমার
অন্তরের নিগূঢ় প্রদেশ;
দেখিবারে পাই এবে কৃষ্ণবর্ণ রেখা
রয়েছে অঙ্কিত হৃদে, যাবে না কথন।

হ্যাম্। কলঙ্ক শয়নে তুমি হইয়া শায়িত
রাণীরূপে করিছ বিরাজ;
কলঙ্ক শয়ন, কলঙ্ক বসন,
কলঙ্ক প্রণয়ে তুমি,——

রাণী। ব'লনা ব'লনা আর !
শাণিত কুঠার সম তব বাক্যবাণ ;
ক্ষান্ত দাও, প্রাণের কুমার !

হ্যাম্‌। প্রণয়-ভাজন,
হত্যাকারী দুরাত্মা পামর ;
ক্রীতদাস, বিশাংশের একাংশক গুণ
নাহিক তাহার, তব পূর্ব্ব স্বামী মত।
পাপেশ্বর, মহাপাপী নর ;
দস্যুতায় রাজত্ব গ্রহণ।

রাণী। ক্ষমা দাও—ব'লনাকো আর !

হ্যাম্‌। দুষ্ট বুদ্ধি—পাপ বুদ্ধি,——

(ভূতের প্রবেশ।)

রক্ষা কর, পক্ষযুক্ত যদি হও সবে,
ল'য়ে যাও উড়াইয়া দেব-দূতগণ !

(ভূতের প্রতি)

কি আশয়ে আগমন তব ?

রাণী। হায় ! হায় !
হ'য়েছে উন্মাদ !

হ্যাম্‌। এসেছ কি বলিতে আমায়,
বিলম্ব কি হেতু এত,
পালিতে কঠোর আজ্ঞা তব ?
বল, এহেতু কি তব আগমন ?

ভূত। মনে রেখ ভুলনা আমায়।
মম আগমন,

ক'রে দিতে স্মরণ তোমায়
সে প্রতিজ্ঞা, হৃদে সদা বদ্ধমূল যাহা্।
কিন্তু হের,
বিস্ময়ের ভাব তব জননী-বদনে।
আত্মা তার পরস্পর হ'য়েছে বিরোধী,
এ সময়ে ক'রনাকো ত্যাগ,
কও কথা জননীর সনে।

হ্যাম্। কি হ'য়েছে মাতা?

রাণী। কি হ'য়েছে পুত্র তব?
শূন্য দৃষ্টে শূন্য পানে
কার সনে কহিতেছ কথা?
প্রিয় পুত্র!
স্বভাবের উষ্ণভাব কর পরিহার,
শীতল হওরে যাদুমণি;
শূন্য দৃষ্টে কি দেখ বাছনি?

হ্যাম্। তাঁরে দেখি, তাঁরে দেখি মাতা!
দেখ দেখ, পাংশুবর্ণ বদন তাঁহার!
হেরিলে মূরতি অই,
প্রস্তরের ফোটে বাণী।
ক'রনা অমন দৃষ্টি মম প্রতি দেব,
হৃদয়ের দুর্ব্বলতা তা হ'লে আসিবে
ভুলে যাব প্রতিজ্ঞার কথা;
প্রতিশোধ নেত্রজলে ভাসিয়া যাইবে।

রাণী। কার সনে কহ কথা?

হ্যাম। দৃষ্টি তব হ'য়েছে কি হীন ?
রাণী। আমি তো কিছুই বাছা হেরিনা নয়নে।
হ্যাম্‌। শ্রবণও কি হ'য়েছে বধির ?
দুরাত্মার শয্যাগৃহে
আজি রাত্রে যেওনা জননী ;
ধর্ম্মভাব হৃদয়ে তোমার
উপচিবে ধীরে ধীরে, পাপনাশ হবে।
চলিনু এখন,
ঈশ্বরের আশীর্ব্বাদ পাইবে যখন,
তব আশীর্ব্বাদ আমি লইব তখন।
(পলোনিয়াসের প্রতি)
কি হবে ইহার গতি ?
অনুতাপ করি তব হেতু ;
ঈশ্বরের ইচ্ছা কিন্তু কে করে খণ্ডন,
উপলক্ষ মাত্র আমি।
প্রেত-ক্রিয়া সাধিব ইহার
উপযুক্ত রূপে।
আসি তবে,
ক'য়েছি নিঠুর বাণী বহু,
ভাল করি বুঝ যদি তাহা,
দয়া-বাণীরূপে তুমি বুঝিবে জননী।
আর এক কথা আছে মম।
রাণী। কি কার্য্য সাধিতে হবে বল ?
হ্যাম্‌। নাহি করি আদেশ তোমায়,

কিন্তু যদি পার,
শোন তবে বচন আমার।
তোষামোদ করিবে যখন রাজা,
ল'য়ে যেতে বিলাস শয়নে,
চুম্বনে জানাবে কাজ সুধু;
ব'ল সে সময়,
পুত্র মম নহে তো বাতুল,
ছলনা করিয়া,
উন্মাদের অভিনয় করিছে তনয়।
গোপনে নাহিক প্রয়োজন,
দাও জানিবারে,
পাপ ফল আসে ধীরে ধীরে।

রাণী। যতক্ষণ বহিবে নিশ্বাস,
প্রাণ-বায়ু যতক্ষণ নাহি বাহিরায়,
ততক্ষণ জানিও নিশ্চয়
রহিবে জীবন মম,
ধরিতে যতনে বাক্য তব।

হ্যাম্‌। যেতে হবে ইংলণ্ডে আমারে,
জান তুমি।

রাণী। হায়, আমি গিয়াছিনু ভুলি;
এরূপ হ'য়েছে ধার্য্য জানি।

হ্যাম্‌। আমাদের বাক্য এবে হ'ল সমাপন।
মম সহপাঠীদ্বয়,
যাহাদের প্রতি রাজা দানিয়াছে ভার,

ল’য়ে যেতে ইংলণ্ডে আমারে,
হ’য়েছে প্রস্তুত সবে।
নাহি জানি কিবা ভাবে তাহারা গঠিত ;
যা হবার তাহাই হইবে,
নাহি চিন্তা সেই হেতু।
জননী বিদায়।—
জানি আমি তাদের বাল্যকাল হ’তে
সুচতুর, গম্ভীর, কপট।

(পলোনিয়াসের মৃতদেহের প্রতি)

চল মোর সাথে,
করিব সমাধি তব।
আসি তবে মাতা।

(এক্ দিক্ দিয়া রাণীর ও অপর দিক্ দিয়া
পলোনিয়াসের মৃতদেহ টানিতে
টানিতে হ্যাম্‌লেটের প্রস্থান)

চতুর্থ অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

রাজপ্রাসাদস্থ কক্ষ।

(রাজা, রাণী, রোজেন্‌ক্রান্‌জ্‌ ও
গিল্ডেন্‌ষ্টারেণের প্রবেশ।)

রাজা। (রাণীর প্রতি)
ঘনঘন দীর্ঘশ্বাস পড়িছে তোমার,
থেকে থেকে কম্পিত হ'তেছ;
কহ মোরে কারণ ইহার;
কোথা তব কুমার এক্ষণে?

রাণী। (রোজেন্‌ক্রান্‌জ্‌ ও গিল্ডেন্‌ষ্টারেণের প্রতি)
ক্ষণকাল ত্যজ এই স্থান,
আছে কথা মহারাজ সনে?

(রোজেন্‌ক্রান্‌জ ও গিল্ডেন্‌ষ্টারেণের প্রস্থান।)

মহারাজ,
অদ্ভুত হেরিনু আজি নিশি!

রাজা। কি হ'য়েছে রাণি?
হ্যাম্‌লেট্‌ কি ভাবে এখন?

রাণী। উন্মত্ত বারিধি প্রায়;
অন্তরালে পদশব্দ শুনি,
মূষিক ভাবিয়া পুত্র নিষ্কোষিয়া অসি
নাশিল মন্ত্রীর প্রাণ।

রাজা। একি ভয়ঙ্কর !
কিবা সর্ব্বনাশ সাধিল কুমার।
না থাকিয়া মন্ত্রিবর
থাকিতাম আমি যদি তথা,
আমারে হইতে হ'ত মৃত।
কুমারের স্বাধীনতা রহে যতক্ষণ,
তোমার, আমার কিম্বা অপর কাহার(ও)
ততক্ষণ নহে নিরাপদ।
আপামর শুধিবে যখন,
'হত্যাকারী রাজদণ্ড কিহেতু এড়াল' ?
কি দিব উত্তর তবে ?
কিন্তু হায় ! এত মোরা পুত্রে ভালবাসি,
প্রাণধরি দণ্ডিতে না পারিব কখন ;
কোথায় কুমার এবে ?

রাণী। মৃতদেহ সৎকারের হেতু
ব্যাপৃত রয়েছে পুত্র।
অজ্ঞানে করিয়া হত্যা,
শোক করে এখন কুমার।

রাজা। এস রাণি, এস ত্বরা করি।
উদয় না হ'তে রবি পূরব গগনে,
এস, পুত্রে ইংলণ্ডে পাঠাই।
হত্যাকাণ্ড করিব মার্জ্জনা,
হই হব নিন্দাভাগী, নাহিক উপায়।

(উচ্চৈঃস্বরে) গিল্ডন্‌ষ্টার্‌ন্‌ !

(রোজেন্‌ক্রান্‌জ্‌ ও গিল্ডন্‌ষ্টারেনের প্রবেশ ।)

বন্ধুগণ ! যাও সবে,
হ্যামলেটে কর সহায়তা ।
উন্মত্ত অবস্থা যবে কুমারের ছিল,
তাহে এক মহা-হত্যা সংঘটিত হ'ল,
মন্ত্রিবর হ'ল হত কুমারের করে ;
যাও, পুত্রে কর অন্বেষণ,
কোমল বচনে
তাহার নিকট হ'তে লহ মৃতদেহ,
করহ সমাধি তার উপযুক্ত ভাবে ।
কর ত্বরা ।

(রোজেন্‌ক্রান্‌জ্‌ ও গিল্ডন্‌ষ্টারেণের প্রস্থান ।)

এস রাণি,
বিলম্বে নাহিক প্রয়োজন ;
নাহি জানি কিবা আছে ভালে,
হত্যাকাণ্ড গুপ্ত নাহি রবে ;
সাধ্যমতে এ ঘটনা প্রচ্ছন্ন রাখিব ;
অহো !
হৃদি মম হইল অস্থির ।

(সকলের প্রস্থান) ।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

রাজপ্রাসাদস্থ অপর কক্ষ।

(হ্যাম্‌লেটের প্রবেশ।)

হ্যাম্। নিরাপদে রেখেছি তাহারে।

রোজে।
গিল্। } (নেপথ্যে) কুমার! কুমার!

হ্যাম্। কি হেতু এ কোলাহল?
কে ডাকে আমারে?
এই যে আসিছে সবে।

(রোজেন্‌ক্রান্‌জ্ ও গিল্‌ডন্‌ষ্টারেণের প্রবেশ)।

রোজে। কোথা গেল মৃতদেহ রাজেন্দ্র-নন্দন?

হ্যাম্। ধূলা সহ গিয়াছে মিশায়ে।

রোজে। বল, কোথা মৃতদেহ,
লয়ে যাব সমাধির স্থানে।

হ্যাম। করিও না এ বিশ্বাস কভু।

রোজে। কি বিশ্বাস?

হ্যাম্। যে, আমি নিজে নিজেকে মন্ত্রণা দিতে পারি না। তা আমি বিলক্ষণ পারি। অপরের মন্ত্রণায় আমার প্রয়োজন নাই।

রোজে। আপনি কি মনে করিয়াছেন যে আমি আপনাকে মন্ত্রণা দিতে আসিয়াছি?

হ্যাম্। আজ্ঞে হাঁ; রাজার ক্ষমতায় ও প্রলোভনে মুগ্ধ

হইয়া তোমরা আমাকে মন্ত্রণা দিতে এসেছ। তোমাদিগের মত কর্ম্মচারী রাজার অনেক উপকারে লাগে।

রোজে। কুমার, আমি আপনার কথা কিছুই বুঝিতে পারিতেছি না।

হ্যাম্। সে উত্তম কথা। যত না বুঝিতে পার, ততই মঙ্গল।

রোজে। কুমার, মৃতদেহ কোথায় রেখেছেন তা আপনাকে ব'ল্‌তে হবে ও আমাদের সহিত মহারাজের নিকট গমন ক'র্ত্তে হবে।

হ্যাম্। মৃতদেহ রাজার নিকট আছে, যদিও রাজা মৃতদেহের নিকট নাই। রাজা হয় এক বস্তু—

গিল্। বস্তু, কুমার!

হ্যাম্। কিছুই না; চল, আমাকে তাঁর কাছে ল'য়ে চল। শৃগাল, লুকাও এই বেলা।

(সকলের প্রস্থান)।

তৃতীয় গর্ভাঙ্ক।

(অনুচরবর্গের সহ রাজার প্রবেশ)।

রাজা। ক'রেছি প্রেরণ,
পুত্রে অন্বেষিতে
আর কোথা মৃতদেহ

কিবা ভয়ঙ্কর
এই জনে দিতে স্বাধীনতা !
কিন্তু তবু কঠোর আদেশ
নাহি দিব কুমারের প্রতি ;
সমস্ত নগরবাসী
ভালবাসে প্রাণের নন্দনে ।
যেখানে সকলে ভালবাসে,
সেখানে পাপের দণ্ড
নাহি পারে হেরিতে তাহারা ।
সেই হেতু পাঠাইব ইংলণ্ডে কুমারে ;
কঠিন ব্যাধির হয় কঠিন ঔষধ,
নতুবা ঔষধে কোন নাহি প্রয়োজন ।

(রোজেন্‌ক্রান্‌জের প্রবেশ) ।

কি সংবাদ ?

রোজে । কোথায় যে মৃতদেহ রাখেন কুমার,
তত্ত্ব তার কিছুই না হ'ল ।

রাজা । কিন্তু, কোথা কুমার এক্ষণে ?

রোজে । বহির্ভাগে আছেন কুমার,
সশস্ত্র প্রহরীগণে হইয়া বেষ্টিত ।

রাজা । ল'য়ে এস আমাদের পাশে ।

রোজে । (নেপথ্যে চাহিয়া)
গিল্ডেন্‌ষ্টারন্‌ !
আনহ কুমারে ।

(হ্যাম্‌লেট্‌ ও গিল্ডনষ্টারেনের প্রবেশ।)

রাজা। হ্যাম্‌লেট্‌! পলোনিয়াস্‌ এখন কোথায়?

হ্যাম্‌। রাত্রিভোজে মহারাজ।

রাজা। রাত্রিভোজে? কোথায়?

হ্যাম্‌। তিনি স্বয়ং আহার ক'র্‌ছেন না, কিন্তু তাঁহাকে আহার ক'রে ফেলেছে। রাজ-চক্র-রূপ কীটে তাঁহাকে আহার ক'রে ফেলেছে।

রাজা। হায়! হায়!

হ্যাম্‌। মনুষ্যে কীট ভোজন ক'র্ত্তে পারে যে কীট রাজাকে খায়; এবং যে কীট মৎস্যে খায় সেই মৎস্য আবার মনুষ্যে খায়।

রাজা। এ সকল কথার অর্থ কি?

হ্যাম্‌। কিছুনা, আপনাকে দেখালেম যে দরিদ্রের দ্বারা রাজার কত উপকার হ'তে পারে।

রাজা। পলোনিয়াস্‌ কোথায়?

হ্যাম্‌। স্বর্গে। তাহাকে দেখ্‌বার জন্য কাহাকেও প্রেরণ করুন। যদি সেই দূত তথায় গিয়া তাহাকে না দেখ্‌তে পায়, তাহা হ'লে অন্য স্থলে আপনি স্বয়ং তাহাকে অন্বেষণ করুন। কিন্তু যথার্থ যদি আপনি এই মাসের মধ্যে তাহাকে দেখ্‌তে না পান, তাহা হ'লে উপরকার এক ঘরে অন্বেষণ করুন, আপনি বার হ'য়ে প'ড়বে।

রাজা। (কতিপয় অনুচরের প্রতি)

যাও, কর অন্বেষণ।

হ্যাম্। আছে, আছে, এখনও আছে ।

(কতিপয় অনুচরের প্রস্থান) ।

রাজা। হ্যাম্‌লেট্, তব কার্য্য অতি ভয়ঙ্কর !
কিন্তু তব নিরাপদ হেতু
আমাদের সতত বাসনা ।
সেই হেতু পাঠাইব কিছুদিন তরে
ইংলণ্ড প্রদেশে বৎস তোমা ।
তব হেতু তরী সুসজ্জিত ;
অনুকূল বায়ুভরে উড়িছে পতাকা,
কর ত্বরা ইংলণ্ডে গমন ।

হ্যাম্। ইংলণ্ডে ?

রাজা। হাঁ, কুমার ।

হ্যাম্। ভাল ।

রাজা। ভাল হেতু কহিতো তোমায় ।

হ্যাম্। ভাল, ভাল ;
ইংলণ্ডে ? বেশ্, বেশ্ ।
আসি তবে প্রাণাধিকা মাতা ।

রাজা। নাহি তব মাতা এই স্থানে,
তব প্রিয় জনক হেথায় ।

হ্যাম্। পিতা ও মাতা হয় ভর্ত্তা ও পত্নী । ভর্ত্তা ও পত্নী হয় একাঙ্গে গঠিত । সুতরাং আপনিও আমার মা । চল তবে, ইংলণ্ড প্রদেশে ।

(প্রস্থান) ।

রাজা। কুমারের হও অনুগামী ;
ত্বরা করি যাত্রা কর সবে ।

বিলম্ব ক'রনা,
আজই রাত্রে যাত্রা করা চাহি।
পত্রাদি সকল
বিধিমতে আবদ্ধ ক'রেছি,
করহ প্রস্থান ত্বরা।

(রোজেনক্রান্‌জ ও গিল্‌ডনষ্টারেণের প্রস্থান)।

(স্বগতঃ)
ইংলণ্ড-ঈশ্বর জানে ডেনের প্রতাপ,
অনুরোধ অবশ্য রাখিবে ;
পত্রিকায় আছে মম লেখা,
হ্যাম্‌লেট্ যখনি পৌঁছিবে,
তিলার্দ্ধ না বিলম্ব করিয়ে
প্রাণদণ্ড করিবে তখনি।
রেখ কথা ইংলণ্ড-ঈশ্বর,
জ্বলিতেছে মম রোষানল,
নির্ব্বাপিত তুমি তা' করিবে।
যদবধি নিশ্চিন্ত না হই,
তদবধি আনন্দ বা সুখ,
না পারিব নিরাপদে করিতে সম্ভোগ।

(প্রস্থান)।

চতুর্থ গর্ভাঙ্ক।

ডেন্‌মার্কের ময়দান।

(সসৈন্যে ফর্‌টিন্‌ব্রাসের প্রবেশ)।

ফর্‌। যাও, সেনাপতি ;
জানাইয়ে মম নমস্কার
ডেনমার্ক-নৃপতিরে।
ক'হ তাঁরে,
তাঁর অনুমতি লয়ে,
ডেনের ভিতর দিয়া
সসৈন্যে গমন মোরা করিবারে চাহি।
জান কোথা রহিব আমরা,
তথা মোরে দানিবে সংবাদ,
যে সংবাদ দিবেন নৃপতি।

সেনা। শিরোধার্য্য আজ্ঞা তব দেব।

ফর্‌। যাও তবে।

(সসৈন্যে ফর্‌টিন্‌ব্রাসের প্রস্থান।)

(হ্যাম্‌লেট, রোজেনক্রান্‌জ ও গিল্ডন্‌ষ্টারেণের প্রবেশ)।

হ্যাম্‌। (সেনাপতির প্রতি)
কহ মহাশয়,
কোন্ নৃপতির হেরি এ সব সৈনিক ?

সেনা। নর্‌ওয়ে রাজার, মহাশয়।

হ্যাম্‌। কি কারণে হেথা আগমন ?

সেনা। পোলাণ্ড্‌ নগরবাসী হয়েছে বিদ্রোহী,
সেই হেতু রণযাত্রা সব।

হ্যাম্‌। কাহার অধীনে কহ সৈনিকমণ্ডলী ?

সেনা। বৃদ্ধ নর্‌ওয়ে রাজার ভ্রাতৃ-পুত্র
ফরটিন্‌ব্রাস্‌ বীর,
নায়ক এ সৈন্যগণ'পরি।

হ্যাম্‌। পোলাণ্ড্‌ বিরুদ্ধে এত সৈন্য আয়োজন ?
কিম্বা অন্য কার্য্য আছে কিছু ?

সেনা। সত্য কথা কহি মহাশয়,
সামান্য রাজস্ব লয়ে হয়েছে বিবাদ,
মূল্য অতি সামান্য তাহার,
নামে মাত্র রাজ্য বলি খ্যাত।

হ্যাম্‌। পোলাণ্ড্‌ নিবাসী,
সামান্য রাজস্ব হেতু
না করিবে রণ সুনিশ্চয়।

সেনা। কিন্তু তারা হয়েছে প্রস্তুত।

হ্যাম্‌। হলেম বাধিত অতি,
ধন্যবাদ করি মহাশয়।

সেনা। হইনু বিদায়।

(প্রস্থান)।

রোজে। চল যুবরাজ,
বিলম্বে কি ফল আর ?

হ্যাম্‌। অগ্রসর হও সবে,

যাব আমি পশ্চাতে সবার।

(রোজেনক্রান্‌জ্‌ ও গিলডনষ্টারেণের প্রস্থান)।

নির্ব্বাপিত প্রতিশোধ অনল সংযোগ
প্রতি ঘটনায় করে, বিলম্ব না সয়।
এই কায হইবে সাধিতে,
কেন বলি জীবিত রহিয়া ?
এখনও সাধন বল কেননা হইল ?
প্রাণাপেক্ষা মান বড় জগতে বিদিত ;
তবে কেন ছার প্রাণ থাকিতে আমার,
মান মম লুকায় তিমিরে !
দেখ নিদর্শন,
ননীর পুতলি আহা যুবা ফর্‌টিন্‌ব্রাস্‌,
চিরকাল সৌভাগ্যে লালিত,
মান হেতু ক্ষুদ্র রাজ্য তরে
ধরে অসি সুকোমল করে।
রণ-শয্যা ফুল-শয্যা সম বোধ করি,
পশিবে সমরে বীর, প্রাণ-আশা ত্যজি'।
আর আমি,
যাহার জনকে পাপী অকালে নাশিল,
মাতারে যাহার,
শয্যা-দাসী করিল পামর,
প্রতিশোধ নাহি দিয়ে তার,
কাপুরুষ সম আছি নিশ্চেষ্ট বসিয়া।
হা ধিক্‌ আমারে !

মম সম কাপুরুষে
ধরণী ধরিতে পায় লাজ।
আজি হ'তে
অন্য চিন্তা ধরিব না হৃদে,
শোণিত—শোণিত চিন্তা ধরহ হৃদয়।
(প্রস্থান)।

পঞ্চম গর্ভাঙ্ক।

এল্‌সিনোর রাজপ্রাসাদস্থ প্রকোষ্ঠ।

(রাণী ও হোরেসিওর প্রবেশ)।

রাণী। নাহি কব কথা তার সনে।
হোরে। অফেলিয়া উন্মাদিনী প্রায়
হেরিলে অবস্থা তার,
দয়া উপচয় হৃদে।
রাণী। কি অবস্থা হয়েছে এখন ?
হোরে। শুধু কহে জনকের কথা ;
কহে, সবে করিছে ছলনা,
পিতা মম আছে বর্ত্তমান ;
কথন বা উন্মাদ-প্রলাপ,
অর্থ তার নাহি হয় বোধ।
হেরিলে তাহারে ;
পাষাণ প্রতিমা ভেদ্ হয়।

রাণী। ভাল তারে আনহ এখানে।

(হোরেসিওর প্রস্থান)।

প্রতিপদে আশঙ্কা হ'তেছে;

বুঝিয়াছি এতদিনে,

পাপে মগ্ন হ'য়েছে হৃদয়,

কলঙ্কের রেখা

এ জনমে মুছিবার নয়।

(অফেলিয়ার সহিত হোরেসিওর পুনঃপ্রবেশ)

অফে। ডেন্‌মার্কেশ্বরী

সুন্দরী মহিষী কোথা?

রাণী। একি ভাব অফেলিয়া?

অফে—

গীত।

কেমনে জানিব তুমি ভালবাস মোরে।

তবে কেন যাও নাথ এ দাসীরে ছেড়ে॥

আকৃতি মোহন তব,

মধু-কণ্ঠে বেণু রব,

আমি কি পাগল হব, ভালবেসে তোরে।

রাণী। হায়, হায়, অফেলিয়া!

কিবা অর্থ এ গীতের তব?

অফে। কিবা অর্থ? শোন তবে বলি।

গীত।

গিয়াছে চলিয়া সেতো আসিবেনা আর।

ওলো আসিবেনা সেতো ওলো আসিবেনা আর।

দেহ তার আছে পড়ি,
আত্মা তার স্বর্গ-পুরী,
তৃণের মুকুট শিরে মরি কি বাহার !
হায়, হায় !

রাণী। শোন অফেলিয়া,—

অফে। আমি বলি শোন।

গীত।

তুষার হিমাদ্রি সম ধবল বরণ,—

(রাজার প্রবেশ)।

রাণী। হায়, মহারাজ !
হের কি দশা ইহার।

অফে-

গীত।

ফুল-শয্যা হবে মোর সমাধি উপরি,
প্রেম-ফুল ছড়া দিবে নায়ক আমারি।

রাজা। কহ অফেলিয়া,
আছহ কেমন ?

অফে। বেশ্‌ আছি। লোকে বলে ঐ পেচকটা একটা রুটি বিক্রেতার কন্যা ছিল। প্রভু ! আমরা জানি আমরা কে, কিন্তু জানিনা পরে কি হবে ? ঈশ্বর আপনার আহারের স্থানে বর্ত্তমান থাকুন।

রাজা। পিতার বিরহে কন্যা হ'য়েছে পাগল।

অফে। ও কথায় কোন প্রয়োজন নাই। যখন কেহ জিজ্ঞাসা ক'র্‌বে এর অর্থ কি, তখন ব'ল,—

গীত।

কাল সকালে, ফুট্‌বে জলে, কমলিনী ফুল।
গেঁথে যতনে, হৃদয় রতনে, কানে দোলাব দুল ॥
আপনি সেজে মোহিনী-বেশ,
এলায়ে দিব চাঁচর কেশ,
হ'য়ে তব সেবাদাসী, আঁচড়ে দেব চুল ॥

রাজা। বেশ গেয়েছ, অফেলিয়া।

অফে। সত্যি! তবে শোন গান্‌টা শেষ করি।

গীত।

আশা দিয়ে অবশেষে পালাল কোথায়।
যাও যাও, তুমি যাও চিনিনা তোমায় ॥
ছ'ল্‌তে শুধু এসেছিল,
ছ'লে মোরে চলে গেল,
আঁধার ধরায় রেখে মোরে, বঁধুয়া দেখ অই পলায় ॥

রাজা। (মহিষীর প্রতি)
কবে হ'তে
এই ভাব ধরে অফেলিয়া?

অফে। সবই ভাল হবে, সবই ভাল হবে। হায়, হায়, তাকে ঠাণ্ডা জায়গায় ফেলে এল দেখে আমার বড় কান্না পাচ্ছে। আমার ভাইকে এসব কথা জানাতে হবে। বেশ্‌ পরামর্শ দিয়েছ, বেশ্‌ পরামর্শ দিয়েছ, শত শত ধন্যবাদ। এই যে

আমার গাড়ী আস্‌চে। সুন্দরীগণ, আসি তবে,
তোমরা সুখে নিদ্রা যাও, আমি আসি।

(প্রস্থান।)

রাজা। (হোরেসিওর প্রতি)
যাও পাছে পাছে ;
রেখ তারে নয়নে নয়নে। (হোরেসিওর প্রস্থান।)
শোকাচ্ছন্ন হৃদয় তাহার,
জ্ঞান তিরোভাব সেই হেতু।
মহিষি! মহিষি!
বিপদ্ বা দুঃখ কভু নাহি আসে একা!
দেখ প্রথমতঃ,
হত্যা হ'ল জনক তাহার,
পরে দেখ পুত্রধনে তব,
হ'ল প্রবাসে পাঠাতে।
প্রবাসে গমন, হ'ল তার নিজ দোষে।
প্রজা সবে হ'য়েছে বিস্মিত
মন্ত্রিবর-হত্যা-হেতু।
সচীব-তনয়
আসে গুপ্তভাবে ফ্রান্স্ ত্যজি,
শুনিয়া পিতার মৃত্যু।
হায়, হায়, কি কব তাহারে ?
যখন শুধাবে,
'কে নাশিল জনকে আমার ?'
কি কব তখন তারে রাণি ?

মহিষি আমার !

নাহি দেখি কোন যুক্তি আর।

(নেপথ্যে কোলাহল ।)

রাণী। কিসের এ কোলাহল উঠিল সহসা ?

রাজা। কোথা মম সশস্ত্র প্রহরী ?

দ্বার রক্ষা কর সাবধানে।

(জনৈক ভদ্রলোকের প্রবেশ)।

কি সংবাদ ?

জ ভ। রক্ষা কর আপনারে প্রভু।

লেয়ারটিস্ আসে রোষভরে,

প্রজাগণ লেয়ারটিস্ সনে

হয়েছে মিলিত ;

কহে সবে নরনাথ,

লেয়ারটিস্ আমাদের রাজা।

রাণী। কেমন উল্লাসে সবে

করিছে চীৎকার !

অবিশ্বাসী ডেনের কুকুর !

(নেপথ্যে কোলাহল)

রাজা। ভাঙ্গে দ্বার বুঝি।

(ডেন্‌বাসীসহ সশস্ত্র লেয়ারটিসের প্রবেশ)।

লেয়া। কই, রাজা কই ?

ডেন্‌বাসিগণ,

বহির্ভাগে রহ কিছু কাল।

ডেন্। না, যাব মোরা তব সনে
যথা তুমি যাবে।

লেয়া। করি অনুনয়,
কিছুক্ষণ ত্যজ মোরে।

ডেন্। ভাল, ভাল।

(ডেন্‌বাসিগণের প্রস্থান)।

লেয়া। দ্বার রক্ষা কর সবে।
(রাজার প্রতি) ওরে পাপমতি !
ফিরে দেহ জনকে আমার !

রাণী। হও স্থির, লেয়ারটিস্।

লেয়া। কে পারে রহিতে স্থির
হেরিয়া এ সব ?
যে পারে,
জনম তার, নহে কভু ভাল।
উত্তপ্ত শোণিত মম হইলে শীতল
সতীত্বে সন্দেহ হবে মাতার আমার।

রাজা। কি কারণে কহ লেয়ারটিস্,
হেরি তব রোষ ভাব প্রদীপ্ত মূরতি ?
নাহি ভয় রাণি,
ঈশ্বরের কৃপা থাকে রাজার উপর,
দৈব তেজ রক্ষে নৃপতিরে।
কহ লেয়ারটিস্,
কিবা তব রোষের কারণ ?

লেয়া। কোথায় আছেন মম জনক এখন ?

রাজা। নাহিক জীবিত আর।

রাণী। কিন্তু নহে মহারাজ দোষী।

রাজা। দাও রাণী কহিতে উঁহারে।

লেয়া। কেমনে হইল মৃত্যু?
প্রতারণা মম সনে না খাটিবে রাজা,
জনকের হত্যা-প্রতিশোধ,
সুনিশ্চয় লবে পুত্র তাঁর।

রাজা। লেয়ারটিস্,
ইচ্ছা তব হয়েছে জানিতে,
কেমনে পিতার মৃত্যু সংঘটন হ'ল,
কিন্তু বৎস,
লাভালাভ নাহি হেরি তায়।

লেয়া। কহ সব মোরে।

রাজা। শুনিতে একান্ত তব হ'য়েছে বাসনা?

লেয়া। জনকের বন্ধুগণে
বাহু প্রসারিয়া সবে দিব আলিঙ্গন।

রাজা। উত্তম সন্তান সম কহিছ এখন।
তব জনকের
নহি আমি মৃত্যুর কারণ।
মৃত্যুতে তাঁহার,
হ'য়েছে হৃদয়ে শেল মোর।
(নেপথ্যে ডেন্‌বাসিগণ)।
দাও তারে আসিতে ভিতরে।

লেয়া। কেন কোলাহল এত?

(অফেলিয়ার পুনঃপ্রবেশ)।

অহো দয়াময় !
নাহি পারি এ দৃশ্য হেরিতে।
উন্মাদিনী ভগিনী আমার!
উন্মাদের যে তব কারণ,
ফল তারে পেতে হবে ত্বরা।
ভগিনি ! ভগিনি!
অহো কিবা পরিতাপ !

অফে। লয়ে গেল তাঁরে যানেতে করিয়ে,
দানিল কবর কাঁদিয়ে কাঁদিয়ে,
আসি তবে বঁধু।

লেয়া। থাকিত রে যদি তোর জ্ঞান,
প্রতিশোধ ল'তে মোরে কহিতিস্ যদি,
প্রতিশোধ লইতে লালসা
বোধ হয় এত নাহি হ'ত।

অফে। তোমাকে গান গাহিতে হইবেই, 'চল, চল সবে কুঞ্জ বনে' ধর ধর। বা, বা, কেমন চক্র ঘুরছে! সেটা জুয়াচোর, মনিবের কন্যা চুরি করে পালিয়েছে।

লেয়া। নাহি জ্ঞান কিছু মাত্র আর।

অফে। এই যে গোলাব, তোমার স্মরণার্থ দেব। প্রাণেশ্বর, আমায় মনে রেখ।

লেয়া। হায়, হায়, পূর্ণ উন্মাদিনী।

অফে। আমি তোমাকে গোটাকতক ফুল দেব। কিন্তু

আমার বাপ মরে যাওয়াতে সেগুল শুকিয়ে গেছে।

গীত।

আস্‌বে না লো আর,
সেতো আস্‌বে না লো আর,
ঘুমতে এসে মরে গেছে,
নাই কো সেতো আর,
ওলো নাই কো সেতো আর।

(গীত গাহিতে গাহিতে প্রস্থান।)

লেয়া। হা ঈশ্বর! দেখিলে রাজন্‌!

রাজা। লেয়ারটিস্‌!
তব দুঃখভাগী আমি, জানিও নিশ্চয়।
যে সকল জ্ঞানী বন্ধু আছয়ে তোমার,
জিজ্ঞাসহ তাহাদের পাশে,
আমি দোষী কিনা তব জনক নিধনে।
তব সন্তোষের হেতু দানিব জীবন,
অথবা মুকুট মম দানিব তোমায়,
দোষী যদি করে তারা মোরে।

লেয়া। উত্তম, রাজন্‌।
জনকের প্রতি মৃত শিরা
উত্তেজিছে মোরে ল'তে ভীম প্রতিশোধ।
নারিবে তিমির দেব, আবরিতে তারে,
যেই জন পিতৃ-হত্যাকারী।

রাজা। ভাল বলিয়াছ বৎস, যেইখানে পাপ,
কুঠার আঘাত তাহে করিতে উচিত।
এস বৎস মম সনে।

(সকলের প্রস্থান।)

ষষ্ঠ গর্ভাঙ্ক।

রাজপ্রাসাদস্থ অপর কক্ষ।

(হোরেসিও ও জনৈক ভৃত্যের প্রবেশ।)

হোরে। কে তাহারা?
কিবা প্রয়োজন মোর সহ?

ভৃত্য। তারা নাবিক। তারা বলে যে আপনার নামে একখানা পত্র আছে।

হোরে। ভাল, সবে আনহ এখানে।

(ভৃত্যের প্রস্থান।)

নাহি জানি কে তাহারা?
বোধ হয় কুমারের পত্রিকা-বাহক।

(নাবিকগণের প্রবেশ।)

১ম না। ঈশ্বর মহাশয়কে কুশলে রাখুন।

হোরে। তোমাদেরও কুশল হউক্।

১ম না। আপনার একখানি পত্র আছে। যে রাজদূতকে ইংলণ্ডে প্রেরিত করা হ'য়েছিল, তিনিই পত্র-প্রেরক। আপনার নাম যদি হোরেসিও হয়, তবে আপনি লইতে পারেন। (পত্রপ্রদান)

হোরে। (পত্র পাঠ)

'হোরেসিও, এই পত্রিকা পাঠান্তে রাজার সহিত ইহাদিগের সাক্ষাৎ করাইয়া দিও। তাঁর নামে কতিপয় পত্র আছে। সমুদ্রে গমন কালে দ্বিতীয় দিবসে আমরা জলদস্যুগণ কর্তৃক আক্রান্ত হইয়াছিলাম। নিরুপায় হইয়া আমাদিগকে যুদ্ধ করিতে হইল। কিন্তু আমি বন্দী হইলাম। যাহাহউক তজ্জন্য আমাকে কোন কষ্ট পাইতে হয় নাই। রাজার নামে যে পত্রগুলি ইহাদিগের নিকট আছে, যত শীঘ্র পার সেগুলি তাঁহাকে প্রদান করিতে চেষ্টা করিও। পরে মুহূর্ত্তমাত্র বিলম্ব না করিয়া আমার সহিত সাক্ষাৎ করিবে। ইহাদিগের নিকট হইতে আমার ঠিকানা জানিতে পারিবে। তোমাকে এমন এক আশ্চর্য্যের বিষয় বলিবার আছে—যাহা শুনিলে তুমি মূকবৎ নির্ব্বাক্ হইয়া যাইবে। রোজেন্‌ক্রান্‌জ ও গিল্ডন্‌ষ্টারেণ ইংলণ্ডে প্রস্থান করিয়াছে। তাহাদিগের অনেক বিষয় তোমার নিকট বলিবার আছে, এক্ষণে বিদায়।

তোমারই

হ্যাম্‌লেট্‌।'

এস সবে মম সনে রাজার সকাশে,
পরে ত্বরা ল'য়ে যাবে মোরে,
বিরাজেন কুমার যথায়। (সকলের প্রস্থান।)

সপ্তম গর্ভাঙ্ক।

রাজপ্রাসাদস্থ অপর কক্ষ।

(রাজা ও লেয়ার্টিসের প্রবেশ।)

রাজা। শুনিলে সকল,
দেখো যেন ক'রনা প্রকাশ।
বন্ধু বলি আমারে জানিবে;
তব পূজ্য জনকের হত্যাকারী যেই,
আমারও জীবন নিতে অভিলাষ তার।

লেয়া। সম্ভব।
কিন্তু কহ কি কারণে,
লইতে রাজার প্রাণ অভিলাষ যার,
উপযুক্ত তারে কেন নাহি দাও সাজা ?

রাজা। আছে দুই বিশেষ কারণ।
জননীরে তার,
বড় ভালবাসি আমি !
পুত্রগত প্রাণ তার;
পুত্র অমঙ্গলে
বাঁচিবেনা কভু অভাগিনী।
দ্বিতীয়তঃ প্রজাগণ,
ভালবাসে কুমারে সকলে।
দোষ তার না ধরিবে সবে,
যদি সাজা কুমারের হয়।

লেয়া। সেই হেতু পিতৃহন্তা পায় পরিত্রাণ !

ভগিনী আমার,
উন্মাদিনী সেই হেতু।
প্রতিশোধ দিব কিন্তু আমি।

রাজা। অনিদ্রিত থেকনা সেহেতু।
করেছ কি মনে,
সে সচীব ছিল মোর প্রিয়,
আমারও জীবন যার লইতে প্রয়াস,
বিনা দণ্ডে যাবে সেইজন ?
না, তা নয়,
শুনিবে সত্বর,——

(জনৈক দূতের প্রবেশ)।

রাজা। কি সংবাদ ?

দূত। দুই খানি পত্রিকা রাজন্।
যুবরাজ প্রেরিলেন লোক,
দুই খানি পত্র দিয়া রাজা রাণী নামে।

রাজা। (সবিস্ময়ে)
হ্যাম্‌লেট্‌ পাঠাল পত্রিকা ?
কে আনিল পত্রিকা এখানে ?

দূত। কতিপয় নাবিক, রাজন্।
কিন্তু আমি দেখি নাই কেবা হয় তারা ?
ক্লডিওর কর হ'তে পাইলাম লিপি।

রাজা। লেয়ারটিস,
পত্রিকায় যা আছে লিখন,

মর্ম্ম তার জানাব তোমায়। (দূতের প্রতি)
হতে পার বিদায় এক্ষণে। (দূতের প্রস্থান)।

(পত্র পাঠ)

'প্রবল প্রতাপশালি! আপনি জানিবেন উলঙ্গ অবস্থায় আপনার রাজত্ব হইতে আমাকে নির্ব্বাসিত করা হইয়াছে। আগত কল্য মহারাজের রাজনয়নের বশবর্ত্তী হইব। আমার প্রমুখাৎ মহারাজ আমার অকস্মাৎ অদ্ভুত প্রত্যাগমনের কারণ জ্ঞাত হইবেন। হ্যাম্‌লেট

অর্থ কি ইহার?
ফিরিয়া কি এল সবে?
অথবা কেবল
রাজশ্রীর প্রতি হতাদর?

লেয়া হস্তলেখা কার তাহা জান কি রাজন্?

রাজা সুনিশ্চয় কুমারের লেখা।
'উলঙ্গ' রয়েছে লেখা পত্রিকা ভিতরি;
বলিতে কি পার এর কি অর্থ লইব?

লেয়া কেমনে পারিব মহারাজ।
কিন্তু আসে যুবরাজ,
শুভক্ষণ মম।
সম্মুখে তাহার, আমি পারিব বলিতে,
'হত্যাকারী তুই রে পামর'।

রাজা। কিন্তু দেখ লেয়ারটিস্!
মোর পরামর্শ মতে চলিবে কি তুমি?

লেয়া। যা বলিবে শুনিব রাজন ;
• কিন্তু সন্ধি তার সনে
কোন মতে না হবে আমার।

রাজা। সন্ধিতে নাহিক প্রয়োজন ;
কিন্তু তব মঙ্গলের হেতু
কহি যাহা করহ শ্রবণ।
হ্যাম্লেট্ আসিতেছে ফিরে,
বোধ হয়,
প্রবাসে যাইতে আর না হবে মনন।
কিন্তু হেন কৌশল করিব,
যাহে কুমারের হবে নিশ্চয় পতন।
অথচ,
রা৹ তব প্রতি দোষারোপ কেহ না করিবে
সকলে জানিবে,
কুমারের মৃত্যুর কারণ
দৈব দুর্ঘটনা বলি'।
মহিষীও তাহা
জানিবে নিশ্চয়, বৎস।

লেয়া। মহারাজ !
তোমার আদেশ মত চলিব এখন ;
করহ কৌশল,
নিজ করে ল'তে পারি যাহে প্রতিশোধ

রাজা। তাহাই পারিবে।
দেখিয়াছ বহু দেশ তুমি,

কহিয়াছ কুমারের পাশে
সেই সব দেশের বিষয়,
যথা তব বীরত্বের-আভা
উজ্জ্বলিত এখনও রয়েছে।

লেয়া। কোন্ দেশ কহ তুমি রাজা?

রাজা। বহু দেশ,
জান তাতো তুমি।
দুই মাস হ'ল গত,
নর্ম্মাণ্ডি হইতে
এসেছিল সম্ভ্রান্ত জনৈক।
ফ্রেঞ্চ্ জাতি সহ ছিল ডেনের বিরোধ,
রণের ঘোষণা হয় পরে।
ফ্রেঞ্চজাতি মহাযোদ্ধা জানে সর্ব্বজন,
অশ্বারোহী সে জাতির সম নাহি কেহ,
কিন্তু সেই সম্ভ্রান্ত মানব,
অশ্ববিদ্যা-বিশারদ, মহাবীর্য্যশালী,
ক্ষিপ্র হস্ত, সমরে নিপুণ।
এত দিন রাজকার্য্যে ব্যস্ত থাকি' আমি
হ'য়েছিনু বিস্মরণ তারে।

লেয়া। আছিল নর্ম্মান সেই জন?

রাজা। হাঁ, আছিল নর্ম্মান।

লেয়া। ল্যামড্ তাঁহার নাম।

রাজা। হাঁ, সেই জন।

লেয়া। জানি আমি ভাল রূপ তাঁরে,

সকল জাতির শ্রেষ্ঠমণি।

রাজা। তিনিও জানেন তোমা
সাহসী বীরেন্দ্র নর বলি।
সবার সমক্ষে এই রাজসভা মাঝে
বীরনাদে কহেছিলা বীর,
'অস্ত্রবিদ্যা বিশারদ লেয়ার্‌টিস্‌ সম
হেরি নাই অন্য কোন জনে'।
হ্যাম্‌লেট্‌ সে সময় ছিল উপস্থিত,
ঈর্ষ্যায় বদন তার আরক্তিম হ'ল,
তদবধি করে অন্বেষণ
সুযোগ, তোমার সহ দ্বন্দ্ব যুদ্ধ হেতু।
দেখাও এক্ষণে,——

লেয়া। কি দেখাব মহারাজ?

রাজা। লেয়ারটিস্‌,
আছিল জনক, কহ তোমার কি প্রিয়?

লেয়া। কি কারণে জিজ্ঞাস রাজন?

রাজা। তুমি যে বাসিতে ভাল না করি সন্দেহ।
কিন্তু দেখি কালের মাহাত্ম্যে
ভুলে শোক নরে,
চিরস্থায়ী নহে কিছু ভবে।
রোষ হেতু কহি যা আমরা,
কিছু কাল গত হ'লে
নাহি থাকে সে সব স্মরণ,
অথবা তখন

দীর্ঘ-শ্বাস ত্যাগ করি কহি,
'ভুলিয়াছি কর্ত্তব্য যা ছিল'।
কিন্তু এস কার্য্য কথা কহি ;
আসিতেছে কুমার ফিরিয়ে।
পিতার সুযোগ্য পুত্র বলি
দিতে পরিচয়,
যোগ্য কার্য্য সাধহ এখন,
বৃথা বাক্য ব্যয় ত্যজি ?

লেয়া। ভজনা আগারে
কণ্ঠচ্ছেদ করিব তাহার।

রাজা। হত্যাকারী যেই,
তাহারে নাশিতে
স্থানাস্থান নাহি আছে ভেদ্।
প্রতিশোধ সীমাবদ্ধ নয়।
কিন্তু লেয়ার্‌টিস্,
যাও তুমি নিজ গৃহে।
আসিয়া কুমার
জানিবে এসেছ তুমি দেশে।
কতিপয় নিয়োজিব লোক,
করিবে সুখ্যাতি যারা বীরত্ব তোমার
কহিবে তাহারা,
পরাজিবে যে জন তোমারে,
উপযুক্ত পুরস্কার লভিবে সে বীর।
ইহা শুনি হ্যাম্‌লেট

কখন না নীরব রহিবে,
আহ্বানিবে তোমায় সমরে।
বাছি লবে প্রাণান্ত কৃপাণ,
জনকের হত্যা প্রতিশোধ
অচিরে পূরিবে তাহে নাহিক সংশয়।

লেয়া। শিরোধার্য্য আদেশ তোমার।
মনস্কাম সাধিবার তরে
প্রাণঘাতী বিষ আমি মিশাব কৃপাণে,
সামান্য পরশে যার
মৃত্যু সুনিশ্চয়, নাহি ঔষধ তাহার।

রাজা। এস, আরও করি বিবেচনা;
অস্ত্রের সাহায্যে যদি না হয় নিধন,
বিষের সর্‌বত্ আমি রাখিব প্রস্তুত।
চাহিবে যখন বারি ক্লান্ত হয়ে রণে,
পান হেতু দিব তারে প্রাণঘাতী বিষ।

(নেপথ্যে কোলাহল)

(সচকিতে)
কিসের এ কোলাহল উঠিল সহসা?

(রাণীর প্রবেশ)।

কি সংবাদ মহিষি আমার?

রাণী। বিপদ্ না আসে একা কভু।

(লেয়ারটিসের প্রতি)

জলমগ্ন হইয়াছে ভগিনী তোমার।

লেয়া। জলমগ্ন? কোথায়?

রাণী। দীর্ঘিকার পাশে
দেবদারু বৃক্ষ শাখা'পরি
বসি উন্মাদিনী
গাহিল উন্মাদ-গীত,
অকস্মাৎ শাখা ভাঙ্গি গেল,
দীর্ঘিকা উপরি
পড়িল সজোরে তনু তার,
অভাগিনী জলমগ্ন হ'ল।

লেয়া। হায়, হায়, জলমগ্ন হ'ল!

রাণী। জলমগ্ন হ'ল বাছা ভগিনী তোমার।

লেয়া। অহো! অফেলিয়া,
অভাগিনী ভগিনী আমার!
দীর্ঘিকা গ্রাসিল তনু তোর!
হ'ল ভাল,
যে জ্বালা হৃদয়ে তুই পেয়েছিলি ব'ন,
মরিয়া এড়ালি তুই সেই জ্বালা হ'তে।
রহিনু কেবল আমি,
দিতে তোর জ্বালা-পরিশোধ।
(রাজার প্রতি)
চলিনু এখন মহারাজ। (প্রস্থান)।

রাজা। চল রাণি, যাই পাছে পাছে।
কত যত্ন করি
রোষ তার করিনু শীতল;
কিন্তু নাহি জানি
আবার কি হয়,
চল করি পদানুসরণ। (সকলের প্রস্থান।)

পঞ্চম অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

মঠ সম্মুখস্থ কবর-ভূমি।

(দুইজন অনুচরের শাবল, কোদাল, ইত্যাদি লইয়া প্রবেশ।)

১ম অ। এ আত্মাহত্যা ক'রেছে, একে কি আমাদের ধর্ম্মানুসারে কবর দেওয়া উচিত ?

২য় অ। ও যেকালে আমাদের ধর্ম্মাবলম্বী সে কালে ওকে কবর দিতে হবে বৈকি ? অতএব শীঘ্র কায সেরে ফেল।

১ম অ। যা হ'ক্ ও নিজে তো আত্মহত্যা ক'রেছে, তবে কি করে ওকে কবর দেওয়া যুক্তিসিদ্ধি ?

২য় অ। হাঁ নিজে আত্মহত্যা ক'রেছে ব'লে তো দেখা যাচ্ছে।

১ম অ। দেখা যাচ্ছে কেন, নিশ্চয়ই তো করেছে। মনে কর আমি যদি ইচ্ছে করে ডুবি, সেটা যখন আত্ম-হত্যা হ'ল, তখন এটা হবেনা কেন ? এটাকে নিশ্চয়ই আত্মহত্যা ব'লতে হবে।

২য় অ। এখন বাগ্‌বিতণ্ডা ছেড়ে দিয়ে কায কর্ত্তে আরম্ভ কর।

১ম অ। আগে তোমাকে একটু বুঝিয়ে দি। মনে কর

এখানে জল রয়েছে, বেশ; আর এখানে এক্‌টা মানুষ দাঁড়িয়ে রয়েছে, বেশ; ভাল ক'রে শুনে যাও; এখন জলটা এগিয়ে এসে যদি মানুষটাকে ডুবিয়ে নিয়ে যায়, তা হ'লে তাকে আত্মহত্যা বলে না। বুঝেছ? সুতরাং মৃত্যুর জন্য তাকে দোষ দেওয়া যেতে পারে না। বুঝ্‌ছো?

২য় অ। কিন্তু আইনের চ'খে সে দোষী।

১ম অ। তা হ'তে পারে।

২য় অ। এটা যদি ভদ্র ঘরের মেয়ে না হ'ত, তা হ'লে এটার কবর কখনই হ'ত না।

১ম অ। হাঁ, এখন ঠিক্‌ ব'লেছ। দেখ, আজ কাল বড় লোকগুলই আত্মহত্যা করে। নাও, এখন শাবল ধর। দেখ আমরা বনিয়াদি লোক। যত মালী, মুদ্দফরাস দেখ্‌তে পাবে, তারা সব বনিয়াদি ঘরের ছেলে। আমাদেরও এই ব্যবসা ছিল।

২য় অ। সেটা কি ভদ্দর লোকের ছেলে ছিল?

১ম অ। বাঃ সেই হ'ল আদত। তখন থেকেই অস্তরের সিষ্টি।

২য় অ। না, তা কি করে হবে?

১ম অ। তবে তুই নাস্তিক?

তুই তবে আমাদের ধর্ম্ম শাস্তর্‌ কিছুই বুঝিস্‌নে? আমাদের ধর্ম্মে বলে, আদম্‌ মাটী খুড়তো। তা তখন অস্তর্‌ শস্তর্‌ না থাক্‌লে কি মাটী খোঁড়া

যেতো? যা হোক্‌ আমি তোকে একটা কথা
জিগ্যেস করি, তার ঠিক্‌ উত্তর দে দেখি। যদি
না পারিস্‌ তা হ'লে জানবো——

২য় অ। বল্‌ বল্‌।

১ম অ। আচ্ছা বল্‌ দেখি, রাজমিস্ত্রী, ছুতোর, কামার
এদের চেয়ে কে মজ্‌বুৎ জিনিশ তৈয়ের ক'রতে
পারে?

২য় অ। ওরে তা জানিস্‌নে, তবে শোন্‌। এই যারা
ফাঁসী কাঠ তৈয়ের করে তাদের মত মজ্‌বুৎ
জিনিস আর কেউ তৈয়ের ক'রতে, পারে না।

১ম অ। ঠিক্‌ ব'লেছিস্‌, ঠিক্‌ ব'লেছিস্‌। ফাঁসী কাঠই
ঠিক্‌। কিন্তু তবু ঠিক্‌ হ'লনা। কেউ কেউ
বলে ফাঁসী কাঠের চেয়ে গির্জ্জে ঘর মজ্‌বুৎ।
আবার ভেবে বল্‌।

২য় অ। তুই জিগেস কর্‌ছিস্‌ রাজমিস্ত্রী, ছুতোর,
কামার এদের চেয়ে কে মজ্‌বুৎ জিনিশ তৈয়ের
ক'র্ত্তে পার? কেমন?

১ম অ। হাঁ, এখন বল্‌ দেখি।

২য় অ। হ'য়েছে রে এবার ঠিক্‌ হ'য়েছে।

১ম অ। তবে ব'লে ফ্যাল্‌।

২য় অ। তবে হোলনা।

(দূরে হ্যাম্‌লেট্‌ ও হোরেসিওর প্রবেশ।)

১ম অ। যা, যা, তোকে আর মাথা ঘামাতে হবেনা। তোর
বিদ্যেবুদ্ধি সব বোঝা গেছে। তোর মত বোকা

গাধা আর দুনিয়ায় নাই। এখন এক কায কর্‌,
আমায় একটু-সরাপ্‌ এনে দে দেকিন্‌।

(২য় অনুচরের প্রস্থান।)

১ম অ (মৃত্তিকা খনন করিতে করিতে)।

গীত।

ওরে যুবো বয়েসে যখন তোরে ভালবেসেছিনু।
মনে করনু প্রেমটা মিঠে, পেট্‌টা ভ'রে খেনু॥
মেঠাই তখন, মনে ক'রে,
পুরলুম পেটে গলা চিরে,
উথ্‌লে উঠে, ন্যাকার ক'রে ধরা ভাসিয়ে দিনু॥

হ্যাম্‌। এ লোক্‌টার কি হৃদয় একেবারে নাই? মৃতদেহ সংকারের জন্য মৃত্তিকা খনন কর্‌ছে, ওদিকে প্রফুল্ল মনে গীত ধ'রেছে।

হোরে। ওদের ও সকল বিষয় অভ্যস্ত হ'য়ে গেছে, সুতরাং ওদের দোষ দেওয়া বৃথা।

হ্যাম্‌। সত্য কথা।

১ম অ—

গীত।

ওরে বয়েসে ক'রে ভেঙ্গে দিয়েছে আমার প্রেমের ঘোর।
প্রেমের মেঠাই,
আর্‌ তো না পাই,
হ'য়েছি এখন চোর।
ওরে মণি হ'য়েছি এখন চোর॥

(মৃত্তিকা খনন করিতে করিতে একটা মড়ার মাথার খুলি উত্তোলন ও তাহা দূরে নিক্ষেপ।)

হ্যাম্‌। ঐ মস্তকের এককালে জিহ্বা ছিল ও সেই জিহ্বাও গীত গাহিতে পারিত। কিন্তু, দেখ এই লোকটা অই মস্তক এরূপ অশ্রদ্ধাভাবে দূরে নিক্ষেপ ক'র্‌লে, যেন ওটা একটা ঘৃণিত পাপীর মস্তক, কিম্বা তদপেক্ষা অন্য কোন ঘৃণিত পদার্থ। এইরূপ বোধ হয় না?

হোরে। হাঁ, কুমার।

হ্যাম্‌। এ সব দেখ্‌লে শুন্‌লে হৃদয় বড়ই চঞ্চল হয়। আমি এ লোকটাকে গোটা কতক কথা জিজ্ঞাসা করি। (অনুচরের প্রতি) এ কার কবর হে?

১ম অ। আমার মশাই—

গীত।

কবর আমার, মরি কি বাহার—

হ্যাম্‌। হাঁ তোমারই কবর বটে। তা তোমাকে এর ভিতর তো শুতে হবে।

১ম অ। আর তোমাকে মশাই এর বাহিরে শুতে হবে, সুতরাং এটা তোমার কবর নয়। আর আমার কথা যা জিগ্যেস ক'রেছ মশাই, তো বলি শুনুন যদিও আমাকে এটার ভেতর শুতে হবেনা তবুও এটা আমার কবর।

হ্যাম্‌। তুই মিথ্যা বল্‌ছিস্‌।

১ম অ। তবে তুমিও মশাই মিথ্যা ব'ল্‌ছ।

হ্যাম্‌। কোন্‌ মানুষের জন্য এটা খুঁড়েছিস্‌?

১ম অ। কোন মানুষের জন্য নয়গো কর্ত্তা।

হ্যাম্‌। তবে কি কোন স্ত্রীলোক?

১ম অ। তাও নয়।

হ্যাম্‌। তবে কাকে কবর দিবি?

১ম অ। সে আগে স্ত্রীলোক ছিল, এখন মরে গেছে।

হ্যাম্‌। কত দিন হ'তে তুই কবর খনন কার্য্যে নিযুক্ত হ'য়েছিস্‌?

১ম অ। বছরে যতগুল দিন আছে সবগুল দিন হ'তে। যেদিন আমাদের মহারাজা হ্যাম্‌লেট্‌ ফরটিন্‌ব্রাস্‌কে যুদ্ধে জয় ক'রে আসেন, সেই দিন হ'তে আমারও হাতে খড়ি।

হ্যাম্‌। সে কত দিন হ'ল?

১ম অ। সে কি তুমি জাননা মশায়? যেদিন আমাদের যুবরাজ জন্মান্‌। যুবরাজ এখন পাগল হ'য়ে গেছেন। তাকে ইংলণ্ডে পাঠিয়েছে।

হ্যাম্‌। কেন তাকে ইংলণ্ডে পাঠান হ'ল?

২ম অ। তিনি পাগলপারা হ'য়েছিলেন। ঠাণ্ডা দেশে গেলে যদি তিনি সারেন, সেই জন্যে তাঁকে পাঠিয়েছে। আর যদি সেখানে না সারেন, তাতে একটা বড় ক্ষতি নাই।

হ্যাম্‌। কেন?

১ম অ। সেখানে সকলে পাগল, কে কাকে দ্যাখে।

হ্যাম্‌। কি ক'রে সে পাগল হ'ল?

১ম অ। বড় আশ্চর্য্যি কথা সকলে বলে।

হ্যাম্। কি আশ্চর্য্যি কথা ?

১ম অ। যে তাঁর বুদ্ধি সুদ্ধি লোপ্ হ'য়ে তিনি পাগল হ'য়ে পড়েছেন।

হ্যাম্। হোরেসিও শুন্‌লে। মহাবীর আলেক্‌জাণ্ডারকেও কবর দেওয়া হ'য়েছিল, কিন্তু এখন তাঁহার দেহ ধূলার সহিত মিশিয়া গিয়াছে। ভূমণ্ডলই ধূলা।

রাজেন্দ্র সিজার এবে মৃত্তিকার সম,
নাহি আর দর্প গর্ব্ব বীরত্বের প্রভা ;
যাঁর ভুজবলে পৃথ্বী হ'ত কম্পবান্,
হায় সেই বীরশ্রেষ্ঠ কোথায় এখন ?
কিন্তু হের, আসিছেন রাজা।

(পুরোহিতগণের প্রবেশ, অফেলিয়ার মৃতদেহ বহন করিয়া কতিপয় লোক, লেয়ার্‌টিস্, রাজা, রাণী ও শরীর-রক্ষকগণের প্রবেশ।)

আসে রাণী সভাসদ্ সহ।
কেবা ভব ত্যজিল এখন
যার হেতু রাজা রাণী করে আগমন ?
অবশ্য সম্ভ্রান্ত হয় অই মৃত দেহ,
জানিতে হইল মোরে ইহার কারণ।
এস হোরেসিও,
দূর হ'তে দেখি মোরা ঘটনা সকল।

(হোরেসিওর সহিত কিয়দ্দূরে অবস্থান।)

লেয়া। আর কিবা আছে বাকি ?

হ্যাম্। লেয়ারটিস্ নাম ধরে,
বড়ই সাহসী আর সজ্জন যুবক।

লেয়া। কিবা বাকি আছে আর ?

পুরো। কিসে মৃত্যু ঘটিল ইহাঁর,
আত্মহত্যা কিম্বা মৃত্যু দৈব ঘটনায়
জানা নাহি গেছে স্থির;
মৃত্তিকা ভিতরি
রবে বদ্ধ এ কুমারী
যতদিন নাহি হয় শেষ ভেরীরব।
করা যা'ক ভজনা এক্ষণে,
করহ প্রস্তরখণ্ড নিক্ষেপ ভিতরে
আচ্ছাদন কর দেহ তার।

লেয়া। আর কিছু হবেনা করিতে ?

পুরো। আর কিছু প্রয়োজন নাই।
ঈশ্বরের করিব সঙ্গীত,
আত্মা যাহে করয়ে বিশ্রাম।

লেয়া। করাও শয়ন দেহ মৃত্তিকা ভিতরি,
অকলঙ্ক শবাঙ্গে তাহার
প্রস্ফুটিত হউক কুসুম!
শুন পুরোহিত,
হ'য়েছে ভগিনী মম স্বর্গের অপ্সরী,
অন্তিম সঙ্গীত

গাও কিম্বা নাহি গাও ক্ষতি নাহি তায়

হ্যাম্‌ । (সচকিতে)

একি, একি শুনি,

অফেলিয়া নাহি আর ভবে !

রাণী । (অফেলিয়ার মৃতদেহের প্রতি)

জগতের যন্ত্রণা এড়ায়ে,

যাও বৎসে চির-শান্তিধামে ।

(অফেলিয়ার দেহোপরি পুষ্পনিক্ষেপ ।)

আশা ছিল মনে,

পুত্রবধূ করি তোরে রাখিব নিকটে,

না করিব চক্ষু-অন্তরাল ।

করেছিনু মনে,

বাসর সাজাব আমি প্রস্ফুট প্রসূনে,

কিন্তু হায়,

দিতে হ'ল সে প্রসূন এবে

সাজাতে কবর তব ।

লেয়া । চারিদিকে দুঃখরাশি আবরিল মোরে,

বিপর্য্যস্ত করিল হৃদয় ।

দশ গুণ দুঃখ ভোগ করুক সেজন,

যেবা হয় ভগিনীর উন্মত্ত কারণ ।

রহ ক্ষণকাল সবে,

দিওনা মৃত্তিকা চাপা মৃতে কিছুক্ষণ,

ভগিনীরে দিব আমি শেষ আলিঙ্গন ।

(কবরের ভিতর লাফাইয়া পতন ।)

কর সবে মৃত্তিকা নিক্ষেপ,
ভগ্নী সহ কর মোরে প্রোথিত এখানে।

হ্যাম্। (অগ্রসর হইয়া)
কোন্ জন করে দুঃখ এত,
কাতর উক্তিতে যার
নিশ্চল তারকাকুল, রুদ্ধ সমীরণ?
ডেন্‌মার্কবাসী হ্যাম্‌লেট্ আমি।
(কবরে লাফাইয়া পতন।)

লেয়া। সয়তান ল'ক্ আত্মা তোর।
(বল প্রকাশ।)

হ্যাম্। ঈশ্বরের উপাসনা হয়নি তোমার;
লহ কর কণ্ঠ হ'তে মোর।
যদিও স্বভাব মম না হয় চঞ্চল,
তবু না কহিতে পারি কি হ'তে কি হবে;
ভীষণতা সহচর মম,
উচিত তোমার মোরে করিতে বর্জ্জনা
লহ কর তব!

রাজা। করহ বিভিন্ন উভে।

রাণী। হ্যাম্‌লেট্! হ্যাম্‌লেট্!

সকলে। মহাশয়গণ, মহাশয়গণ,——

হোরে। হও স্থির ভূপাল-তনয়।

(অনুচরবর্গের উভয়কে বিভিন্নকরণ ও উভয়ের কবর হইতে উত্থান।)

হ্যাম্। যদবধি চক্ষু মম না হয় নিস্তেজ,

তদবধি রণে আমি সতত প্রস্তুত।

রাণী। প্রাণাধিক,

কি হেতু এ বাণী ?

হ্যাম্‌। অফেলিয়া ছিল মম প্রাণের রতন,

বড় ভালবাসিতাম তারে।

(লেয়ারটিসের প্রতি)

চল্লিশ সহস্র ভ্রাতা রহিলে তাহার

না পারিত দিতে প্রেম মম সমতুল।

কি পার করিতে তুমি ভগিনীর হেতু ?

রাজা। উন্মত্ত হ'য়েছে পুত্র জেন লেয়ার্টিস্‌ ?

হ্যাম্‌। হউক্‌ নিপাত সবে!

দেখাও আমারে,

ভগিনীর হেতু কি পার সাধিতে ?

করিবে রোদন কিম্বা রণ-আয়োজন ?

কিম্বা অনশনে দিন কাটাবে তোমার ?

অথবা আপন হৃদি দ্বিখণ্ড করিবে ?

আহারীয় হবে কিবা হাঙ্গর কুম্ভীর ?

আমি কিন্তু অই সব পারি করিবারে।

আসিয়াছ লেয়ার্টিস্‌ তুমি

কবরে প্রোথিত হ'তে ভগিনীর সহ;

আমি কি পারি না তাহা ?

তব সম সর্ব্বকার্য্যে আমিও সক্ষম।

রাণী। বাতুলতা মাত্র ইহা।

উন্মত্ততা বর্দ্ধিত হইবে,

বাক্যে তর্ক করিলে তাহার।

হ্যাম্। (লেয়ারটিসের প্রতি)

শুন ভাই,

তব সনে নাহি হয় কলহ আমার,

তবে কি কারণে কর দ্বন্দ্ব মোর সহ?

ধর তুমি উন্নত হৃদয়,

চিরদিন তব প্রতি আছে ভালবাসা;

অপরের যাহা ইচ্ছা করুক আমায়,

দৃক্‌পাত না করি তাহে নাহি কিছু ভয়!

(প্রস্থান।)

রাজা। (হোরেসিওর প্রতি)

কুমারের পাছে পাছে যাও হোরেসিও।

(হোরেসিওর প্রস্থান)।

(জনান্তিকে লেয়ারটিসের প্রতি)

গত রাত্রে বলেছি যে সব

হইওনা বিস্মরণ তাহা।

হ'য়োনা অধীর,

হৃদয়ে ক্ষমতা ধর।

প্রাণাধিকা মহিষী আমার,

পুত্রে সদা নয়নে রাখিবে।

কবরের কার্য্য হ'ল শেষ,

এস সবে আমার প্রাসাদে।

(সকলের প্রস্থান।)

দ্বিতীয় গর্ভাঙ্ক।

রাজপ্রাসাদস্থ দরদালান।

(হ্যাম্‌লেট্‌ ও হোরেসিওর প্রবেশ।)

হ্যাম্‌। এতদূর করিলে দর্শন ;
অন্য দৃশ্য হেরিবে সত্বর।
সকল ঘটনা তব আছেতো স্মরণ ?

হোরে। স্মরণ, কুমার !

হ্যাম্‌। অন্তরের প্রতি শিরা ভাই,
পরস্পর করিছে বিরোধ,
নিদ্রাহীন নয়ন আমার।
শোন হোরেসিও,
কহি এক অপূর্ব্ব কাহিনী।
যখন আছিনু আমি তরীর উপরি,
অকস্মাৎ সন্দেহ হইল ;
মম কক্ষ হ'তে
সামুদ্রিক পরিচ্ছদ করি পরিধান,
চুপি চুপি নামিয়া আইনু।
যেই কক্ষে রাজদূতদ্বয়
নিদ্রার কোমল ক্রোড়ে আছিল শয়ান,
ধীরপদে প্রবেশিনু তথা।
খুলি রাজ-লিপি
করিলাম পাঠ মনে মনে।

শোন লিপি-মর্ম্ম ভয়ঙ্কর ;
ইংলণ্ডের কুশল জিজ্ঞাসি
লেখা আছে তায়,
কুমারের বড় দুর্দ্দান্ত স্বভাব,
সেই হেতু প্রেরি তারে ।
অচিরাৎ কুঠার আঘাতে
দ্বিখণ্ড করিয়া শিরে
পাঠাইবে শমন আগারে !

হোরে । এতদূর হয় কি সম্ভব ?

হ্যাম্‌ । অসম্ভব কিবা আছে ভবে ?
লহ লিপি,
পাঠ ক’র অবকাশ মতে ।
পরে কি করিনু আমি,
শুনিবে কি তাহা ?

হোরে । বল যুবরাজ,
কৌতূহল হ’য়েছে আমার,
বল সব দয়া করি ।

হ্যাম্‌ । মস্তিষ্ক আমার
অই লিপি পাঠ করি বিকৃত হইল ;
বসি সেই স্থানে
অন্য লিপি লিখিনু সত্বর ।
কি লিখিনু জান কি তা তুমি ?

হোরে । কহ মোরে বন্ধু-বর ।

হ্যাম্‌ । ইংলণ্ডের সহ

আমাদের না হবে বিরোধ,
পরস্পরে সখ্যতা রহিবে,
পরস্পরে মঙ্গল দেখিবে।
এইরূপ বহুবিধ লিখি,
পরে লিখিয়াছি,
এই দূতদ্বয়
অতি অবিশ্বাসী নর;
মুহূর্ত্ত না বিলম্ব করিয়ে
লবে প্রাণ উভয়ের,
চিন্তার সময় নাহি দিবে।

হোরে। শিরোনামা কিরূপ লিখিলে ?

হ্যাম্। ঈশ্বর সহায় হ'ল মম।
পিতার মোহর এক আছিল নিকটে,
সে মোহর আজও রাজ্যে চলে।
শিরোনামে অঙ্কিত করিনু।
পরদিন সামুদ্রিক রণ
হ'ল আমাদের পোতে;
পরে শুনিয়াছ সব,
কি ঘটনা ঘটিল সবার।

হোরে। গিল্ডন্‌ষ্টারণ্, রোজেনক্রান্‌জ্
উভয়ে করেছে যাত্রা ইংলণ্ড উদ্দেশে।

হ্যাম্। দেখ বন্ধু,
নিজ পাপে ভোগে নিজে নর।
ছিল পাপ অন্তরে তাদের,

বিনাশের তাহার কারণ॥

হোরে। রাজার আচার শুনি হ'য়েছি স্তম্ভিত।

হ্যাম্‌। যে পাপাত্মা নাশিল জনকে,
জননীরে করে দ্বিচারিণী,
মম প্রাণ বিনাশের হেতু
সতত মনন যার,
তার সনে কি রূপ আচার
করিবারে উপযুক্ত হয়?

হোরে। ইংলণ্ড হইতে
আসিবে সম্বাদ ত্বরা।
নাহি জানি কি করিবে রাজা?

হ্যাম্‌। সম্বাদ আসিছে ত্বরা
নাহি আছে তাহাতে সংশয়।
কিন্তু বড় দুঃখ হয় মনে,
লেয়ারটিস্‌ সনে
বিরোধ করিতে হ'ল॥
করিব বন্ধুত্ব তার সনে,

হোরে। মাগিব প্রণয়-ভিক্ষা তার।
আসে কেবা এই দিকে?

(অস্‌রিকের প্রবেশ।)

অস্‌ কুমারের স্বরাজ্যে প্রত্যাবর্ত্তনে সকলেই আনন্দিত ও সুখী।

হ্যাম্‌। মহাশয়, আমার বিনীত ধন্যবাদ গ্রহণ করুন।

অই সামুদ্রিক মক্ষিকার নামটী কি জান ?

হোরে। না, কুমার।

হ্যাম্‌। না জান এক রকম ভালই হয়েছে। জানাটা বড় পাপ।

অস্‌। কুমার, যদি আপনার অবকাশ থাকে তাহ'লে মহারাজের একটী কথা আপনার নিকট নিবেদন করি।

হ্যাম্‌। বিলক্ষণ অবকাশ আছে আপনি ব'ল্‌তে পারেন। আপনি অমন বস্ত্র গাত্রে দিয়াছেন কেন? তা ঠিক্‌ হ'য়েছে।

অস্‌। আজ্ঞে, বড় গ্রীষ্ম।

হ্যাম্‌। না, আজ বড় শীত। উত্তরে বাতাস বইছে।

অস্‌। বাস্তবিক আজ একটু শীতের প্রকোপ দেখ্‌তে পাচ্ছি।

হ্যাম্‌। কিন্তু আমার বোধ হয় আজ্‌ যেন গ্রীষ্মটা একটু বেড়েছে।

অস্‌। ভয়ঙ্কর বেড়েছে কুমার।
বড়ই প্রকোপ হ'য়েছে।—
যা'হা হউক কুমার, মহারাজের আমায় প্রতি আদেশ হ'য়েছে আপনাকে জানাতে যে আপনার মস্তকের উপর ভারি একটা বাজি রাখা হ'য়েছে।
এই বিষয়ের জন্য,—

হ্যাম্‌। স্মরণ রেখ—

অস্‌। তারপর অনুগ্রহ ক'রে শুনুন। লেয়ার্টিস্‌

সম্প্রতি এ রাজ্যে প্রত্যাবর্ত্তন ক’রেছেন, যথার্থ কথা ব’ল্‌তে গেলে তিনি অতি ভদ্র। অনেক গুণ তাঁহার হৃদয়ে শোভিত করে।

হ্যাম্‌। মহাশয়, তা আমি বিশেষরূপে জ্ঞাত আছি। তাঁর ধীরতা, সুশীলতা ও বীরত্বের জন্য আমিও তাঁকে মান্য করি।

অস্‌। কুমার, আপনি যথার্থই ব’লেছেন।

হ্যাম্‌। কি জন্য তাঁকে আমরা বিষ নয়নে দেখ্‌ব?

অস্‌। আজ্ঞে?

হোরে। অপরের রসনা উচ্চারিত বাক্য কি আপনি বুঝ্‌তে পারেন না?

হ্যাম্‌। অই ভদ্র লোকটীর নাম এখানে উল্লেখ করবার কি প্রয়োজন?

অস্‌। কার নাম ব’ল্‌ছেন? লেয়ার্টিসের?

হোরে। কুমার, ইনি ভাণ্ডার শূন্য হ’য়েছেন। ইহাঁর ভাণ্ডারে আর মিষ্ট বাক্য নাই।

হ্যাম্‌। তারপর আপনার আর কি বল্‌বার আছে ব’লে ফেলুন।

অস্‌। আপনি বোধ হয় অজ্ঞাত নহেন যে—

হ্যাম্‌। তার পরে ব’লে যান্‌।

অস্‌। আপনি অজ্ঞাত নহেন যে লেয়ার্টিস কত গুণ ধরেন—

হ্যাম্‌। আমি তা স্বীকার কর্ত্তে সাহস করি না, তা হ’লে আমাকে অনেক তুলনা ক’র্‌তে হবে।

অস্‌। আজ্ঞে আমার বল্‌বার অর্থ এই যে, তিনি অস্ত্র বিষয়ে বিশারদ।

হ্যাম্‌ তাঁহার অস্ত্র কি?

অস্‌। ছোরা ও তরবারি।

হ্যাম্‌। এই দুইটী অস্ত্র মাত্র। ভাল, তার পর?

অস্‌। মহারাজ লেয়ার্টিসের সহিত ছয়টা উত্তম অশ্ব বাজী রাখিয়াছেন।

হ্যাম্‌। কি বিষয়ের উপর বাজী রাখা হইয়াছে?

অস্‌। আপনার সহিত দ্বন্দ্ব যুদ্ধে। লেয়ার্টিসকে সকলে অস্ত্রবিশারদ বলে। তজ্জন্য মহারাজা কুমারের হ'য়ে তাঁর সঙ্গে বাজি রাখিয়াছেন, যদি লেয়ার্টিস আপনাকে তিনবার আঘাত করিতে পারেন, তাহা হইলেই তাঁহার বাজি জিৎ হইবে। এক্ষণে কুমারের অনুমতিসাপেক্ষ।

হ্যাম্‌। যদি আমার অনুমতি না হয়?

অস্‌। সে কুমারের ইচ্ছা।

হ্যাম্‌। মহাশয়, আমি এইখানেই অপেক্ষা ক'রব। যদি মহারাজের এতাদৃশ অভিলাষ হইয়া থাকে, তাহা আমি পূরণ করিতে সম্মত আছি। অস্ত্র-শস্ত্র আনয়ন করিতে বলুন। যদি আমার প্রতিদ্বন্দ্বীর ইচ্ছা থাকে, তবে আমার আর কোন আপত্তি নাই। যদি পারি, মহারাজের হ'য়ে আমি বাজি জিতিতে চেষ্টা করিব। যদি পরাজিত হই, তবে লজ্জা আমার চর সহচর হ'বে।

অস্‌। মহারাজকে তবে জ্ঞাত করাই গে?

হ্যাম্‌। অবশ্য পারেন।

অস্‌। কুমারের আজ্ঞাধীন।

(প্রস্থান।)

হ্যাম্‌। কেমন আজ্ঞাধীন দেখ্‌লে?

হোরে। আমার দেখ্‌তে বাকি নাই।

(জনৈক লর্ডের প্রবেশ)।

লর্ড্‌। কুমার, মহারাজ আপনার নিকট যুবা অস্‌রিককে দিয়া যে সংবাদ প্রেরণ করিয়াছিলেন, তাহাতে আপনি সম্মত আছেন জানিয়া মহারাজ আমাকে আপনার নিকট প্রেরণ করিয়াছেন। আপনি এখানে অপেক্ষা করিতেছেন শুনিয়া তিনি জানিতে পাঠাইলেন যে, আপনি লেয়ার্টিসের সহিত অসি-ক্রীড়া করিতে প্রস্তুত হইয়াছেন, না কিছু বিলম্ব আছে?

হাম্‌। বাক্যানুযায়ী আমি সততই প্রস্তুত। মহারাজের যখনই অনুমতি হ'বে, তখনই ক্রীড়াক্ষেত্রে অবতীর্ণ হইতে আমি প্রস্তুত। যদি লেয়ার্টিস্‌ প্রস্তুত হইয়া থাকেন, আমিও প্রস্তুত।

লর্ড। মহারাজ, মহিষী ও অপরাপর সকলে আসিতেছেন।

হ্যাম্‌। ভালই হইয়াছে।

লর্ড। মহিষী ইচ্ছা করেন যে লেয়ার্টিসের সহিত অসি

ক্রীড়ার পূর্ব্বে আপনি তাহাকে প্রিয় সম্ভাষণ করেন।

হ্যাম্। তিনি ভাল কথাই বলিয়াছেন।

(লর্ডের প্রস্থান)।

হোরে। কুমার! আপনি বাজিতে হারিবেন।

হ্যাম্। আমার তো তাহা মনে হয় না। লেয়ার্টিস যখন ফ্রান্সে যাত্রা করিয়াছিলেন, তখন সততই আমি অসি-ক্রীড়ায় রত ছিলাম। সুতরাং উহা আমার এক প্রকার অভ্যস্ত হইয়া গিয়াছে। তুমি দেখো যে আমি নিশ্চয়ই জয়লাভ ক'রতে সমর্থ হ'ব। কেবল হৃদয় বড়ই আকুল আছে, কিন্তু তজ্জন্য কিছু এসে যাবে না।

হোরে। কিন্তু কুমার,—

হ্যাম্। কিন্তুর কোন আবশ্যক নাই।

হোরে। শুনুন কুমার। যদি আপনার হৃদয় নিতান্ত অস্থির হ'য়ে থাকে, তাহ'লে আমাকে বলুন। আপনার শরীর ভাল নাই ব'লে আমি অস্ত্রক্রীড়া স্থগিত রাখি।

হ্যাম্। না, না, তা ক'রনা। বোধ হয় এমন সুযোগ আর উপস্থিত না হ'তে পারে। ঐশ্বরিক ইচ্ছায় জগত পরিচালিত হ'চ্ছে। যা হইবার তা অদ্যই হ'য়ে যাক্।

(রাজা, রাণী, লেয়ার্টিস্, সভাসদ্‌গণ,
অস্‌রিক্ ও অস্ত্রশস্ত্র লইয়া
অনুচরবর্গের প্রবেশ)।

রাজা। (লেয়ার্টিসের হস্ত গ্রহণ করিয়া)
হ্যাম্‌লেট্, এস মম পাশে ;
দিতেছি এ কর তব করে,
মিত্রতার স্রোত,
উভয়ের হৃদে যেন হয় বহমান।

(লেয়ার্টিসের করে হ্যাম্‌লেটের করস্থাপন)

হ্যাম্। (লেয়ার্টিসের প্রতি)
কর ভাই মার্জ্জনা আমায়।
বহু দোষে দোষী তব পদে,
নিজ গুণে মার্জ্জনা করিবে।
জান ভাই অদৃষ্ট আমার,
অতি হতভাগ্য আমি,
বহু ভোগ হ'য়েছে আমার।
সুশীল সুবোধ তুমি,
কিন্তু হায়! উন্মত্ততা মোর
ক'রেছে অনিষ্ট তব কত!
সে সবার করহ মার্জ্জনা।
হ্যাম্‌লেট্ কভু পারে অনিষ্ট সাধিতে
প্রাণাপেক্ষা প্রিয়তর লেয়ার্টিস্ প্রতি ?
হ্যাম্‌লেট্ কখন পারে না।

উন্মত্ততা কারণ ইহার,
নহে দোষী হ্যাম্‌লেট্‌ তব।
করি ভাই ঈশ্বর শপথ,
জ্ঞানে তব অনিষ্ট সাধিতে
কখন মনন ভাই করি নাই আমি।
চিরকাল দেব জ্ঞানে
পূজি তব গুণরাশি হৃদয়-নিলয়ে।
হ্যাম্‌লেট, লেয়ার্টিস প্রতি
কখন অন্যায় ভাই পারে না করিতে।
পুনঃ বলি,
উন্মত্ততা ইহার কারণ;
উন্মত্ততা আততায়ী মম।
বল ভাই, বল বন্ধু মোরে,
নাহি আর মম প্রতি রোষ ?

লেয়া। তব বাক্যে লভেছি সন্তোষ;
ভালবাসা বিনিময়ে লহ ভালবাসা।

হ্যাম্‌। এস মোরা করি আলিঙ্গন।
(অনুচরগণের প্রতি)
দেহ অস্ত্র আমাদের করে,
ভায়ে ভায়ে করি অসি-খেলা।

লেয়া। দেহ এক অস্ত্র মোরে।

হ্যাম্‌। সুনিপুণ অস্ত্রবিশারদ তুমি।

লেয়া। উপহাস করিছ আমায়।

হ্যাম্‌। ঈশ্বর শপথ
নহে উপহাস ইহা।

রাজা। দেহ অস্ত্র অস্রিক্ উভয়ের করে।
পুত্র হ্যাম্‌লেট,
জান তুমি উপহার কথা?

হ্যাম্‌। বেশ জানি মহারাজ।
কিন্তু দেব দুর্ব্বলের প্রতি
রাখিয়াছ বাজি, তাই সন্দ হয় মনে!

রাজা। নাহি ভয় মম,
জানি আমি উভয়েরে।

হোরে। এ অস্ত্র দুর্ব্বহ,
দেখি অন্য কোন অসি।

হ্যাম্‌। উপযুক্ত এ অসি আমার।

(উভয়ে অসি-ক্রীড়ায় উদ্যত।)

রাজা। আন পানপাত্র এই স্থলে।
হ্যাম্‌লেট্ যদি জয়ী হয়,
চারিদিকে কামানের ধ্বনি
করুক ঘোষণা
জয়বার্ত্তা গভীর নিক্বণে,
'মহারাজ করে পান কুমারের হেতু'।
কর অভিনয়,
দর্শকমণ্ডলী
ন্যায়রূপে করুন বিচার।

হ্যাম্‌। এস বন্ধু।

লেয়া। এস যুবরাজ।

(উভয়ের অসি-যুদ্ধ।)

হ্যাম্‌। আঘাতিনু একবার।

লেয়া। কই, না।

হ্যাম্‌। হউক বিচার তবে।

অস্‌। একবার হ'য়েছে আঘাত।

লেয়া। ভাল, তবে হ'ক্‌ পুনর্ব্বার।

রাজা। রহ ক্ষণকাল।

দাও মোরে করিবারে পান।

এই যে মুকুতামালা দেখ মম করে,

হ্যাম্‌লেট্‌ পাবে পুরস্কার।

দাও করি পান,

হ্যাম্‌লেটে দাও পাত্র ভরি।

(নেপথ্যে ভেরীরব ও কামাননির্ঘোষ।)

হ্যাম্‌। রাখ পাত্র ক্ষণকাল,

ক্রীড়া আগে সমাপ্ত হউক্‌।

(পুনর্ব্বার অসি-যুদ্ধ।)

অপর আঘাত দিনু এক।

কিবা বল তুমি ?

লেয়া। সামান্য পরশ মাত্র করি তা স্বীকার।

রাজা। পুত্র আমাদের হবে জয়ী।

রাণী। স্থূলকায় পুত্র মম,

দেখ স্বেদ্‌ হ'তেছে নির্গম,

দীর্ঘশ্বাস পড়িছে সঘনে।

এস হ্যাম্‌লেট্‌,
লহ রুমাল আমার,
মুছ তব সুন্দর বদন।
করি পান প্রাণাধিক
তোমার মঙ্গল হেতু।

হ্যাম। ভাল মাতা।

রাজা। মহিষি! ক'রনা পান।

রাণী ক্ষম মহারাজ!
পুত্রের মঙ্গল হেতু করিব এ পান।

(পানকরণ)

রাজা (স্বগতঃ) কি সর্ব্বনাশ!
বিষাক্ত যে পাত্র রেখেছিনু
তাহাই করিল পান রাণী।
নাহি আর উপায় ইহার।

হ্যাম্‌। যতক্ষণ নাহি হই জয়ী,
ততক্ষণ না করিব পান।

রাণী। সরে এস,
দিব মুছে বদন তোমার।

লেয়া। (জনান্তিকে)
মহারাজ!
এইবার আঘাতিব তারে।

রাজা সন্দেহ তাহায় হয়।

হ্যাম্‌। এইবার তৃতীয় সমর,
সাধ্যমত বীরপণা দেখাও এবার।

সন্দ হয় মনে,
এ ক্রীড়ায় হ'লে পরাজিত।

লেয়া। এ ধারণা তব ?
ভাল, এস এইবার।

(উভয়ের যুদ্ধ)।

অস্‌। কুমারের জয় হবে নাহিক সংশয়।

(লেয়ার্‌টিসের হ্যাম্‌লেটকে বিষাক্ত অসি আঘাত)।

(রণবিহ্বলে উভয়ের অস্ত্র বিনিময় ও সেই বিষাক্ত অসি দ্বারা হ্যাম্‌লেটের লেয়ার্‌টিস্‌কে আঘাত)।

রাজা। বিভিন্ন করহ উভে,
ক্রোধের সঞ্চার হইয়াছে উভয়ের।

হ্যাম্‌। না, এস পুনর্ব্বার।

(রাণীর পতন)।

অস্‌। অকস্মাৎ কি হ'ল রাণীর ?
দেখ সবে মহিষীরে।

(পরিচারিকাগণের শুশ্রূষা।)

হোরে। শোণিতের প্রবাহ বহিছে
উভয়ের অঙ্গ হ'তে।
কহ রাজপুত্র,
বিশেষ তো পাওনি আঘাত ?

অস্‌। তুমি বা কেমন লেয়ার্টিস্‌ ?

লেয়া। বিশ্বাসঘাতকতা
হয় মম মৃত্যুর কারণ।

হ্যাম্‌। কি ভাবে আছেন রাণী ?

রাজা। উভয়ের রক্তপাত হেরি,
মূর্চ্ছিত হলেন রাজ্ঞী।

রাণী। না, না, মিথ্যা কথা,
প্রাণাধিক পুত্র হ্যাম্লেট্,
করিয়াছি বিষপান।

(রাণীর মৃত্যু)।

হ্যাম্। অত্যাচার! কৃতঘ্নতা!!
দ্বার রোধ কর চারিধার,
কেবা অত্যাচারী,
অন্বেষণ কর চারিদিকে।

(লেয়ার্টিসের পতন।)

লেয়া। হের ক্ষত হ্যাম্লেট্।
তোমারও আসিতেছে কাল,
নাহি আর বিলম্ব তাহার।
নাহি কোন ঔষধ জগতে,
এ বিষের করে প্রতীকার।
অর্দ্ধ ঘণ্টা নাহিও তোমার,
আসে মহাকাল ঊর্দ্ধশ্বাসে।
কৃতঘ্ন কৃপাণ হয় কুমারের করে;
মম কৃতঘ্নতা হেতু,
সে কৃপাণ মোরেও নাশিল।
হের,
শুইয়াছি যেইখানে শুইব তথায়;
উঠিতে হবেনা আর জেনো সুনিশ্চয়।

হ্যাম্‌। এখনও অসিতে আছে বিষের প্রভাব,
রে বিষ! ক্ষমতা তোর কর্‌রে প্রকাশ।
(রাজার বক্ষে অস্ত্রাঘাত)।

সকলে। বিদ্রোহ! বিদ্রোহ!

রাজা। এখনও সকলে রক্ষ মোরে;
সামান্য আঘাত মাত্র ইহা।

হ্যাম্‌। রে পাপাত্মা নরাধম! বিশ্বাসঘাতক!!
হত্যাকারি! পুনরায় কর্‌ বিষপান।
(পুনর্ব্বার আঘাত।)
নহে তোর সম্বন্ধ হেথায়,
যারে পাপী জননীর সনে।
(রাজার মৃত্যু।)

লেয়া। উপযুক্ত প্রতিফল হ'য়েছে রাজার;
করেছিল স্বহস্তে প্রয়োগ
যেই বিষ, নিতে তব প্রাণ;
সেই বিষে নিজ প্রাণ উৎসর্গ করিল।
ক্ষম মোরে মহাত্মা হ্যাম্‌লেট্‌!
জনকের মৃত্যু কিম্বা আমার মরণ
নহে তোমা হ'তে ভাই,
আমিও তোমার নহি মৃত্যুর কারণ।
(লেয়ার্টিসের মৃত্যু)।

হ্যাম্‌। ঈশ্বর তোমায় ভাই করুন গ্রহণ।
আমিও যেতেছি তব পিছে;—
হোরেসিও হতভাগ্য বান্ধব আমার,

প্রিয় মিত্র চলিলাম আমি।
অভাগিনী রাণি,
তুমিও চলিলে, এস তবে !—
হোরেসিও,
পাংশুবর্ণ বদন তোমার,
কাঁপিতেছ ঘনঘন,
জেনেছি কারণ তব ;
ক'রেছ মনন,
মম সঙ্গ করিতে গমন।
করি অনুরোধ,
ত্যজ এই বাঞ্ছা বন্ধুবর,
ধর প্রাণ আমার কারণ।
জানাবে জগত-জনে
এ দৃশ্যের যথার্থ যে হেতু।

হোরে। না, না, বন্ধু প্রাণ আর পারিনা ধরিতে,
ডেনাপেক্ষা রোম-ভাব হৃদয়ে আমার ;
এখনও কতক বিষ পান পাত্রে হেরি,
পান করি যাই ভাই তোমার সহিত।
(বিষপাত্র পানোদ্যোগ।)

হ্যাম্। যদি থাকে মনুষ্যত্ব অন্তরে তোমার,
বিষ পাত্র দাও মোর করে।
(বিষ পাত্র লইয়া ভূমিতে নিক্ষেপ)
যা'ক্ বিষ, নাহি কায আর।
হোরেসিও, প্রাণের বান্ধব,

আজিকার এই অভিনয়ে
কত লোকে কত কথা বলিবে আমায়,
ধর প্রাণ আমার কারণ,
জানাইতে সাধারণে মরম ইহার।

(নেপথ্যে ভেরীরব ও কামান গর্জ্জন।)

কি কারণে রণরব হয় বহির্দ্দেশে ?

অস্‌। যুবা ফর্‌টিনব্রাস্‌,
পোলাণ্ড্‌ বিজয় করি হ'ন সমাগত,
সেই হেতু রণরব হতেছে কুমার।

হ্যাম্‌। হোরেসিও,
মৃত্যু মম হয় সন্নিকট।
মুহূর্ত্তে জীবন বাহিরিবে,
ইংলণ্ডের বার্ত্তা আর শুনিতে না রব।
ভবিষ্যৎ চক্ষে কিন্তু হেরি মিত্রবর,
ফর্টিন্‌ব্রাস্‌ হবে রাজা এদেশের।
দিও তাঁরে অন্তিমের আশীর্ব্বাদ মোর,
বল তাঁরে এ সবার প্রকৃত ঘটনা—
রসনা নীরস হ'ল,
দেহ মোরে অন্তিম বিদায়।

(হ্যাম্‌লেটের মৃত্যু)

(ফর্টিন্‌ব্রাস্‌, ইংরাজ রাজ-দূত ও সৈন্যগণ প্রভৃতির প্রবেশ।)

ফর্‌। একি দৃশ্য ভয়ঙ্কর !

হোরে। কি দেখিছ যুবরাজ ?

চাহিও না জানিতে কারণ,
বড়ই অদ্ভুত ইহা, বড় দুঃখময়।

ফর্‌। ওরে মহাকাল,
কাল নাম সার্থক হইল।
নাহি জানি কিবা ভোগ রাজত্বে তোমার,
মহামূল্য এতগুলি প্রাণ,
সেই হেতু কর আবাহন?

১ম রাজদূত। বড়ই ভীষণ দৃশ্য!
আসিয়াছি সবে ইংলণ্ড হইতে,
জানাইতে ডেন্‌-নৃপতিরে,
আজ্ঞা তাঁর হয়েছে পালন;
রোজেন্‌ক্রাঞ্জ্‌ গিল্ডন্‌ষ্টার্ন্‌ সহ,
গিয়াছেন শমন ভবনে।
এ বারতা হেতু,
কেবা দিবে ধন্যবাদ আমা সবাকারে?

হোরে। ভূপতির মুখ হ'তে ধন্যবাদ রব
উচ্চারিত নাহি হ'ত কভু,
যদি তাঁর থাকিত জীবন।
তাহাদের মৃত্যুর অনুজ্ঞা
কভু নাহি দিয়াছেন তিনি।
যাহা হ'ক কর সবে মৃতের সৎকার।
পরে আমি জানাব সবারে,
কিবা অত্যাচার কিবা নৃশংস আচার
ডেন্‌মার্ক সহ্য ক'রেছিল এতদিন।

ফর্‌। শুনিব সত্বরে সবে প্রকৃত ঘটনা।
নহে সুখে কিন্তু মহাদুঃখে
লব আমি এ রাজ্যের ভার।
যদিও এ রাজ্য এবে বর্ত্তিছে আমায়,
কিন্তু হায় ! জানেন ঈশ্বর,
নহে সুখে লইতেছি এ রাজ্যের ভার।

হোরে। কুমারের অন্তিম আশীর্ব্বাদ
জেনো যুবরাজ।
সকল ঘটনা
সৎকারের পর আমি জানাব সকলে।

ফর্‌। চারিজন সৈন্যাধ্যক্ষ এস এই দিকে।
লহ কুমারের মৃত দেহ,
সামরিক মতে
করহ সৎকার সবে।
অহো যদি থাকিত কুমার,
জগতের শ্রেষ্ঠ নরপতি
বলি, ইনি হ'তেন আখ্যাত।
সর্ব্বগুণে গুণাকর ছিলেন জগতে।
শীঘ্র করি মৃত দেহ করহ অন্তর,
আর এই দৃশ্য আমি পারিনা হেরিতে,
উচ্চৈঃস্বরে গাও সবে কুমারের জয়।
এই দৃশ্য উপযুক্ত সমর-প্রাঙ্গণে,

কিন্তু এই স্থানে

নহে ইহা নয়নের আনন্দবর্দ্ধন।

চল সবে ;

কহ দুর্গে কামান দাগিতে।

(সকলের প্রস্থান ও নেপথ্যে রণবাদ্য ও কামান গর্জ্জন।)

সমাপ্ত।

PRINTED BY BENI MADHAB CHAKRABARTI
AT THE SCHOOL-BOOK PRESS ; 66, BEADON STREET.
CALCUTTA.